
একটানা গৎবাঁধা মুখস্থের গণ্ডি থেকে বের হয়ে
বুঝে বুঝে পড়া মনে রাখার সৃজনশীল সমাহার
টেক্কা
বিরচনে হোক সহজ বিচরণ
বাগধারা ও প্রবাদ-প্রবচন
বিপরীতার্থক শব্দ
শব্দার্থ
এক কথায় প্রকাশ
প্রায় সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ
সমার্থক শব্দ
পারিভাষিক শব্দ
অনুবাদ
এফ. এম. শাহরিয়ার ফিরোজ (শাওন)
MARKER PUBLICATIONS
Shawon's Bangla
JOIN OUR GROUP ON
facebook
Shawon's Bangla
Subscribe Our
Youtube Channel

# সমার্থক শব্দ / প্রতিশব্দ

সমার্থক বলতে সমান অর্থকে বুঝায়। অর্থাৎ সমার্থক শব্দ বা প্রতিশব্দ হলো অনুরূপ বা সম অর্থবোধক শব্দ। যে শব্দ অন্য কোনো শব্দের একই অর্থ কিংবা প্রায় সমান অর্থ প্রকাশ করে তাকে **সমার্থক শব্দ** বলা হয়। সমার্থক শব্দের একটিকে অন্যটির **প্রতিশব্দ** বলা হয়। ইংরেজিতে যাকে বলা হয় Synonym.

**সমার্থক শব্দের গুরুত্ব ও প্রয়োজনীয়তা:**

মনের ভাব যথাযথভাবে প্রকাশ করতে হলে আমাদের অবশ্যই সমার্থক শব্দ ব্যবহার করতে হবে। তাই সমার্থক বা প্রতিশব্দের ব্যবহারের গুরুত্ব ও প্রয়োজনীয়তা রয়েছে।

- প্রতিশব্দ বা সমার্থক শব্দ বাংলা শব্দভান্ডারকে সমৃদ্ধ করে।
- গুরুচণ্ডালি দোষমুক্তির প্রয়োজনে সমার্থক শব্দভান্ডার সমৃদ্ধ হওয়া প্রয়োজন।
- গাম্ভীর্যপূর্ণ বক্তব্য প্রদান-যথাযথ প্রতিশব্দ বা সমার্থক ছাড়া সম্ভব নয়।
- মনের ভাব প্রকাশের কাজকে সহজ করে দেয়।
- ভাষাশৈলীর অবয়ব গঠনকে বলিষ্ঠ করে।
- বাক্য বিন্যাসের ক্ষেত্রে মাধুর্য আনয়ন করে।
- সৃজনশীল সাহিত্য সৃষ্টি করে।
- প্রতিশব্দ ভাষার সৌন্দর্য ও নান্দনিকতার প্রাণ।
- কবিতার উপমা, শব্দ চয়ন ও ভাষার আতিশয্যে গাম্ভীর্যের বিকাশ ঘটায়।
- মননশীল সাহিত্য সৃষ্টি ও আধুনিক ধারা বিকাশে সহায়ক।

## সমার্থক শব্দে পারদর্শী হওয়ার কার্যকরী উপায়

সমার্থক শব্দ পড়তে গিয়ে বেশিরভাগ শিক্ষার্থী যে সমস্যার সম্মুখীন হয় তা হচ্ছে শত শত শব্দ মনে রাখা। একে তো গুরুত্বপূর্ণ মূল সমার্থক শব্দই আছে কত কত! তার ওপর সেই মূল শব্দগুলোর প্রতিটিরই রয়েছে আবার ১০-১২টি করে প্রতিশব্দ। এগুলো দেখেই শিক্ষার্থীরা সমার্থক শব্দ পড়ার আগ্রহ হারিয়ে ফেলে। সমার্থক শব্দে ভালো দক্ষতার জন্য বাংলা ভাষার শব্দ গঠন প্রক্রিয়ার ওপর দখলদারিত্ব থাকা প্রয়োজন।

শব্দগঠন প্রক্রিয়া সম্পর্কে যার ধারণা যত পরিষ্কার সমার্থক শব্দ মনে রাখা বা নির্ভুল ভাবে বের করা তার জন্য তত সহজ। যেমন: **'পানি' শব্দের সমার্থক শব্দ অম্বু, নীর, তোয়, পয় ইত্যাদি। এখন ভাবুন তো পানি ধরে রাখে কে? উত্তর: মেঘ। তাই পানি শব্দের সমার্থক শব্দগুলোর শেষে 'ধর' যোগ করে দিলেই তা 'মেঘ' শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে। অর্থাৎ অম্বুধর, নীরধর, তোয়ধর, পয়ধর ইত্যাদি 'মেঘ' শব্দের সমার্থক শব্দ।** এখন মেঘ থেকে তো পানি পড়ল। কিন্তু পড়ে থাকবে কোথায়? মেঘ থেকে বৃষ্টির আকারে পানি পড়ে নদী, নালা, খাল, বিল দিয়ে গিয়ে ঠাঁই নেয় সমুদ্রে। তার মানে পানির শেষ আশ্রয়স্থল হচ্ছে সমুদ্র। এখন 'নিধি' শব্দের অর্থ হচ্ছে আশ্রয়স্থল। **সুতরাং পানি শব্দের সমার্থক শব্দগুলোর শেষে 'নিধি' যোগ করে দিলেই তা 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে। অর্থাৎ অম্বুনিধি, নীরনিধি, তোয়নিধি, পয়নিধি ইত্যাদি 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ।**

যদিও অনেক বইতে দেখা যায় কোনো একটা মূল শব্দের সকল সমার্থক শব্দ নিয়ে গল্প বানিয়ে মুখস্থ করার উপায় দেওয়া থাকে। সমার্থক শব্দ মুখস্থ করার ক্ষেত্রে এই পদ্ধতিটা ব্যক্তিগতভাবে আমার পছন্দ নয়। কারণ ধরেন চাঁদ, সূর্য, ময়ূর, নদী, বন, সাপ, পৃথিবী, পাহাড় ইত্যাদি ইত্যাদি – এরকম ১০০ শব্দের সমার্থক শব্দ মুখস্থ করতে হবে। তার মানে শুধু সমার্থক শব্দের জন্যই আলাদা করে ১০০ গল্প পড়তে হবে। পাগল হওয়া ছাড়া অন্য কোনো উপায় থাকবে না তাহলে। এক্ষেত্রে আমার পরামর্শ একটাই। আর তা হচ্ছে প্রচুর পরিমাণে প্র্যাকটিস করতে হবে। বার বার অনুশীলন করা ছাড়া শব্দগুলো আয়ত্ত্বে আনা আসলেই অনেক কষ্টের কাজ। তবে যেসব সমার্থক শব্দের মধ্যে আন্তঃসম্পর্ক বিদ্যমান (ওপরে উল্লিখিত পানি, মেঘ ও সমুদ্রের মতো) সেসব সমার্থক শব্দের ক্ষেত্রে কিছু কৌশল অবলম্বন করে তা আয়ত্ত্বে আনা যেতে পারে।

# অধিক অধিক গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ

| ১. আলো | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| আলোক, কিরণ, অংশু, অংশুমালা, কর, দীপ্তি, প্রভা, রশ্মি, জ্যোতি, আভা, বিভা, ময়ূখ, দ্যুতি, ভাতি, রওশন। | ভাস, উদ্ভাস, চাকচিক্য, ঔজ্জ্বল্য, জেল্লা, জৌলুস, প্রদীপ্ত, নূর, বসু। |

| ২. সূর্য | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| আদিত্য, আফতাব, মিহির, অরুণ, অর্ক, তপন, সৌর, সবিতা, ভানু, প্রভাকর, দিবাকর, বিভাকর, ভাস্কর, কিরণমালী, মার্তণ্ড, দিনেশ, দিনপতি, ময়ূখমালী, দিনকর, রবি, বালার্ক, অর্যমা। | দিনমণি, দিননাথ, উষাপতি, অংশুমালী, অংশুমান, পূষা, পূষণ, বিবস্বান, দিবাবসু, বিভাবসু, সুতপা, হরিদশ্ব। |

**মনে রাখার টেকনিক**

১. **ময়ূখমালী, অংশুমালী, কিরণমালী:** ময়ূখ, অংশু, কিরণ – শব্দগুলোর অর্থ আলো। 'মালী' দ্বারা বোঝায় নিয়োজিত কাউকে। তাহলে দেখুন 'আলো' দেওয়ার কাজে নিয়োজিত কে? উত্তর: সূর্য। তাই ময়ূখমালী, অংশুমালী, কিরণমালী দ্বারা বোঝায় 'সূর্য'।

২. **প্রভাকর, বিভাকর, ভাস্কর:** 'আলো' শব্দের সমার্থক শব্দ – প্রভা, বিভা, ভাস। তাহলে 'আলো' করে কে? উত্তর: সূর্য। তাই প্রভাকর, বিভাকর হচ্ছে 'সূর্য' শব্দের সমার্থক শব্দ।

৩. **দিবাকর, দিনকর:** 'দিবা' শব্দের অর্থ – দিন। তাহলে 'দিন' করে কে? উত্তর: সূর্য। তাই দিবাকর, দিনকর হচ্ছে 'সূর্য' শব্দের সমার্থক শব্দ।

৪. **দিনমণি:** যাকে কেন্দ্র করে কোনো কিছু হয় আমরা তাকে বলি 'মধ্যমণি'। সে হিসেবে 'সূর্য'কে কেন্দ্র করেই তো দিন হয় তাই 'দিনমণি' দ্বারা বোঝানো হয় সূর্যকে।

৫. **দিনপতি, উষাপতি:** 'উষা' হচ্ছে সূর্য ওঠার পূর্ব মুহূর্ত আর 'পতি' শব্দের অনেকগুলো অর্থের মধ্যে একটি হচ্ছে পরিচালক। তাই দিন পরিচালনাকারী বা সূর্য ওঠার পূর্ব মুহূর্ত পরিচালনাকারী বোঝাতে সূর্যের সমার্থক শব্দ হয় 'দিনপতি' বা 'উষাপতি'।

৬. **দিননাথ:** 'নাথ' শব্দের অর্থ পালনকারী। তাই 'দিননাথ' দ্বারা বোঝায় দিন পালনকারী অর্থাৎ সূর্যকে।

৭. **দিনেশ:** 'দিনেশ' শব্দের সন্ধি বিচ্ছেদ – দিন + ঈশ। 'ঈশ' দ্বারা বোঝানো হয় ঈশ্বর যিনি সর্ব শক্তিমান। তাই দিনের বেলায় সর্বশক্তিমান বোঝাতে 'দিনেশ' দ্বারা বোঝায় দিনের ঈশ্বর অর্থাৎ সূর্যকে।

৮. **বালার্ক:** 'বালার্ক' শব্দের সন্ধি বিচ্ছেদ – বাল + অর্ক। 'বাল' শব্দের অর্থ শিশু আর 'অর্ক' শব্দের অর্থ সূর্য। তাই 'বালার্ক' দ্বারা বোঝায় সকালের নবোদিত সূর্যকে।

৯. **হরিদশ্ব:** 'হরিদশ্ব' শব্দের সন্ধি বিচ্ছেদ – হরিৎ + অশ্ব। 'হরিৎ' শব্দের অর্থ সবুজ আর 'অশ্ব' শব্দের অর্থ ঘোড়া। পুরাণ অনুসারে সবুজ ঘোড়ায় টানা রথে চড়েন বলে 'সূর্য'কে বলা হয় 'হরিদশ্ব'।

১০. **অংশুমান:** 'অংশুমান' শব্দে 'মান' বসেছে প্রত্যয় হিসেবে। 'মান' প্রত্যয় ব্যবহৃত হয় 'বিদ্যমানতা' অর্থ বোঝাতে। যেমন: 'বুদ্ধিমান' দ্বারা বোঝায় যার মধ্যে বুদ্ধি বিদ্যমান, 'শক্তিমান' দ্বারা বোঝায় যার মধ্যে শক্তি বিদ্যমান। একইভাবে 'অংশুমান' দ্বারা বোঝায় যার মধ্যে অংশু মানে আলো বিদ্যমান অর্থাৎ সূর্যকে।

১১. ওপরের টেকনিকগুলো ছাড়া 'সূর্য' শব্দের বাকি যে সমার্থক শব্দগুলো রয়েছে তা খুবই সহজ, কমন ও মোটামুটি সকলেরই জানা। যেমন: আদিত্য, আফতাব, মিহির, অরুণ, অর্ক, তপন, সৌর, সবিতা, ভানু, মার্তণ্ড, পূষা, পূষণ, বিবস্বান, রবি, দিবাবসু, বিভাবসু। এগুলো কয়েকবার করে রিডিং পড়লেই মনে থাকবে আশা করি।

## ৩. চাঁদ

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| চন্দ্র, সুধাকর, শশী, শশধর, শশাঙ্ক, দ্বিজরাজ, হিমাংশু, সুধাংশু, সোম, নিশাপতি, নিশাকর, নিশানাথ, ইন্দু, বিধু, মৃগাঙ্ক, রাকেশ | চন্দ্রমা, দ্বিজপতি, নিশাকান্ত, সিতাংশু, শীতাংশু, তারাপতি, তারানাথ, সুধানিধি, কলাধর, সিতকর, রজনিকান্ত, কলানিধি। |

**মনে রাখার টেকনিক**

১. **নিশাকর:** 'নিশা' শব্দের অর্থ – রাত আর 'কর' শব্দের অনেকগুলো অর্থের মধ্যে একটি হচ্ছে কিরণ বা আলো। তাহলে দেখুন রাতে আলো দেয় কে? উত্তর: চাঁদ। তাই 'চাঁদ' শব্দের সমার্থক শব্দ 'নিশাকর'।

২. **নিশানাথ, নিশাপতি, নিশাকান্ত, রজনিকান্ত:** 'নাথ', 'পতি' বা 'কান্ত' শব্দের অর্থ অধিপতি বা পরিচালক। তাহলে 'দিন' পরিচালনাকারী বোঝাতে 'দিননাথ' বা 'দিনপতি' দ্বারা যেমন সূর্যকে বোঝায় তেমনি 'রাত' পরিচালনাকারী বোঝাতে নিশানাথ, নিশাপতি, নিশাকান্ত বা রজনিকান্ত দ্বারা চাঁদকে বোঝায়।

৩. **তারানাথ, তারাপতি:** 'নাথ' বা 'পতি' শব্দের অর্থ পালনকারী বা পরিচালক। চাঁদ আকাশে একটি প্রধান তারা বা উজ্জ্বল বস্তু। তাই 'তারানাথ' বা 'তারাপতি' দ্বারা চাঁদকে বোঝায়।

৪. **হিমাংশু, শীতাংশু:** হিমাংশু = হিম + অংশু আর শীতাংশু = শীত + অংশু। 'হিম' বা 'শীত' শব্দের দ্বারা বোঝায় 'ঠান্ডা' অবস্থাকে। আর 'অংশু' শব্দের অর্থ কিরণ বা আলো। দিনের বেলা সূর্যের আলোটা অনেক গরম থাকে। কিন্তু রাতের বেলা চাঁদের আলোয় ঠান্ডা ভাব থাকে বলে 'হিমাংশু' বা 'শীতাংশু' দ্বারা চাঁদকে বোঝায়।

৫. **সুধাকর, সুধানিধি, সুধাংশু:** 'সুধা' শব্দের অর্থ জ্যোৎস্না। তাহলে সুধা (জ্যোৎস্না) করে যে = সুধাকর (চাঁদ)। 'নিধি' শব্দের অর্থ 'আশ্রয়স্থল'। তাহলে সুধার (জ্যোৎস্নার) নিধি = সুধানিধি (চাঁদ)। আর 'অংশু' শব্দের অর্থ কিরণ বা আলো। তাহলে দেখুন জ্যোৎস্নার আলো আসে কোথা থেকে? উত্তর: চাঁদ থেকে। তাই 'সুধাংশু' দ্বারা চাঁদকে বোঝায়।

৬. **রাকেশ:** 'রাকেশ' শব্দের সন্ধি বিচ্ছেদ – রাকা + ঈশ। 'ঈশ' দ্বারা বোঝানো হয় ঈশ্বর যিনি সর্ব শক্তিমান। তাই দিনের বেলায় সর্বশক্তিমান বোঝাতে 'দিনেশ' দ্বারা যেমনি বোঝায় দিনের ঈশ্বর অর্থাৎ সূর্যকে তেমনি রাতের বেলায় সর্বশক্তিমান বোঝাতে 'রাকেশ' দ্বারা বোঝায় রাতের ঈশ্বর অর্থাৎ চাঁদকে।



৭. **শশী, শশাঙ্ক, শশধর:** 'শশ' শব্দের অর্থ খরগোশ। এখন কথা হচ্ছে খরগোশের সাথে চাঁদের সম্পর্ক কোথায়? উত্তর: চাঁদ থেকে। চন্দ্রপৃষ্ঠের ভূমিরূপকে পৃথিবী থেকে খালি চোখে খরগোশ বা শশকের মতো দেখায়। তাই শশক-ধারক রূপে কল্পনা করে চাঁদ বা চন্দ্রকে শশধর, শশী শশাঙ্ক প্রভৃতি নাম দেওয়া হয়েছে।

৮. **মৃগাঙ্ক:** 'মৃগাঙ্ক' শব্দের সন্ধি বিচ্ছেদ – মৃগ + অঙ্ক। 'মৃগ' মানে হরিণ আর 'অঙ্ক' শব্দের অর্থ কোল। চাঁদের কলঙ্ক বলে আমরা যেটা জানি সেটা দেখতে অনেকটা ছুটন্ত হরিণের মতো। তাই 'চাঁদ' বোঝাতে বলা হয় মৃগ অঙ্কে যাহার = মৃগাঙ্ক।

৯. **কলাধর, কলানিধি, কলাভৃৎ:** 'কলা' শব্দের অনেকগুলো অর্থের মধ্যে একটি হচ্ছে ছলচাতুরী। ক্ষণে ক্ষণে চাঁদের রূপ পরিবর্তনের জন্য 'কলা' শব্দের সাথে ধর / নিধি / ভৃৎ যোগ করলে চাঁদের সমার্থক শব্দ হিসেবে কলাধর, কলানিধি বা কলাভৃৎ শব্দের উৎপত্তি হয়েছে।

## ৪. জ্যোৎস্না

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| চন্দ্রিকা, চন্দ্রপ্রভা, চাঁদনি, কৌমুদী, শশিকর। | সুধা, চন্দ্রসুধা, চন্দ্রিমা, চন্দ্রাংশু, চন্দ্রকর, চন্দ্রাতপ, চন্দ্রকিরণ। |

**মনে রাখার টেকনিক**

১. চাঁদ / চন্দ্র থেকেই জ্যোৎস্নার উৎপত্তি। তাই চাঁদ / চন্দ্র + অতিরিক্ত শব্দ = জ্যোৎস্না।

২. **শশিকর:** 'শশী' অর্থ চাঁদ আর 'কর' অর্থ আলো বা কিরণ। সুতরাং 'শশিকর' দ্বারা চাঁদের আলো বা জ্যোৎস্না বোঝায়।

## ৫. আগুন

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| অনল, বহ্নি, পাবক, কৃশানু, হুতাশন, বায়ুসখা, দহন, সর্বশুচি, সর্বভুক, অগ্নি, শিখা। | বৈশ্বানর, জগন্নু, হোমাগ্নি, জ্বলন, শিখিন, শিখবৎ, পিঙ্গল, বিশ্বপা, সপ্তাংশু, আতশ, পবমান, বীতিহোত্র। |

**মনে রাখার টেকনিক**

১. **সর্বভুক:** আগুন সবকিছু ভোগ করে বলে আগুনকে বলা হয় 'সর্বভুক'।

২. **সর্বশুচি:** 'শুচি' শব্দের অর্থ শুদ্ধ বা নির্মল। আগুনে পুড়িয়ে বিভিন্ন বস্তুর ময়লা পরিষ্কার করে তা শুদ্ধ করা হয় বলে 'সর্বশুচি' দ্বারা আগুন বোঝায়।

৩. **বায়ুসখা:** 'সখা' দ্বারা বোঝানো হচ্ছে বন্ধু। বাতাস তথা বাতাসের অক্সিজেন ছাড়া আগুন জ্বলে না। তাই বাতাস হচ্ছে আগুনের পরম বন্ধু। সে হিসেবে 'বায়ুসখা' হচ্ছে আগুনের সমার্থক শব্দ।

## ৬. বাতাস

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| বায়ু, বাত, হাওয়া, পবন, গন্ধবহ, সমীর, সমীরণ, অনিল, প্রভঞ্জন, মরুত, মারুত। | বা, বায়, শব্দবহ, আশুগ, পবমান, সদাগতি, অগ্নিসখ, বহ্নিসখ, জগতায়ু, মাতরিশ্বা। |

**মনে রাখার টেকনিক**

১. **অগ্নিসখ, বহ্নিসখ:** 'সখ' দ্বারা বোঝানো হচ্ছে বন্ধু। বাতাস তথা বাতাসের অক্সিজেন ছাড়া আগুন জ্বলে না। তাই বাতাস হচ্ছে আগুনের পরম বন্ধু। সে হিসেবে 'অগ্নিসখ' বা 'বহ্নিসখ' হচ্ছে বাতাসের সমার্থক শব্দ।

২. **গন্ধবহ, শব্দবহ:** বাতাস গন্ধ ও শব্দ এক জায়গা থেকে অন্য জায়গায় বহন করে নিয়ে যায় বলে 'গন্ধবহ' ও 'শব্দবহ' দ্বারা বাতাস বোঝানো হয়।

## ৭. পদ্ম

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| কমল, উৎপল, পঙ্কজ, কুমুদ, অরবিন্দ, পুষ্কর, পুণ্ডরীক, রাজীব, শতদল, নলিন, নলিনী, সরোজ, সরসিজ, সরোরুহ, কোকনদ। | কুমুদী, কৈরব, কুবল, কুবেল, কুবলয়, অম্ভোজ, কঞ্জ, তামরস, শ্রীপর্ণ, নীরজ, বিসজ, রাত্রিহাস, কুশেশয়, শশিকান্ত, ইন্দিরালয় |

## ৮. হাতি

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| গজ, নগজ, হস্তী, করী, দ্বিপ, বারণ, মাতঙ্গ, কুঞ্জর, দ্বিরদ, ইরম্মদ, ঐরাবত। | দন্তী, দন্তাবল, দ্রুমারি, ক্ষুদ্রাক্ষ, করেণু, পিল, রদী, রদনী, কুনকি। |

**মনে রাখার টেকনিক**

১. **দ্বিরদ:** 'রদ' শব্দের অর্থ দাঁত। শুঁড়ের দুই পাশ দিয়ে বৃহদাকার দুটি দাঁত থাকে বলে হাতিকে বলা হয় 'দ্বিরদ'।

২. **দন্তাবল:** 'দন্ত' দ্বারা দাঁত আর 'বল' দ্বারা শক্তি বোঝায়। হাতির দাঁত প্রচণ্ড শক্ত ও বৃহদাকার বলে সামনে থাকা শত্রুকে সে দাঁত দিয়েই আক্রমণ করে। দাঁতই তার শক্তি বা বলের উৎস বলে হাতিকে বলা হয় 'দন্তাবল'।

৩. **ক্ষুদ্রাক্ষ:** 'ক্ষুদ্রাক্ষ' শব্দের সন্ধিবিচ্ছেদ ক্ষুদ্র + অক্ষ। 'অক্ষ' শব্দের অর্থ চোখ। হাতির বিশাল শরীরের তুলনায় তার চোখ অনেক ছোটো বলেই হাতিকে বলা হয় 'ক্ষুদ্রাক্ষ'।

৪. **দ্রুমারি:** 'দ্রুম' শব্দের অর্থ গাছ। দ্রুম মারে যে – এই অর্থে হাতিকে বলা হয় 'দ্রুমারি'। প্রচণ্ড দৈহিক শক্তির কারণে মাথা দিয়ে ধাক্কা দিয়ে শক্ত-পোক্ত অনেক গাছও অনায়াসে ফেলে দিতে পারে বলেই হাতির এই নাম।

| ৯. পাখি | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| বিহগ, বিহঙ্গ, খগ, গরুড়, শকুন্ত, পক্ষী, পক্ষধর, খেচর। | বিহঙ্গম, খগম, অণ্ডজ, পতগ, পতত্রী, পত্রী, পতত্রি, চিড়িয়া, দ্বিজ, পাখপাখালি। |

**মনে রাখার টেকনিক**

১. **খেচর:** 'খ' শব্দের অর্থ আকাশ। আর আকাশে চরে বেড়ায় বলে 'খেচর' দ্বারা বোঝানো হয় পাখিকে।

২. **পক্ষী, পক্ষধর:** 'পক্ষ' শব্দের অর্থ ডানা বা পাখা। পক্ষী শব্দের বিশ্লেষণ হচ্ছে – পক্ষ + ইন। মূল শব্দের সাথে 'ইন' প্রত্যয় যুক্ত হলে মূল শব্দে একটা ঈ-কার বসে। যেমন: পক্ষী (পক্ষ + ইন), শ্রমী (√ শ্রম&+ ইন), পল্লবী (পল্লব + ইন) ইত্যাদি। এখন মনে রাখতে হবে 'ইন' প্রত্যয় যুক্ত হয় 'আছে' অর্থ বোঝানোর জন্য। তার মানে পক্ষী দ্বারা বোঝায় যার পাখা আছে তাকে অর্থাৎ পাখিকে। একই কারণে পক্ষ বা পাখা আছে বলে পাখিকে 'পক্ষধর'ও বলা হয়।

৩. **অণ্ডজ:** 'অণ্ড' শব্দের অর্থ ডিম। আর 'জ' দ্বারা বোঝায় জন্মগ্রহণকারী। যেমন: পঙ্কজ – মানে পঙ্কে জন্মে যা, জলজ – জলে জন্মে যা ইত্যাদি। সুতরাং 'অণ্ড' বা ডিম থেকে জন্মগ্রহণ করে বলে 'অণ্ডজ' দ্বারা বোঝানো হয় পাখিকে।

| ১০. কোকিল | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| অন্যপুষ্ট, পরপুষ্ট, কাকপুষ্ট, কলকণ্ঠ, পরভৃত, অন্যভৃত, পিক। | বসন্তদূত, মধুসখা, মধুস্বর, কুহুমন্দ্র, কোয়েলিয়া, কলঘোষ। |

**মনে রাখার টেকনিক**

১. **অন্যপুষ্ট, পরপুষ্ট, কাকপুষ্ট:** 'পুষ্ট' শব্দের অর্থ পালিত। অন্য পাখিদের মতো কোকিলের বাসা বাঁধবার কোনো রকমের প্রবণতা দেখা যায় না। ডিমে তা দেওয়া বা ডিম ফুটে বাচ্চা বের হলে খাবার জোগাড় করে আনা, এ তো মায়ের কাজ। কিন্তু স্ত্রী কোকিলের এমন কাজে আগ্রহ নেই। তাই স্ত্রী কোকিল ডিম পাড়ার আগে দেখে নেয় কোন কাকের বাসায় সদ্য ডিম পাড়া হয়েছে। পরে সে অবস্থা বুঝে কাকের বাসায় ডিম পাড়ে।



২. **অন্যভৃত, পরভৃত:** 'ভৃত' শব্দের অর্থও পালিত। কোকিলের নবজাতক বাচ্চা অন্য পাখি (কাক) দ্বারা প্রতিপালিত হয় বলে কোকিলকে বলা হয় 'অন্যভৃত' বা 'পরভৃত'।

৩. **বসন্তদূত:** বসন্ত মাস এলেই কোকিলের ডাক বেশি শোনা যায়। তাই বসন্তের দূত বা AvnŸvqK হিসেবে কোকিলকে বলা হয় 'বসন্তদূত'।

৪. **কুহুমন্দ্র:** 'মন্দ্র' শব্দের অর্থ আওয়াজ বা শব্দ। কোকিল যখন ডাকে তখন যে আওয়াজটা হয় তা শুনতে অনেকটা 'কুহু কুহু' ধ্বনির মতো। তাই 'বসন্তদূত' দ্বারা কোকিলকে বোঝানো হয়।

৫. **কলকণ্ঠ, কলঘোষ:** 'ঘোষ' শব্দের অর্থ আওয়াজ বা শব্দ। কোকিলের ডাক বা আওয়াজ অনেক শ্রুতিমধুর বলে 'কলকণ্ঠ' বা 'কলঘোষ' দ্বারা কোকিলকে বোঝানো হয়।

৬. **মধুসখা, মধুস্বর:** 'সখা' দ্বারা বোঝায় সহচর, যে কখনো আলাদা হয় না। কোকিলের ডাক তো আর কখনো কোকিলের থেকে আলাদা হয় না। কোকিলের ডাক বা স্বর রূপক অর্থে মধুর মতো মিষ্টি বলে 'মধুসখা' বা 'মধুস্বর' দ্বারা কোকিলকে বোঝানো হয়।

| ১১. কাক | ১২. কবুতর | ১৩. ময়ূর |
|---|---|---|
| গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ | গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ | গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ |
| বায়স, পরভৃৎ। | কপোত, নোটন, লোটন, পায়রা, পারাবত। | কলাপী, কেকী, শিখী, শিখণ্ডী, বর্হী, বর্হিণ। |

| ১৪. বৃক্ষ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| দ্রুম, পাদপ, উদ্ভিদ, অটবি, বিটপী। | তরু, শাখী, মহিরুহ, ক্ষিতিরুহ, পর্ণী, পত্রী, গাছপালা, পল্লবী। |

**মনে রাখার টেকনিক**

১. **পাদপ:** 'পাদ' শব্দের অর্থ পা। আর 'প' শব্দের দুটি অর্থ আছে। প্রথমটি হচ্ছে পালনকারী (যেমন: গোপ অর্থাৎ গোরু পালনকারী বা রাখাল), দ্বিতীয়টি হচ্ছে পানকারী (যেমন: মধুপ অর্থাৎ মধু পানকারী বা মৌমাছি)। এবার ভাবুন 'পাদ' শব্দের সাথে 'প' এর কোন অর্থটা সঙ্গতিপূর্ণ। পা পালনকারী তো আর হয় না; তাই পা দিয়ে পানকারী হবে। এখন পা দিয়ে পান করে কে? উত্তর: বৃক্ষ তার পা (মূল) দিয়ে মাটি থেকে পানি পান করে বিধায় বৃক্ষকে বলা হয় 'পাদপ'।

২. **মহিরুহ, ক্ষিতিরুহ:** 'মহি' বা 'ক্ষিতি' শব্দের অর্থ পৃথিবী আর 'রুহ' অর্থ প্রাণ। বৃক্ষকে পৃথিবীর প্রাণ বলা হয় কারণ বৃক্ষই বায়ুমণ্ডলে অক্সিজেন সরবরাহ করে বসবাসের যোগ্য করে গড়ে তোলে। আবার সূর্যের প্রচণ্ড তাপে উত্তপ্ত পৃথিবীকে বৃক্ষই ছায়া দিয়ে শীতল করে। তাই 'মহিরুহ' বা 'ক্ষিতিরুহ' দ্বারা বৃক্ষকে বোঝানো হয়।

৩. **পর্ণী, পল্লবী, বিটপী:** 'পর্ণ', 'পল্লব' ও 'বিটপ' তৎসম শব্দ যার অর্থ পাতা। আর শব্দগুলোর শেষের ঈ-কার হচ্ছে মূলত 'ইন' প্রত্যয়ের রূপ। মানে শব্দ গঠনে মূল শব্দের সাথে 'ইন' প্রত্যয় যুক্ত হলে মূল শব্দে একটা ঈ-কার বসে। যেমন: পক্ষী (পক্ষ + ইন), শ্রমী (√ শ্রম্‌+ ইন), দায়ী (√ দা + ইন), স্থায়ী (√ স্থা + ইন) ইত্যাদি। এখন মনে রাখতে হবে 'ইন' প্রত্যয় যুক্ত হয় 'আছে' অর্থ বোঝানোর জন্য। তার মানে 'পর্ণী', 'পল্লবী' ও 'বিটপী' দ্বারা বোঝায় পাতা আছে এমন কিছু। আর পাতা আছে এমন কিছু বলতে আমরা বৃক্ষকেই বুঝি।

| ১৫. পানি | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| নীর, অম্বু, অম্ভ, বারি, সলিল, উদ, উদক, প্রাণদ, তামর। | জল, বারুণ, পয়ঃ, তোয়, অপ, ইরা, ইলা, পুষ্কর, শম্বর। |

| ১৬. মেঘ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| বারিদ, অভ্র, জলদ, জলধর, পয়োদ, পয়োধর, নীরদ, নীরধর, তোয়দ, তোয়ধর, অম্বুদ, অম্বুধর, জীমূত, কাদম্বিনী, বলাহক। | বারিবাহ, বারিমুক, ঘন, অম্বুবাহ, অম্বুবাহী, পুষ্কর, মাহতাব। |

**মনে রাখার টেকনিক**

১. **বারিদ, তোয়দ, পয়োদ, জলদ, নীরদ, অম্বুদ:** 'পানি'র সমার্থক শব্দ হচ্ছে – বারি, তোয়, পয়ঃ, জল, নীর, অম্বু। আর 'দ' শব্দের অর্থ দানকারী। যেমন: জল দেয় যে = জলদ, বল দেয় যে = বলদ ইত্যাদি। এবার ভাবুন 'পানি' দান করে কে? উত্তর: মেঘ আমাদের পানি দান করে। তাই 'পানি' শব্দের সমার্থক শব্দগুলোর সাথে 'দ' যোগ করে দিলেই তা মেঘের সমার্থক শব্দ হয়ে যাবে। সুতরাং বারিদ, তোয়দ, পয়োদ, জলদ, নীরদ, অম্বুদ – এগুলো দ্বারা বোঝায় মেঘ।

২. **তোয়ধর, পয়োধর, জলধর, নীরধর, অম্বুধর:** 'পানি'র সমার্থক শব্দ হচ্ছে – তোয়, পয়ঃ, জল, নীর, অম্বু। আর 'ধর' শব্দের অর্থ ধারণকারী। যেমন: জল ধারণ যে = জলধর। এবার ভাবুন 'পানি' ধারণ করে বা ধরে রাখে কে? উত্তর: মেঘ। তাই 'পানি' শব্দের সমার্থক শব্দগুলোর সাথে 'ধর' যোগ করে দিলেই তা মেঘের সমার্থক শব্দ হয়ে যাবে। সুতরাং তোয়ধর, পয়োধর, জলধর, নীরধর, অম্বুধর – এগুলো দ্বারা বোঝায় মেঘ। [ব্যতিক্রম: 'বারি' শব্দের অর্থ পানি। সে হিসেবে 'বারিধর' দ্বারা মেঘ বোঝানোর কথা। কিন্তু 'বারিধর' দ্বারা বোঝায় সমুদ্র।]

৩. **অম্বুবাহী, অম্বুবাহ, বারিবাহ:** অম্বু বা বারি হচ্ছে 'পানি'র সমার্থক শব্দ। আর 'বাহ' বা 'বাহী' দ্বারা বোঝানো হচ্ছে বহনকারী। তাহলে লক্ষ করুন 'পানি' বহন করে নিয়ে যায় কে? উত্তর: মেঘ। তাই অম্বুবাহী, অম্বুবাহ, বারিবাহ – দ্বারা বোঝায় মেঘ।

| ১৭. সমুদ্র | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| সাগর, সিন্ধু, অর্ণব, দরিয়া, জলধি, জলনিধি, বারিধি, বারিনিধি, অম্বুধি, অম্বুনিধি, অম্বুরাশি, উদধি, পয়োধি, পয়োনিধি, পাথার, পারাবার, রত্নাকর, নীলাম্বু, মকরালয়, বারীন্দ্র, বারীশ, প্রচেতা। | সায়র, দ্বীপী, জলধর, বারিধর, তোয়ধি, তোয়নিধি, নীরধি, নীরনিধি, অকূল, জলারণ্য, নদীকান্ত, রত্নগর্ভ, উর্মিমালী, ইরাবান, হিরণ্যদ। |

মনে রাখার টেকনিক

১. **জলধি, বারিধি, পয়োধি, তোয়ধি, নীরধি, উদধি, অম্বুধি:** 'পানি' শব্দের সমার্থক শব্দ হচ্ছে – জল, বারি, পয়ঃ, তোয়, নীর, উদ, অম্বু। 'পানি' শব্দের সমার্থক শব্দগুলোর শেষে 'ধি' যোগ করে দিলেই তা 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে। অর্থাৎ জলধি, বারিধি, পয়োধি, তোয়ধি, নীরধি, উদধি, অম্বুধি ইত্যাদি 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ।

২. **জলনিধি, বারিনিধি, পয়োনিধি, তোয়নিধি, নীরনিধি, অম্বুনিধি:** 'নিধি' শব্দ দ্বারা বোঝায় আশ্রয়স্থল। এখন ভাবুন মেঘ থেকে বৃষ্টির আকারে পানি পড়ে নদী, নালা, খাল, বিল দিয়ে গিয়ে ঠাঁই নেয় সমুদ্রে। তার মানে পানির শেষ আশ্রয়স্থল হচ্ছে সমুদ্র। সুতরাং 'পানি' শব্দের সমার্থক শব্দগুলোর শেষে 'নিধি' যোগ করে দিলেই তা 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে। অর্থাৎ জলনিধি, বারিনিধি, পয়োনিধি, তোয়নিধি, নীরনিধি, অম্বুনিধি ইত্যাদি 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ।

৩. **রত্নাকর, রত্নগর্ভ:** 'আকর' বা 'গর্ভ' শব্দ দ্বারা বোঝায় খনি। সমুদ্রের গভীরে অনেক মণি-মুক্তা ও মূল্যবান রত্ন পাওয়া যায় বলে রত্নাকর ও রত্নগর্ভ দ্বারা সমুদ্রকে বোঝায়।

৪. **নীলাম্বু:** 'নীলাম্বু' শব্দের সন্ধিবিচ্ছেদ – নীল + অম্বু। সমুদ্রের পানির রং নীল হয় বলে 'নীলাম্বু' দ্বারা সমুদ্রকে বোঝায়।

৫. **মকরালয়:** 'মকরালয়' শব্দের সন্ধিবিচ্ছেদ – মকর + আলয়। 'মকর' শব্দের অর্থ কুমির বা ঘড়িয়াল জাতীয় প্রাণী। আর 'আলয়' দ্বারা বোঝায় বাসস্থান। কুমির বা ঘড়িয়াল জাতীয় প্রাণীর বাসস্থান সমুদ্রে বিধায় 'মকরালয়' দ্বারা সমুদ্রকে বোঝায়।

৬. **অম্বুরাশি:** 'অম্বু' শব্দের অর্থ পানি আর 'রাশি' হচ্ছে বহুবচনজ্ঞাপক শব্দ। 'অম্বুরাশি' দ্বারা বুঝাচ্ছে অনেক পানি আছে যেখানে। সে অর্থে সমুদ্র শব্দের সমার্থক 'অম্বুরাশি'।

৭. **জলারণ্য:** 'জলারণ্য' শব্দের সন্ধিবিচ্ছেদ – জল + অরণ্য। 'অরণ্য' শব্দের অর্থ এমন বিশাল জায়গা যেখানে বন্য পশুপাখি বিচরণ করে। সমুদ্রকে জলারণ্য বলার কারণ অরণ্যের বিচিত্র প্রাণীদের মতো জলজ নানান ধরনের প্রাণীর বসবাস রয়েছে সমুদ্রে।

৮. **দ্বীপী:** 'দ্বীপী' শব্দটি গঠিত হয়েছে তদ্ধিত প্রত্যয় সাধিত হয়ে। এর বিশ্লেষণ – দ্বীপ + ইন। শব্দ গঠনে মূল শব্দের সাথে 'ইন' প্রত্যয় যুক্ত হলে মূল শব্দে একটা ঈ-কার বসে। যেমন: পক্ষী (পক্ষ + ইন), পল্লবী (পল্লব + ইন) ইত্যাদি। এখন মনে রাখতে হবে 'ইন' প্রত্যয় যুক্ত হয় 'আছে' অর্থ বোঝানোর জন্য। তার মানে 'দ্বীপী' দ্বারা বোঝায় যার দ্বীপ আছে। আর আমরা জানি দ্বীপ থাকে সমুদ্রের। সুতরাং সমুদ্রের একটা সমার্থক শব্দ 'দ্বীপী'।

৯. **হিরণ্যদ:** 'হিরণ্য' শব্দের অর্থ মূল্যবান রত্ন। আর 'দ' শব্দের অর্থ দানকারী। যেমন: জল দেয় যে = জলদ, বল দেয় যে = বলদ ইত্যাদি। এবার ভাবুন 'মূল্যবান রত্ন' আমরা কোথা থেকে পাই অর্থাৎ কে দান করে? উত্তর: সমুদ্র থেকে পাই। তাই 'হিরণ্যদ' দ্বারা বোঝায় সমুদ্রকে।

১০. **নদীকান্ত:** 'কান্ত' শব্দের অর্থ স্বামী। স্ত্রী যেমন স্বামীর কাছে নিজেকে সোপর্দ করে তেমনি নদী সমুদ্রের কাছে নিজেকে সোপর্দ করে বলে সমুদ্রকে বলা হয় 'নদীকান্ত' মানে নদীর স্বামী।

১১. **উর্মিমালী:** 'উর্মি' শব্দের অর্থ ঢেউ। আর 'মালী' দ্বারা বোঝায় নিয়োজিত কাউকে। আমরা সূর্যের সমার্থক শব্দ পড়ার সময় পড়েছিলাম ময়ূখমালী, অংশুমালী বা কিরণমালী। কারণ ময়ূখ, অংশু বা কিরণ শব্দের অর্থ আলো আর আলো দেওয়ার কাজে নিয়োজিত আছে সূর্য। একইভাবে ঢেউ তৈরির কাজে নিয়োজিত সমুদ্র। তাই সমুদ্রকে বলা হয় 'উর্মিমালী'।

১২. **বারীন্দ্র, বারীশ:** 'বারীন্দ্র' ও 'বারীশ' শব্দের সন্ধিবিচ্ছেদ যথাক্রমে বারি + ইন্দ্র ও বারি + ঈশ। 'ইন্দ্র' বা 'ঈশ' দ্বারা বোঝানো হয় ঈশ্বর অর্থাৎ সর্বময় ক্ষমতার অধিকারীকে। সমুদ্রই বারি বা পানির প্রধান উৎস বলে 'বারীন্দ্র' ও 'বারীশ' দ্বারা সমুদ্রকে বোঝানো হয়।

## ১৮. ঢেউ

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| তরঙ্গ, উর্মি, মহোর্মি, চলোর্মি, চঞ্চলোর্মি, বীচি, লহরি, হিল্লোল, কল্লোল। | তরঙ্গমালা, তরঙ্গভঙ্গ, লহর, জলকল্লোল, দোলা, উল্লোল। |

**মনে রাখার টেকনিক**

১. **মহোর্মি, চলোর্মি, চঞ্চলোর্মি:** 'উর্মি' শব্দের অর্থ ঢেউ। 'মহোর্মি' দ্বারা বোঝায় মহা উর্মি মানে বিশাল ঢেউ। 'চলোর্মি' শব্দ দ্বারা বোঝায় চলমান উর্মি বা বহমান ঢেউ। আর 'চঞ্চলোর্মি' দ্বারা বোঝায় চঞ্চল বা অস্থির যে ঢেউ।

২. **তরঙ্গমালা, তরঙ্গভঙ্গ:** 'তরঙ্গ' শব্দের অর্থ ঢেউ। 'মালা' দ্বারা বহুবচন বোঝায়। সেহিসেবে 'তরঙ্গমালা' দ্বারা অনেক ঢেউকে বোঝায়। আর 'তরঙ্গভঙ্গ' দ্বারা নদী বা সাগরের তীরে ঢেউয়ের আছড়ে পড়া অবস্থাকে বোঝায়।

## ১৯. নদী

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| তটিনী, প্রবাহিণী, তরঙ্গিণী, নির্ঝরিণী, সরিৎ, শৈবলিনী, স্রোতঃস্বিনী, পয়স্বিনী, গাং। | কলস্বিনী, কল্লোলিনী, স্রোতোবহা, স্রোতঃস্বতী, সমুদ্রকান্তা, সমুদ্রদয়িতা, সমুদ্রবল্লভা। |

**মনে রাখার টেকনিক**

১. **সমুদ্রকান্তা, সমুদ্রদয়িতা, সমুদ্রবল্লভা:** সমুদ্রের সমার্থক শব্দের মধ্যে আমরা 'নদীকান্ত' শব্দটি পড়েছি যা দ্বারা কল্পনার্থে নদীর স্বামী হিসেবে সমুদ্রকে বোঝানো হয়েছে। এখন নদীর স্বামী যদি সমুদ্র হয় তাহলে সমুদ্রের স্ত্রী হবে নদী। 'কান্তা', 'দয়িতা' বা 'বল্লভা' শব্দের অর্থ স্ত্রী। তাই কল্পনার্থে 'সমুদ্রকান্তা', 'সমুদ্রদয়িতা' বা 'সমুদ্রবল্লভা' মানে সমুদ্রের স্ত্রী বা নদী।

ব্যাপারটা এমন না যে 'নদ' পুরুষবাচক শব্দ আর 'নদী' স্ত্রীবাচক শব্দ। তবে 'নদী' দ্বারা স্ত্রীবাচক ভাবটাই বোঝানো হয়। একারণে দেখবেন বলা হয় নদীমাতৃক দেশ; নদীপিতৃক দেশ কখনও হয় না। এখন এই কথা বলার কারণ হচ্ছে – নদী শব্দের বেশিরভাগ সমার্থক শব্দের ক্ষেত্রেই মূল শব্দের সাথে স্ত্রীবাচক 'ইনী' প্রত্যয় যুক্ত হয়ে গঠিত হয়েছে। যেমন:

২. **তটিনী:** 'তট' শব্দের অর্থ তীর। এর সাথে স্ত্রীবাচক 'ইনী' প্রত্যয় যুক্ত হয়ে গঠিত হয়েছে 'তটিনী'। 'তটিনী' দ্বারা বোঝাচ্ছে তট আছে যার তাকে অর্থাৎ নদীকে।

৩. **প্রবাহিণী:** 'প্রবাহ' শব্দ দ্বারা বোঝাচ্ছে নিরবচ্ছিন্ন গতিকে। এর সাথে স্ত্রীবাচক 'ইনী' প্রত্যয় যুক্ত হয়ে গঠিত হয়েছে 'প্রবাহিণী'। 'প্রবাহিনী' দ্বারা বোঝাচ্ছে নিরবচ্ছিন্নভাবে বয়ে চলা নদীকে।

৪. **নির্ঝরিণী:** 'নির্ঝর' শব্দের অর্থ প্রবাহিত জলধারা। এর সাথে স্ত্রীবাচক 'ইনী' প্রত্যয় যুক্ত হয়ে গঠিত হয়েছে 'নির্ঝরিণী'। 'নির্ঝরিণী' দ্বারা বোঝানো হচ্ছে নিরবচ্ছিন্নভাবে বয়ে চলা প্রবাহমান নদীকে।

৫. **তরঙ্গিণী, কল্লোলিনী:** 'তরঙ্গ' বা 'কল্লোল' শব্দের অর্থ শব্দময় ঢেউ। এর সাথে স্ত্রীবাচক 'ইনী' প্রত্যয় যুক্ত হয়ে গঠিত হয়েছে 'তরঙ্গিণী' বা 'কল্লোলিনী'। শব্দ দুটির দ্বারা বোঝানো হচ্ছে তরঙ্গ বা কল্লোল আছে যার তাকে অর্থাৎ নদীকে।

৬. **শৈবলিনী:** 'শৈবাল' শব্দের অর্থ শ্যাওলা। এর সাথে স্ত্রীবাচক 'ইনী' প্রত্যয় যুক্ত হয়ে গঠিত হয়েছে 'শৈবলিনী'। নদীর তীর ঘেষে দুই পাড়ে ও নদীর গভীরে শৈবাল থাকে বলে নদীকে 'শৈবলিনী' বলা হয়।

৭. **কলস্বিনী:** 'কলস্বন' শব্দের অর্থ মধুর কলকাকলি ধ্বনি। এর সাথে স্ত্রীবাচক 'ঈ' প্রত্যয় যুক্ত হয়ে গঠিত হয়েছে 'কলস্বিনী'। প্রবহমান নদীর বয়ে চলার সময় মধুর কলকল ধ্বনির সৃষ্টি হয় বলে 'কলস্বিনী' দ্বারা বোঝানো হয় নদীকে।

৮. **পয়স্বিনী:** 'পয়ঃ' শব্দের অর্থ পানি। 'স্বিনী' দ্বারা বোঝায় আছে এমন। তাহলে 'পয়স্বিনী' দ্বারা বোঝায় পানি আছে এমন কিছু অর্থাৎ নদীকে।

৯. **স্রোতোবহা, স্রোতঃস্বতী, স্রোতঃস্বিনী:** 'স্রোত' শব্দের অর্থ ঢেউ আর 'বহা' দ্বারা বোঝায় বহমান। ঢেউ বহমান থেকে বলে নদীকে বলা হয় স্রোতবহা। 'স্বতী' বা 'স্বিনী' দ্বারা বোঝায় আছে এমন। তাহলে 'স্রোতঃস্বতী' বা 'স্রোতস্বিনী' দ্বারা বোঝায় স্রোত আছে এমন কিছু অর্থাৎ নদীকে।

## ২০. সাপ

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| সর্প, আশীবিষ, অহি, হরি, বায়ুভুক, ভুজঙ্গ, ফণী, পন্নগ। | ভুজগ, ভুজঙ্গম, উরগ, নাগ, কুণ্ডলিনী, বিষধর, দ্বিজিহ্ব, কাকোদর, ফণাধর। |

**মনে রাখার টেকনিক**

১. **আশীবিষ:** 'আশী' শব্দের অর্থ দাঁত। সাপের দাঁতে বিষ থাকে বলে সাপকে বলা হয় 'আশীবিষ'।

২. **বায়ুভুক:** নিঃশ্বাস নেওয়ার জন্য কিছুক্ষণ পরপরই সাপকে মুখ থেকে জিহ্বা বের করতে হয়। আমরা মুখ খুলি কোনো কিছু খাওয়ার জন্য আর সাপ মুখ খোলে বাতাস ভক্ষণ করার জন্য। তাই সাপকে বলা হয় 'বায়ুভুক'।

৩. **ফণী, ফণাধর:** শিকারের পূর্বে মাথার চ্যাপ্টা অবস্থাকে বলে ফণা। কেবল সাপ ফণা ধরতে পারে বলে সাপের আরেক নাম 'ফণী' বা 'ফণাধর'।

৪. **ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম:** 'ভুজ' শব্দের অর্থ বাহু। অন্য আর সব প্রাণীর মতো সাপের কোনো হাত-পা নেই। পুরো বাহুটাই তার একমাত্র অঙ্গ বলে সাপকে 'ভুজঙ্গ' বা 'ভুজঙ্গম' বলা হয়। আর ভুজের সাহায্যে গমন করে বলে সাপের আরেক নাম 'ভুজগ'।

৫. **উরগ:** 'উর' শব্দের অর্থ বক্ষঃস্থল বা বুক আর 'গ' দিয়ে বোঝায় গমনকারী। বুক দিয়ে গমন করে বিধায় সাপকে বলা হয় 'উরগ'।

৬. **কুণ্ডলিনী:** 'কুণ্ডলী' শব্দের অর্থ গোল করে পাকানো বস্তু। স্থিরভাবে বসে থাকার সময় নিজের শরীরকে গোল করে পাকিয়ে কুণ্ডলীর আকার ধারণ করে বলে সাপের আরেক নাম 'কুণ্ডলিনী'।

৮. **দ্বিজিহ্ব:** সাপের জিহ্বার প্রথমাংশ দ্বিখণ্ডিত থাকে বলে সাপের আরেক নাম 'দ্বিজিহ্ব'।

৭. **কাকোদর:** 'কাকোদর' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে হবে – কাক + উদর। এখানে 'কাক' শব্দের অর্থ বাঁকা আর 'উদর' মানে পেট। চলাচলের সময় সাপ কখনো সোজা হয়ে চলে না। বাঁকা অবস্থায় পেট থাকে বলে সাপের আরেক নাম 'কাকোদর'।

## ২১. হাতি

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| গজ, নগজ, হস্তী, করী, দ্বিপ, বারণ, মাতঙ্গ, কুঞ্জর, দ্বিরদ, ইরম্মদ, ঐরাবত। | দন্তী, দন্তাবল, দ্রুমারি, ক্ষুদ্রাক্ষ, করেণু, পিল, রদী, রদনী, কুনকি। |

**মনে রাখার টেকনিক**

১. **দ্বিরদ:** 'রদ' শব্দের অর্থ দাঁত। শুঁড়ের দুই পাশ দিয়ে বৃহদাকার দুটি দাঁত থাকে বলে হাতিকে বলা হয় 'দ্বিরদ'।

২. **দন্তাবল:** 'দন্ত' দ্বারা দাঁত আর 'বল' দ্বারা শক্তি বোঝায়। হাতির দাঁত প্রচণ্ড শক্ত ও বৃহদাকার বলে সামনে থাকা শত্রুকে সে দাঁত দিয়েই আক্রমণ করে। দাঁতই তার শক্তি বা বলের উৎস বলে হাতিকে বলা হয় 'দন্তাবল'।

৩. **ক্ষুদ্রাক্ষ:** 'ক্ষুদ্রাক্ষ' শব্দের সন্ধিবিচ্ছেদ ক্ষুদ্র + অক্ষ। 'অক্ষ' শব্দের অর্থ চোখ। হাতির বিশাল শরীরের তুলনায় তার চোখ অনেক চোটো বলেই হাতিকে বলা হয় 'ক্ষুদ্রাক্ষ'।

## ২২. পৃথিবী

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| বসুধা, বসুমতী, অচলা, ভূ, অদিতি, অখিল, ধরণি, ধরা, বসুন্ধরা, অবনি, অবনিতল, ধরিত্রী, মহি, মেদিনী, ক্ষিতি, পৃথ্বী, মর্ত্য, উর্বী। | ভুবন, ভূতল, ভূলোক, জ্যা, জগৎ, জাহান, ধরাতল, বসুমাতা, ভূমণ্ডল, মর্ত্যলোক, ব্রহ্মাণ্ড, ইরা, ইলা, সংসার, বিশ্ব, দুনিয়া। |

## ২৩. পাহাড়

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| অচল, গিরি, শৈল, পর্বত, অদ্রি, নগ, শৃঙ্গী, ভূধর, মহিধর, মেদিনীধর, শিখরী, জীমূত। | অগ, শৃঙ্গধর, ক্ষিতিধর, ক্ষিতিভৃৎ, ভূভৃৎ, অবনীধর, ধরণিধর, ধরাধর, পৃথ্বীধর। |

**মনে রাখার টেকনিক**

১. **অচল:** 'অচল' দ্বারা বোঝায় যে চলতে পারে না। একারণে পর্বতকে 'অচল' বলা হয়।

২. **ক্ষিতিধর, ভূধর, মহিধর, মেদিনীধর, অবনীধর, ধরণিধর, ধরাধর, পৃথ্বীধর:** 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ – ক্ষিতি, ভূ, মহি, মেদিনী, অবনী, ধরণি, ধরা ইত্যাদি। আমরা জানি পাহাড়কে বলা হয় পৃথিবীর পেরেক কারণ পাহাড় পৃথিবীকে ধরে রাখে। তাই 'পৃথিবী'র সমার্থক শব্দের সাথে 'ধর' যোগ করে দিলেই তা পাহাড়ের সমার্থক শব্দ হয়ে যাবে।

৩. **ক্ষিতিভৃৎ, ভূভৃৎ:** 'পৃথিবী' শব্দের সাথে 'ভৃৎ' যোগ করলেও তা পাহাড় শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে। যেমন: ক্ষিতিভৃৎ, ভূভৃৎ।

৪. **শৃঙ্গী, শৃঙ্গধর:** 'শৃঙ্গ' শব্দের অর্থ শিং। গোরু, ছাগল বা অন্যান্য পশুর শিঙের দিকে লক্ষ করলে দেখবেন ওপরের দিকটা নিচের দিকের তুলনায় সরু। পাহাড়ের দিকে তাকালেও আমরা একই রূপ দেখতে পাই অর্থাৎ শিঙের মতো রূপ আছে বলে পাহাড়কে বলা হয় শৃঙ্গী। আবার শৃঙ্গকে ধরে রাখে বলে পাহাড়কে 'শৃঙ্গধর'ও বলা হয়।

৫. **শিখরী:** 'শিখর' শব্দের অর্থ চূড়া। চূড়া আছে বলে পর্বতকে 'শিখরী' বলা হয়।

## ২৪. রাজা

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| ভূপতি, ভূপাল, মহিপতি, মহিপাল, মহীশ, নৃপ, নৃপতি, নৃপাল, নৃপেন্দ্র, নরেন্দ্র, ক্ষিতীশ, ক্ষিতিনাথ, পৃথ্বীশ, পৃথ্বীনাথ, অধিপতি, অধীশ, অধীশ্বর। | ভূপ, নৃপমণি, নরেশ, নরপতি, নরদেব, ক্ষিতীশ্বর, ক্ষিতিপতি, অধিপ, অধিরাজ, অধিভূ, প্রজানাথ, প্রজাপালক, জাহাপনা, বাদশা, পাতশা, সম্রাট, রাজেন্দ্র, রাজশেখর। |

**মনে রাখার টেকনিক**

১. রাজা পৃথিবী শাসন করেন। তাই পৃথিবীর শাসনকারী, পৃথিবীর পালনকারী, পৃথিবীর ঈশ্বর, পৃথিবীর অধিপতি – এইসব অর্থে 'পৃথিবী' শব্দের যত সমার্থক শব্দ আছে তার সাথে প / পতি / পাল / নাথ / ঈশ / ঈশ্বর / ইন্দ্র যোগ করলেই তা 'রাজা' শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে।
- ✓ ভূ = ভূপ, ভূপতি, ভূপাল।
- ✓ মহি = মহিপ, মহিপতি, মহিপাল, মহিনাথ, মহীশ, মহীন্দ্র।
- ✓ ক্ষিতি = ক্ষিতিপ, ক্ষিতিপতি, ক্ষিতিনাথ, ক্ষিতীশ, ক্ষিতীশ্বর।
- ✓ পৃথ্বী = পৃথ্বীনাথ, পৃথ্বীশ।

২. 'নৃ' বা 'নর' শব্দের অর্থ মানুষ। তাই সকল মানুষের মধ্যে সর্বময় ক্ষমতার অধিকারী বোঝাতে 'নৃ' বা 'নর' শব্দের সাথে পতি / প / পাল / ঈশ / ইন্দ্র / বর / দেব যোগ করলেই তা 'রাজা' শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে।
- ✓ নৃ = নৃপ, নৃপতি, নৃপাল, নৃপেন্দ্র, নৃপমণি, নৃপবর।
- ✓ নর = নরপতি, নরেশ, নরেন্দ্র, নরদেব।

৩. **অধীশ, অধীশ্বর, অধিপ, অধিপতি, অধিরাজ, অধিভূ:** শব্দগুলোর দিকে ভালো করে লক্ষ করলে দেখা যাবে 'অধি' উপসর্গ যোগে সবগুলো শব্দ গঠিত হয়েছে। ঈশ / ঈশ্বর / প / পতি – এই সবগুলোর অর্থই পালনকারী। আর 'ভূ' শব্দের অর্থ ভূমি। সুতরাং ঈশ / ঈশ্বর / প / পতি / ভূ – এর পূর্বে 'অধি' উপসর্গ বসলে তা 'রাজা' শব্দের সমার্থক শব্দ হয়।

৪. **প্রজাপালক, প্রজানাথ:** প্রজাদের মালিক বা পালনকর্তা হিসেবে 'রাজা' শব্দের সমার্থক শব্দ হয় 'প্রজাপালক' বা 'প্রজানাথ'।

৫. 'রাজা' শব্দের অন্যান্য সমার্থক শব্দগুলো খুবই কমন – জাহাপনা, বাদশা, পাতশা, সম্রাট, রাজেন্দ্র, রাজশেখর ইত্যাদি।

| ২৫. আকাশ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| গগন, ব্যোম, অনন্ত, অম্বর, আসমান, খগোল, অন্তরিক্ষ, অভ্র, নীলিমা, শূন্য, নভ, নভঃ, খ। | বিমান, অম্বরতল, নভঃস্থল, ইথার, শূন্যলোক, নক্ষত্রলোক, নভোলোক, নভোমণ্ডল, দ্যো। |

| ২৬. সিংহ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| কেশরী, মৃগেন্দ্র, হরি, হর্যক্ষ, পারীন্দ্র। | পশুরাজ, মৃগরাজ, মৃগপতি, সিংহিকা, দ্বিরদান্তক, কলঙ্কষ। |

**মনে রাখার টেকনিক**

১. **কেশরী:** ঘাড়ের দিকের দীর্ঘ কেশরাশিকে বলা হয় 'কেশর'। সিংহের ঘাড়ে লম্বা কেশর থাকায় এর নাম হয়েছে 'কেশরী'।

২. **মৃগেন্দ্র, মৃগপতি, মৃগরাজ, পশুরাজ:** 'মৃগ' শব্দের অর্থই পশু। আর ইন্দ্র, পতি বা রাজ শব্দের দ্বারা বোঝানো হচ্ছে শ্রেষ্ঠ। পশুদের মধ্যে সিংহই সর্বশ্রেষ্ঠ বলে মৃগেন্দ্র, মৃগপতি, মৃগরাজ বা পশুরাজ দ্বারা 'সিংহ'কে বোঝানো হয়।

৩. **হর্যক্ষ:** 'হর্যক্ষ' শব্দের সন্ধিবিচ্ছেদ – হরি + অক্ষ। 'হরি' শব্দের অনেকগুলো অর্থের মধ্যে একটি হচ্ছে – নারায়ণ বা বিষ্ণু। আর 'অক্ষ' মানে চোখ। নারায়ণ বা বিষ্ণুর যেমন জগতের সবকিছুর ওপর চোখ থাকে সিংহের তেমন সারা বনের সব পশুর ওপরই দৃষ্টি থাকে বলে সিংহকে বলা হয় 'হর্যক্ষ'।



৪. **দ্বিরদান্তক:** 'দ্বিরদান্তক' দ্বারা বোঝায় দুইটা দাঁত। হিংস্র ও মাংশাসী প্রাণী বলে শিকারকে ক্ষত-বিক্ষত করতে দাঁতের চোয়ালে দুটি বড়ো ও তীক্ষ্ণ দাঁত থাকে বিধায় সিংহকে বলা হয় 'দ্বিরদান্তক'।

| ২৭. বাঘ | ২৮. ব্যাং | ২৯. গোরু |
|---|---|---|
| ব্যাঘ্র, শার্দুল, শের। | মণ্ডূক, ভেক, দাদুর। | ধেনু, গাভী, ইলা, গো, পয়স্বিনী। |

| ৩০. ঘোড়া | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| অশ্ব, বাজী, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, ঘোটক, হয়, বড়বা। | ঘোটকী, বাহ, হ্রেষী, সৈন্ধব, মরুদ্রথ, বামী, বাহনশ্রেষ্ঠ, টাঙ্গন। |

**মনে রাখার টেকনিক**

১. **বাজী:** 'বাজ' শব্দের অর্থ বজ্র মানে বিদ্যুৎ চমকানো। মেঘাচ্ছন্ন আকাশের বিদ্যুৎ চমকানোর দৃশ্যটা একটু মনে করার চেষ্টা করুন। চোখের পলকে সবকিছু হয়ে যায় অর্থাৎ অনেক দ্রুত গতিতে। বাজের গতির মতো তুলনার্থে ঘোড়া অনেক দ্রুতগামী বলে ঘোড়াকে 'বাজী' বলা হয়।

২. **তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম:** 'ত্বরা' শব্দের অর্থ দ্রুত যা থেকে এসেছে 'তুর' অংশটি। আর 'গ' দিয়ে বোঝায় গমনকারী। দ্রুত গমনকারী বলে তুরগ, তুরঙ্গ ও তুরঙ্গম দ্বারা ঘোড়াকে বোঝানো হয়।

৩. **হ্রেষী:** ঘোড়ার ডাকের যে শব্দ তাকে এক কথায় বলে 'হ্রেষা'। আর 'হ্রেষা' আছে বলেই ঘোড়াকে বলে 'হ্রেষী'।

৪. **বাহ, বাহনশ্রেষ্ঠ:** প্রাচীন কালে যখন যাতায়াত ব্যবস্থা এত উন্নত ছিল না তখন এক স্থান থেকে অন্য স্থানে কোনো কিছু বহন করে নেওয়ার জন্য ঘোড়ার পিঠে চড়ে যাওয়া হতো। বহন করত বলে বা বহনের জন্য শ্রেষ্ঠ মাধ্যম ছিল বলে ঘোড়াকে বলা হয় 'বাহী' বা 'বাহনশ্রেষ্ঠ'।

৫. **রাজস্কন্ধ:** 'স্কন্ধ' শব্দের অর্থ কাঁধ, যদিও এখানে পিঠ অর্থে ব্যবহৃত হয়েছে। উট, হাতি, গাধা, ঘোড়া, মহিষসহ অন্যান্য যত প্রাণী আছে যাদের পিঠে চড়ে সওয়ার করা যায় এদের মধ্যে রাজার বাহন হিসেবে সবসময় ঘোড়াই ব্যবহৃত হয়েছে। ব্যাপারটা এমন নয় যে রাজা কখনো হাতির পিঠে চড়েনি; কিন্তু দ্রুতগামী হওয়ায় সচরাচর ব্যবহারের জন্য ঘোড়াই ব্যবহৃত হতো। তাই রাজস্কন্ধ দ্বারা 'ঘোড়া'কে বোঝায়।

| ৩১. পাথর | ৩২. জোনাকি | ৩৩. ঘর |
|---|---|---|
| উপল, শিলা, প্রস্তর, পাষাণ, অশ্ম। | খদ্যোত, জুনিপোকা। | নিবাস, ভবন, গৃহ, কুঞ্জ। |

| ৩৪. ভ্রমর | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| মধুকর, মধুপ, অলি, ভৃঙ্গ, মৌমাছি, ষটপদ, শিলীমুখ, দ্বিরেফ। | মধুলিট, মধুলিহ, মধুলেহ, মধুলেহী, মধুব্রত, মধুমক্ষিকা, মধুভৃৎ, ভোমরা, বোলতা। |

<u>মনে রাখার টেকনিক</u>

১. **মধুলিট, মধুকর, মধুপ, মধুলিহ, মধুলেহ, মধুলেহী, মধুব্রত, মধুমক্ষিকা, মধুভৃৎ:** 'মৌমাছি' বা 'ভ্রমর' ফুল থেকে মধু সংগ্রহ করে বলে মধু সংগ্রহকারী, মধু পানকারী, মধু জমাকারী ইত্যাদি অর্থে মধুলিট, মধুকর, মধুপ, মধুলিহ, মধুলেহ, মধুলেহী, মধুব্রত, মধুমক্ষিকা, মধুভৃৎ ইত্যাদি শব্দ দ্বারা মৌমাছিকে বোঝায়।



২. **ষটপদ:** ছয়টি পা থাকে বলে 'ষটপদ' দ্বারা 'মৌমাছি' বা 'ভ্রমর'কে বোঝায়।

৩. **দ্বিরেফ:** মাথার ওপরে রেফ চিহ্নের মতো দুটি শুঁয়া আছে বলে মৌমাছিকে বলা হয় 'দ্বিরেফ'।

৪. **ভৃঙ্গ:** 'ভৃ' সংস্কৃত ক্রিয়ামূল যার অর্থ পোষণ করা বা পালন করা। হুল ফোটানোর বিশেষ অঙ্গ থাকায় এদের 'ভৃঙ্গ' বলা হয়।

| ৩৫. বন | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| অরণ্য, কান্তার, বিপিন, অটবি, কানন, বনানী, বনশ্রী। | জঙ্গল, বনী, বনভূমি, বনাঞ্চল, বনরাজি, বাদাড়, অরণ্যানী, দাব, জঙ্গলাট। |

| ৩৬. বিদ্যুৎ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| তড়িৎ, ইরম্মদ, ক্ষণপ্রভা, দামিনী, সৌদামিনী, বিজলি, শম্পা। | চপলা, চঞ্চলা, বিজুরি, ক্ষণদ্যুতি, অশনি, অচির, অণুপ্রভা। |

| ৩৭. অন্ধকার | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| আঁধার, তিমির, অমানিশি, অমানিশা, তমিস্রা। | তমিস্র, তমঃ, তমসা, শর্বর, অমা, নভাক, আলোকশূন্যতা। |

| ৩৮. রাত | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| রাত্রি, নিশি, নিশীথ, রজনি, যামিনী, অমানিশি, অমানিশা, শর্বরী, বিভাবরী, ক্ষণদা, শশিপ্রিয়া, ত্রিযামা। | নিশা, শমনী, যামী, যামিকা, যামবতী, নক্ত, নিশুতি, অসুরা, নিশীথিনী, ক্ষপা, তামসী, তারকিনী, অদ্ধিকা, নিঃসম্পাত। |

| ৩৯. স্বর্গ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| অমরা, অমরাবতী, দ্যুলোক, উর্ধ্বলোক, ত্রিদিব, বেহেশত। | দেবলোক, দেবপুরী, দেবালয়, ইন্দ্রলোক, অমর্ত্যলোক, ধ্রুবলোক, পুণ্যলোক, অমৃতলোক, ইন্দ্রপুরী। |

### ৪০. পুত্র

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| আত্মজ, নন্দন, দুলাল, সুত, তনয়, তনুজ, দারক। | ছেলে, আত্মোদ্ভব, তনূদ্ভব, খোকা, স্বজ, কুমার, পুত্রক, পো, পুত, পুলে, পোলা, পোতক, বেটা, কোঙর। |

**মনে রাখার টেকনিক**

১. **আত্মোদ্ভব, আত্মজ, স্বজ:** 'আত্মোদ্ভব' শব্দের সন্ধিবিচ্ছেদ – আত্ম + উদ্ভব। 'আত্ম' বা 'স্ব' দ্বারা বোঝায় নিজ। আর 'জ' দ্বারা বোঝায় জন্ম। তার মানে নিজের থেকে যার জন্ম তাকে বোঝাতে 'আত্মোদ্ভব', 'আত্মজ' বা 'স্বজ' দ্বারা ছেলেকে বোঝায়।

২. **তনূদ্ভব, তনুজ:** 'তনূদ্ভব' শব্দের সন্ধিবিচ্ছেদ – তনু + উদ্ভব। 'তনু' শব্দের অর্থ শরীর। তাই নিজের শরীর থেকে উদ্ভব বা জন্ম বোঝাতে 'তনূদ্ভব' ও 'তনুজ' দ্বারা ছেলেকে বোঝায়।

৩. 'পুত্র' শব্দের অন্যান্য সমার্থক শব্দগুলো বিশেষ করে যেগুলো বিগত বছরের কোনো না কোনো পরীক্ষায় এসেছে সেগুলো খুবই কমন ও সহজ। কয়েকবার মনোযোগ দিয়ে পড়লেই শব্দগুলো আত্মস্থ হয়ে যাবে ইনশাল্লাহ।

### ৪১. কন্যা

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| আত্মজা, নন্দিনী, দুলালি, সুতা, দুহিতা, তনয়া। | মেয়ে, তনুজা, ঝি, পুত্রী, পুত্রিকা, দারিকা, কনে, বেটি, খুকি, কুমারী, পোতকী, ঝিয়ারি। |

**মনে রাখার টেকনিক**

১. 'কন্যা' শব্দের সমার্থক শব্দগুলো সহজে মনে রাখার জন্য পুত্র 'শব্দের' সমার্থক শব্দগুলো আগে পড়ে ফেলুন। এরপর দেখবেন 'পুত্র' শব্দের সমার্থক শব্দগুলোর সাথে স্ত্রীবাচক প্রত্যয় [আ-কার ( া ), ই-কার ( ি ), ঈ-কার ( ী ), ইনী, ইকা] যুক্ত করে দিলেই তা 'কন্যা' শব্দের সমার্থক শব্দ হয়ে যাবে। যেমন:

- ✓ আ-কার ( া ) : আত্মজ + আ = আত্মজা, সুত + আ = সুতা, তনয় + আ = তনয়া, তনুজ + আ = তনুজা ইত্যাদি।
- ✓ ই-কার ( ি ) : দুলাল + ই = দুলালি, বেটা + ই = বেটি, খোকা + ই = খুকি।
- ✓ ঈ-কার ( ী ) : কুমার + ঈ = কুমারী, পোতক + ঈ = পোতকী, পুত্র + ঈ = পুত্রী।
- ✓ ইনী : নন্দন + ইনী = নন্দিনী।
- ✓ ইকা : পুত্র + ইকা = পুত্রিকা, দারক + ইকা = দারিকা।

২. 'কন্যা' শব্দের বাকি সমার্থক শব্দগুলো খুবই কমন ও সহজবোধ্য। যেমন: দুহিতা, কনে, মেয়ে, ঝি, ঝিয়ারি।

### ৪২. নারী

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| রামা, বামা, কান্তা, অবলা, মহিলা, ললনা, কামিনী, বনিতা, ভামিনী, সীমন্তিনী। | রমণী, অঙ্গনা, জনি, মেয়ে, মানবী, মানবিকা, বালা, জেনানা, যোষিৎ, প্রমদাজন, স্ত্রীলোক, যোষা। |

### ৪৩. স্ত্রী

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| ভার্যা, বনিতা, বধূ, জায়া, দার, পত্নী, অর্ধাঙ্গী, অঙ্গনা। | দয়িতা, আয়তি, এয়োতি, ধনিকা, গৃহিণী, গিন্নি, সহধর্মিণী, দারা, কলত্র, বল্লভা। |

### ৪৪. কেশ

| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
|---|---|
| কবরী, চুল, কুন্তল, চিকুর, অলক। | কেশপাশ, কেশদাম, কচ, চিকুরজাল, শিরোজ, শিবসিজ। |

| ৪৫. ফুল | ৪৬. চোখ |
|---|---|
| কুসুম, পুষ্প, প্রসূন, মঞ্জরি, সুমন, অংকুর, রঙ্গন। | চক্ষু, আঁখি, দর্শনেন্দ্রিয়, নয়ন, লোচন, নেত্র, অক্ষি, আঁখ। |

| ৪৭. সুন্দর | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| মনোরম, মনোহর, শোভন, সুদৃশ্য, চারু, রম্য, রমণীয়, মঞ্জুল, সুকান্ত, সুশ্রী, ললিত, অনুপম। | অপরূপ, কমনীয়, কান্তিমান, লাবণ্যময়, সুদর্শন, সুচারু, সুরম্য, শোভাময়, সুশোভন, চমৎকার, নয়নাভিরাম, নিরুপম। |

| ৪৮. গৃহ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| নিকেতন, সদন, আগার, বাড়ি, বাটি, কুঞ্জ। | আলয়, ভবন, নিলয়, ঘর, আবাস, বাটিকা, আশ্রয়স্থল। |

| ৪৯. কপাল | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| ললাট, বরাত, অলিক, অদৃষ্ট। | ভাল, ভাগ্য, নিয়তি, দৈব। |

| ৫০. সাদা | ৫১. স্বর্ণ |
|---|---|
| শ্বেত, শুভ্র, শুক্ল, প্রসিত, ধবল, সফেদ, নির্মল, শুচি, সিত, বিশদ, অরঞ্জিত। | সুবর্ণ, কাঞ্চন, কনক, হেম, হিরণ, হিরণ্য, দ্রবিণ, কর্বুর, মহাধাতু। |

| ৫২. দিন | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| অহ, অহন, অহ্ন, রোজ, বাসর, সাবন, দিবা, দিবস। | বার, বেলা, অষ্টপ্রহর, অযামিনী, দিনমান, তমসতাড়িনী। |

| ৫৩. উট | ৫৪. লাল |
|---|---|
| উষ্ট্র, কণ্টকভুক, ক্রমেলক, মরুজাহাজ, মরুদ্বিপ। | রাঙা, লোহিত, রাতুল, রক্তিম, রক্তবর্ণ। |

| ৫৫. আনন্দ | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| পুলক, আহ্লাদ, সন্তোষ, হর্ষ, পরিতোষ, প্রমোদ, উল্লাস, তুষ্টি। | আমোদ, সুখ, স্ফূর্তি, ফুর্তি, উৎফুল্লতা, প্রফুল্লতা, প্রসন্নতা, হাসি, খুশি, হৃষ্টতা, মজা, রগড়। |

| ৫৬. ইচ্ছা | |
|---|---|
| বিগত বছরের বিভিন্ন পরীক্ষায় আসা সমার্থক শব্দ | অন্যান্য প্রয়োজনীয় সমার্থক শব্দ |
| অভিলাষ, অভিপ্রায়, লালসা, কামনা, স্পৃহা, বাসনা, অভিরুচি, ঈপ্সা, সাধ, আগ্রহ, বাঞ্ছা, প্রবৃত্তি। | আকাঙ্ক্ষা, মতি, মনোরথ, এষণা, আশা, প্রার্থনা, চাওয়া, মনোবাঞ্ছা, মনস্কাম। |

| ৫৭. হরিণ | ৫৮. পতাকা |
|---|---|
| মৃগ, কুরঙ্গ, কুরঙ্গম, এণ, ঋষ্য, সারঙ্গ, সুনয়ন। | কেতন, ঝাণ্ডা, ধ্বজ, ধ্বজা, নিশান, বৈজয়ন্তী। |

## অন্যান্য গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ

59. **অতিশয়:** অত্যন্ত, একান্ত, নিতান্ত, পরম, অতি, অতীব, অতিমাত্র, অধিক, সাতিশয়, অত্যধিক।

60. **অন্ন:** ওদন, ভাত, আহার, তণ্ডুল।

61. **অন্নদা:** অন্নপূর্ণা, অপর্ণা, অন্নদাত্রী, জগদম্বা, জগন্মাতা, দুর্গা, পার্বতী, ভগবতী, শিবপত্নী, উমা।

62. **আদেশ:** অনুমতি, আজ্ঞা, অনুজ্ঞা, হুকুম, নির্দেশ, উপদেশ।

63. **আরম্ভ:** শুরু, সূচনা, সূত্রপাত, সমারম্ভ, প্রারম্ভ, মুখবন্ধ, অবতরণিকা, অনুবন্ধ, ভূমিকা, প্রবর্তনা।

64. **ইতি:** অন্তিম, অবশিষ্ট, অবসান, শেষ, যবনিকা, সমাপ্তি, রফা, সাঙ্গ।

65. **ঈর্ষা:** অপ্রীতি, অসূয়া, বৈরিতা, বিরাগ, হিংসা, দ্বেষ, বিদ্বেষ, বৈরীভাব, পরশ্রীকাতরতা।

66. **ঈশ্বর:** আল্লাহ, খোদা, স্রষ্টা, সৃষ্টিকর্তা, বিধি, পরমাত্মা, প্রভু, ইলাহি, ব্রহ্ম, ধাতা, বিধাতা, বিশ্বপতি, জগদীশ, জগৎপতি, জগন্নাথ, জগন্ময়, আদিনাথ, ইষ্ট, অমরেশ, অন্তর্যামী, লোকনাথ, পরেশ, পরমেশ, বিভু, ঈশ, স্বয়ম্ভু।

67. **উগ্র:** প্রচণ্ড, কোপন, তীব্র, প্রখর, উৎকট, কঠোর, রুক্ষ, রূঢ়, চণ্ড, উচ্চণ্ড, গোঁয়ার, জেদি।

68. **উপচয়:** সমূহ, নিচয়, সংগ্রহ, উন্নতি, শ্রীবৃদ্ধি, আধিক্য।

69. **কান:** কর্ণ, শ্রুতিপথ, শ্রুতি, শ্রবণবিবর, শ্রবণেন্দ্রিয়, শ্রবণপথ, শ্রোত্র।

70. **কলহ:** ঝগড়া, বিরোধ, বিবাদ, দ্বন্দ্ব, বচসা, কোন্দল, ঝগড়াঝাঁটি।

71. **কড়া:** কঠিন, দৃঢ়, শক্ত, খর, তীব্র, জালি, কপর্দক।

72. **কাজল:** কালিমা, মালিন্য, ভুসা, সুরমা, অঞ্জন, কাজ্জল।

73. **কুমির:** কুম্ভীর, পিঙ্গচক্ষু, শঙ্খমুখ, নক্র, মকর, ঘড়িয়াল।

74. **কুল:** আভিজাত্য, বংশ, কৌলীন্য, গণ, গোত্র, গোষ্ঠী, জাতি, সমাজ, সমূহ, যূথ, বর্ণ।

75. **কূল:** সৈকত, প্রান্ত, পুলিন, তীর, তীরভূমি, কূলভূমি, তট, তটভূমি, বেলা, বেলাভূমি, বালুবেলা, কিনারা, ধার, পাড়।

76. **যুদ্ধ:** সংগ্রাম, সমর, আহব, বিগ্রহ, যোধন, রণ, লড়াই, জঙ্গ, সংখ্য, সংঘর্ষ, সংঘাত, সংস্ফোট, সমীক, সংযুগ, প্রঘাত, আয়োধন, প্রতিদারণ, অভ্যামর্দ, সম্মর্দ, যুঝ।

77. **শত্রু:** অরি, অরাতি, দুশমন, অমিত্র, অবন্ধু, বৈরী, বৈর, বৈরিতা, বৈরাচরণ, রিপু, প্রতিপক্ষ।

78. **খ্যাতি:** যশ, প্রসিদ্ধি, বিশ্রুতি, সুখ্যাতি, সুনাম, সুবাদ, প্রখ্যা, প্রখ্যাতি, বিখ্যাতি, খুশনাম, নামযশ, নিরুপাখ্য, অভিখ্যা, কীর্তি, খ্যাতি, প্রশংসা।

79. **গতি:** অস্থিরতা, চলন, সঞ্চলন, চলিষ্ণুতা, জঙ্গমতা, সরণ, অস্থিতি, সৃতি, বীতি, ঋতি।

80. **ঝড়:** বাত্যা, ঝটিকা, ঝঞ্ঝা, তুফান, প্রভঞ্জন, ঝড়ি।

81. **তলোয়ার:** অসি, তরবারি, খড়্গ, কৃপাণ।

82. **দয়া:** মহানুভবতা, অনুগ্রহ, করুণা, কৃপা, অনুকম্পা, ঔদার্য, বদান্যতা, উদারতা, ক্ষমা।

83. **দেহ:** গা, তনু, শরীর, অঙ্গ, কায়া, কলেবর, গাত্র, কায়।

84. **দোকান:** আপণ, বিপণি, পসার, পণ্যগৃহ, পণ্যশালা।

85. **ধন:** বিত্ত, বিভূতি, বিভব, বৈভব, অর্থ, সম্পদ, নিধি, ঐশ্বর্য।

86. **ধীর:** মন্থর, মৃদু, অচঞ্চল, শান্ত, নম্র, বিবেচক।

87. **নিদ্রা:** ঘুম, তন্দ্রা, নিদ, সুপ্তি, সুষুপ্তি, নিষুপ্তি, গাঢ়ঘুম।

88. **পাপ:** পাতক, কলুষ, দুষ্কৃত, আপদ, গুনাহ, অনাচার।

89. **বন্যা:** জলোচ্ছ্বাস, জলস্ফীতি, প্লাব, আপ্লব, আপ্লাব, বিপ্লাব, প্লাবন, আপ্লাবন, বান।

90. **বন্ধু:** সখা, মিত্র, সুহৃদ, বান্ধব, মিতা, দোস্ত, ইয়ার।

91. **মা:** মাতা, জননী, মাতৃকা, জনী, অম্বা, অম্বালা, অম্বিকা, অম্বালিকা, আম্মা, গর্ভধারিণী, জন্মদাত্রী, প্রসূতি, জনয়িত্রী, জনিকা, আই, প্রজায়িনী, প্রজনিকা।

92. **মুক্তি:** মোচন, নিষ্কৃতি, নিস্তার, ত্রাণ, উদ্ধার, রেহাই, অব্যাহতি, পরিত্রাণ, খালাস, স্বাধীনতা।

93. **মুকুল:** কোরক, কুড়ি, কুলি, বউল।

94. **মৃত্যু:** অন্ত, মরণ, ইন্তেকাল, পরলোকগমন, দেহত্যাগ, ইহলীলা সংবরণ, স্বর্গলাভ, দেহান্ত, লোকান্তর প্রাপ্তি, পঞ্চত্ব প্রাপ্তি, চিরবিদায়, দেহাবসান, জীবননাশ, জীবনাবসান, জীবনান্ত, কালনিদ্রা, প্রয়াণ।

95. **রব:** শব্দ, ধ্বনি, আওয়াজ, নাদ, স্বর, নিনাদ, গুজব।

96. **রাবণ:** দশানন, রক্ষপতি, রক্ষোনাথ, রক্ষোরাজ, বৈশ্রবণ, লঙ্কেশ।

97. **খবর:** সংবাদ, বার্তা, সন্দেশ, তথ্য, ফরমান, সমাচার, বৃত্তান্ত, তত্ত্ব, খবরাখবর, বিবরণ, নিউজ, খোঁজখবর।

98. **ষাঁড়:** ষণ্ড, ঋষভ, বৃষ, বৃষভ, বলীবর্দ।

99. **সত্য:** সত্য, নিত্য, সাধু, শুভ, সৎকর্ম, সদিচ্ছা।

100. **স্বামী:** পতি, নাথ, দয়িত, কান্ত, বল্লভ।

101. **হাত:** হস্ত, বাহু, ভুজ, কর, পাণি, হস্তক।

102. **হীন:** নীচ, অধম, অবনত, ক্ষীণ, দুর্দশাপন্ন, নিন্দনীয়।

103. **উজ্জ্বল:** উদ্ভাসিত, বিভাসিত, দীপ্ত, প্রদীপ্ত, সমুজ্জ্বল, আলোকিত, ঝলমলে, প্রজ্বলিত, দীপ্তিমান, চকচকে।

## প্রায় একই উচ্চারণের ভিন্নার্থ প্রকাশকারী সমার্থক শব্দ

| | | | | |
|---|---|---|---|---|
| খগ – পাখি<br>অগ – পাহাড়<br>নগ – পাহাড়<br>নাগ – সাপ<br>নগজ – হাতি | অম্বু – পানি<br>অম্বুদ – মেঘ<br>অম্বুধি – সমুদ্র<br>অম্বর – আকাশ<br>শম্বর – হরিণ, পানি | কুঞ্জ – বন<br>নিকুঞ্জ – বাগান<br>কুঞ্জর – হাতি<br>খঞ্জর – তরবারি<br>খঞ্জ – পঙ্গু | সারঙ্গ – হরিণ<br>কুরঙ্গ – হরিণ<br>মাতঙ্গ – হাতি<br>বিহঙ্গ – পাখি<br>ভুজঙ্গ – সাপ | শশ – খরগোশ<br>শশী – চাঁদ<br>শশিকর – জ্যোৎস্না<br>শশিপ্রিয়া – রাত<br>শশিকান্ত – পদ্ম |
| কপোত – কবুতর<br>খপোত – আকাশ | যব – গম জাতীয় শস্য<br>জপ – বারবার আবৃত্তি | ক্ষিতি – পৃথিবী<br>ক্ষিতিরুহ – বৃক্ষ | হিরণ – স্বর্ণ<br>হরিণ – পশুবিশেষ | চন্দ্রমা – চাঁদ<br>চন্দ্রিমা – জ্যোৎস্না |
| পরভৃৎ – কাক<br>পরভৃত – কোকিল | অচল – পাহাড়<br>অচলা – পৃথিবী | শৈল –হাড়<br>শিলা – পাথর | অবনী – পৃথিবী<br>নবনী – মাখন | স্বর্গ – জান্নাত<br>সর্গ – অধ্যায়<br>সর্প – সাপ<br>সংসর্প – আঁকাবাঁকা |
| ঊর্মি – ঢেউ<br>ঊর্মিমালী – সমুদ্র | অহ – দিন<br>অহি – সাপ | দ্বিরদ – হাতি<br>দ্বিরেফ – ভ্রমর | পুষ্প – ফুল<br>পুষ্পক – সুরমা | |
| কবরী – চুল<br>করবী – ফুল | নীর – পানি<br>নীড় – বাসা | তামর – পানি<br>তামরস – পদ্ম | অশ্ব – ঘোড়া<br>অশ্ম – পাথর | অংশুমালা – আলো<br>অংশুমালী – সূর্য |
| অদিতি – পৃথিবী<br>আদিত্য – সূর্য | অভ্র – মেঘ, আকাশ<br>শুভ্র – সাদা | অরুণ – সূর্য<br>অরুন্তুদ – মর্মান্তিক | ক্ষণদ্যুতি – বিদ্যুৎ<br>ক্ষণদা – রাত | দ্বিজ – পাখি<br>দ্বিজরাজ – চাঁদ |
| জলধর – সমুদ্র<br>জলাধার – পুকুর | কোকনদ – পদ্ম<br>কাকোদর – সাপ | আষাঢ় – বাংলা মাস<br>আসার – বৃষ্টি, জলকণা | অটবি – বন<br>বিটপী – গাছ | অধিরাজ – রাজা<br>দ্বিজরাজ – চাঁদ |
| কুমুদ – পদ্ম<br>কুমুদিনী – পদ্ম<br>কৌমুদী – জ্যোৎস্না | K2U – মোরগ<br>K2T – মোরগ<br>K2i – কুকুর | শীত – ঋতুবিশেষ<br>সিত – সাদা<br>সিতকর – চন্দ্র | কুণ্ড – গর্ত<br>কুন্তল – কানের অলংকার<br>তণ্ডুল – চাল | খ – আকাশ<br>খগ – পাখি<br>খড়গ – তরবারি |
| কান্ত – পুরুষ<br>কান্তা – নারী<br>কান্তার – বন<br>সুকান্ত – সুন্দর | শিখী – ময়ূর<br>শাখী – বৃক্ষ<br>গিরি – পর্বত<br>গিরি নিস্রাব – নদী | কল্লোল – ঢেউ<br>পল্লব – ডোবা<br>কেশরী – সিংহ<br>শিখরী – পর্বত | চাঁদ – চন্দ্র<br>চাঁদনী – জ্যোৎস্না<br>চাঁদমারি – নিশানা (তীর / আগ্নেয়াস্ত্রের লক্ষ্যভেদ অনুশীলনের জন্য স্থাপিত চন্দ্রাকৃতি লক্ষ্যস্থল) | বিভু – ঈশ্বর<br>বিভা – কিরণ<br>বিভাবরী – রাত্রি<br>বিভাবসু – সূর্য |
| বয়স – বয়ঃক্রম<br>বায়স – কাক | বারিদ – মেঘ<br>বারিধি – সমুদ্র | ভাস্কর – সূর্য<br>ভাস্বর – উজ্জ্বল | | ভাজন – পাত্র / ব্যক্তি<br>ভজন – স্তুতি কীর্তন |
| সুত – পুত্র<br>সুতা – কন্যা<br>সুতপা – সূর্য | বায়ু – বাতাস<br>বায়ুসখা – আগুন<br>অগ্নিসখা – বাতাস | বাতুল – উন্মাদ<br>মাতুল – মামা<br>রাতুল – লাল রং | বহিত্র – নৌকা<br>দৌহিত্র – নাতি<br>বীতিহোত্র – অগ্নি | পারাবার – সমুদ্র<br>পারাবত – কবুতর<br>ঐরাবত – হাতি |
| পবন – বাতাস<br>পাবক – আগুন<br>বিজন – নির্জন<br>বীজন – পাখা<br>দুর্জন – খারাপ ব্যক্তি | পরশ্ব – পরশু<br>পরস্ব – পরের সম্পদ<br>মরুত – বাতাস<br>সরিৎ – নদী<br>বিরুৎ – গুল্ম | মহি – পৃথিবী<br>মহিজ – গ্রহ<br>মহিধর – পর্বত<br>মহিরুহ – গাছ<br>মহিপাল – রাজা | মৃগ – হরিণ, পশু<br>শাখামৃগ – বানর<br>মৃগয়া – পশু শিকার<br>মৃগেন্দ্র – সিংহ<br>মৃগাঙ্ক – চাঁদ | প্রাচী – পূর্ব দিক<br>প্রতীচী – পশ্চিম দিক<br>উদীচী – উত্তর দিক<br>অবাচী – দক্ষিণ দিক |
| বলাহক – মেঘ<br>বালার্ক – সূর্য | নীপ – কদম<br>নৃপ – রাজা | রজনি – রাত<br>রজনিকান্ত – চাঁদ | পুষ্কর – পানি, মেঘ, পদ্ম<br>পুষ্করিণী – পুকুর | দ্যুলোক – আকাশ<br>ভূলোক – পৃথিবী |

## একাধিক অর্থ প্রকাশকারী সমার্থক শব্দ

1. ইরম্মদ – বিদ্যুৎ, হাতি
2. অভ্র – মেঘ, আকাশ
3. পয়স্বিনী – নদী, গোরু
4. অটবি – বৃক্ষ, বন
5. প্রভঞ্জন – বাতাস, ঝড়
6. বিমান – উড়োজাহাজ, আকাশ
7. ইরা – পানি, পৃথিবী
8. ইলা – পানি, পৃথিবী, গোরু
9. পুষ্কর – পানি, মেঘ, পদ্ম
10. শম্বর – হরিণ, পানি
11. পবমান – আগুন, বাতাস
12. নভঃ – আকাশ, মেঘ, জল
13. ইরা – পৃথিবী, জল
14. জীমূত – মেঘ, পর্বত
15. হরি – বিষ্ণু, নারায়ণ, কৃষ্ণ, ব্রহ্মা, ইন্দ্র, যম, সূর্য, চন্দ্র, বায়ু, কিরণ, সিংহ, অশ্ব, বানর, ময়ূর, কোকিল, সাপ, ব্যাং, হাঁস

## বিগত বছরের প্রশ্ন ও উত্তর

### BCS পরীক্ষার প্রশ্নোত্তর

01. 'তাম্বুলিক' শব্দের সমার্থক নয় কোনটি? *[৪৫তম BCS]*
A. পান-ব্যবসায়ী B. পর্ণকার
C. তামসিক D. বারুই **উ: C**

02. নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়? *[৪৪তম BCS]*
A. বহ্নি B. আবীর
C. বায়ুসখা D. বৈশ্বানর **উ: B**

03. 'তাম্বুলিক' শব্দের সমার্থ নয় কোনটি? *[৩৯তম BCS]*
A. বারুই B. পান-ব্যবসায়ী
C. স্বর্ণকার D. তামসিক **উ: D**

04. 'আগুন' শব্দের সমার্থ কোনটি? *[৩৯তম BCS, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা ২০১৭]*
A. আলোক B. কিরণ
C. জ্যোতি D. অনল **উ: D**

05. 'সূর্য' শব্দের সমার্থ শব্দ কোনটি? *[৩৮তম BCS, সমাজসেবা অধিদপ্তর, পদ: ইউনিয়ন সমাজকর্মী ২০২২, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটরের নিয়োগ পরীক্ষা ২০২১, সাত কলেজ মানবিক ইউনিট – ২০২১-২২, Bangladesh Krishi Bank (BKB) Officer 2012]*
A. অর্ণব B. অর্ক
C. প্রসূন D. পল্লব **উ: B**

06. 'সমভিব্যাহারে' শব্দটির অর্থ কী? *[৩৭তম BCS, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ২০২৩, ডাক বিভাগের খুলনা অঞ্চল, মেইল অপারেটর অপারেটর ২০২৩, পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রামের পোস্টাল অপারেটর ২০২৩, Uttara Bank Ltd. Assistant Officer (Cash) 2017]*
A. একাগ্রতায় B. সমান ব্যবহারে
C. সম ভাবনায় D. একযোগে **উ: D**

07. 'প্রকর্ষ' শব্দের সমার্থক শব্দ - *[৩৬তম BCS]*
A. উৎকর্ষতা B. অপকর্ষ
C. উৎকর্ষ D. অপকর্ষতা **উ: C**

08. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি? *[৩৫তম BCS, Bangladesh Bank Asst. Director 2012]*
A. সলিল B. উদক
C. জলধি D. নীর **উ: C**

09. 'বামেতর' শব্দের অর্থ কোনটি? *[৩৫তম BCS, ২৩তম BCS (মুক্তিযোদ্ধার সন্তান)]*
A. বামচোখ B. ইতর
C. বামদিক D. ডান **উ: D**

10. কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়? *[৩৩তম BCS]*
A. পাবক B. বৈশ্বানর
C. সর্বশুচি D. প্রজ্বলিত **উ: D**

11. 'বৃক্ষ' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[৩২তম BCS, ঢাবি F ২০১৭-১৮, রাবি E (জোড়) ২০১৬-১৭]*
A. কলাপী B. নীরধি
C. বিটপী D. অবনি **উ: C**

12. কোনটি 'বাতাস' শব্দের সমার্থক নয়? *[৩২তম BCS, চবি C ২০১৫-১৬]*
A. পাবক B. মারুত
C. পবন D. অনিল **উ: A**

13. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[৩১তম BCS, জাবি C1 ২০১৭-১৮]*
A. পৃথ্বী B. নীর
C. ক্ষিতি D. অবনী **উ: B**

14. 'শিখণ্ডী' শব্দের অর্থ কী? *[৩২তম BCS, NSI ফিল্ড অফিসার ২০২৩]*
A. কবুতর B. কোকিল
C. খরগোশ D. ময়ূর **উ: D**

15. 'অনীক' শব্দের অর্থ - *[৩০তম BCS, কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদের নিয়োগের লিখিত পরীক্ষা ২০২১, রা.বি. E ইউনিট (বিজোড়) ২০১২-১৩]*
A. সূর্য B. সমুদ্র
C. যুদ্ধক্ষেত্র D. সৈনিক **উ: D**

16. 'আফতাব' শব্দের সমার্থক কোনটি? *[৩০তম BCS, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৫, প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৫]*

A. অর্ণব B. রাতুল
C. অর্ক D. জলধি **উ: C**

17. 'উপরোধ' শব্দের অর্থ কোনটি? *[২৮ তম BCS, জনতা ব্যাংক লি. সিনিয়র অফিসার (আইটি) ২০১৬, থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৩, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন সিনিয়র অফিসার ২০১১]*

A. প্রতিরোধ B. প্রস্থাপন
C. অনুরোধ D. উপযোগী **উ: C**

18. সমার্থক শব্দগুচ্ছ সনাক্ত করুন - *[২৩তম BCS (মুক্তিযোদ্ধার সন্তান)]*

A. দীর্ঘিকা, নদী, প্রণালি
B. শৈবলিনী, তরঙ্গিনী, সরিৎ
C. গাঙ, তটিনী, অর্ণব
D. স্রোতস্বিনী, নির্ঝরিণী, সিন্ধু **উ: B**

19. প্রথম বাংলা 'থিসরাস' বা সমার্থক শব্দের অভিধান সংকলন করেন – *[২৩তম BCS, Rajshahi Krishi Unnayan Bank Officer 11]*

A. মুহম্মদ শহীদুল্লাহ B. অশোক মুখোপাধ্যায়
C. জগন্নাথ চক্রবর্তী
D. মুহাম্মদ হাবিবুর রহমান **উ: D**

ব্যাখ্যা: বাজারে প্রচলিত অধিকাংশ বইয়েই এ প্রশ্নের উত্তর অশোক মুখোপাধ্যায় দেওয়া। কিন্তু স্বয়ং অশোক মুখোপাধ্যায় রচিত "সংসদ সমার্থ শব্দকোষ" যা ১৯৮৭ সালে প্রকাশিত হয়েছে সেই বইয়ের ভূমিকায় লেখা আছে যে, বাংলা ভাষার প্রথম 'থিসরাস' হচ্ছে মুহাম্মদ হাবিবুর রহমান সংকলিত "যথাশব্দ" যা ১৯৭৪ সালে বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত। সুতরাং, এই প্রশ্নের সঠিক উত্তর হবে মুহাম্মদ হাবিবুর রহমান। তবে অপশনে মুহাম্মদ হাবিবুর রহমান না থাকলে সেক্ষেত্রে অশোক মুখোপাধ্যায় সঠিক উত্তর বলে বিবেচিত হবে।

20. 'অপলাপ' শব্দের অর্থ কী? *[২২তম BCS]*

A. প্রলাপ B. অস্বীকার
C. অসদালাপ D. মিথ্যা **উ: B**

21. বিরাগী শব্দের অর্থ কী? *[২১তম BCS, SESIP উপজেলা / থানা একাডেমিক সুপারভাইজার ২০১৫]*

A. উদাসীন B. প্রতিকূল
C. রাগহীন D. বিশেষভাবে রুষ্ট **উ: A**

22. 'শিষ্টাচার' - এর সমার্থক শব্দ কোনটি? *[১১তম BCS, সাব-রেজিস্টার ২০১৬]*

A. নিষ্ঠা B. সদাচার
C. সততা D. সংযম **উ: B**

23. 'সূর্য' শব্দের সমার্থ শব্দ কোনটি? *[১১তম BCS, Joint Recruitment Test for 4 Bank Officer 2019, Bangladesh Bank Asst. Director 2012, রা.বি K ২০১৭-১৮, চ.বি D ২০১৪-১৫, রা.বি F ২০১৪-১৫, ই.বি B ২০১৪-১৫]*

A. সুধাংশু B. শশাঙ্ক
C. বিধু D. আদিত্য **উ: D**

## ব্যাংক নিয়োগ পরীক্ষার প্রশ্নোত্তর

24. 'কিশলয়' শব্দের অর্থ কী? *[সমন্বিত ৭টি ব্যাংকের অফিসার (ক্যাশ) ২০২৩]*

A. গাছের নতুন পাতা B. নবচিন্তা
C. বিদ্যাশিক্ষার স্থান D. বিধানকর্তা **উ: A**

25. 'চারু' শব্দটির প্রতিশব্দ কোনটি? *[সমন্বিত ৭টি ব্যাংকের অফিসার (ক্যাশ) ২০২৩]*

A. হেম B. রমা C. কর D. অন্ত **উ: B**

ব্যাখ্যা: 'চারু' শব্দের অর্থ সুন্দর। আর 'রমা' শব্দের অর্থ সুন্দরী। সুতরাং সঠিক উত্তর অপশন B.

26. 'ছার' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[সমন্বিত ৭টি ব্যাংকের অফিসার (ক্যাশ) ২০২৩]*

A. অধম B. ত্যাগ
C. পোকাবিশেষ D. প্রহর **উ: A**

27. নিচের কোনটি সূর্যের প্রতিশব্দ? *[সমন্বিত ৯টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার (জেনারেল) ২০২৩, SESIP উপজেলা / থানা একাডেমিক সুপারভাইজার ২০১৫, প্রাক. প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) ২০১৩]*

A. অবনী B. সুধাকর
C. সবিতা D. কলানিধি **উ: C**

28. 'হিমাংশু' শব্দের প্রতিশব্দ কোনটি? *[সমন্বিত ৯টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার (জেনারেল) ২০২৩]*

A. নির্মল বাতাস B. হিমবাহ
C. সূর্য D. চন্দ্র **উ: D**

29. 'অহি' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[সমন্বিত ৮ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পদ: অফিসার জেনারেল, ২০২২, সমন্বিত ৫ ব্যাংক, পদ: অফিসার ক্যাশ, ২০২২]*

A. আগুন B. জল
C. গিরি D. সাপ **উ: D**

30. নিচের কোনটি 'নদী' শব্দের সমার্থক শব্দ নয়? *[সমন্বিত ৫ ব্যাংক, পদ: অফিসার ক্যাশ, ২০২২]*

A. তরঙ্গিনী B. শৈবালিনী
C. লহরী D. স্রোতোবহা **উ: C**

31. 'অদিতি' - এর সমার্থক শব্দ নয় কোনটি? *[কর্মসংস্থান ব্যাংক নিয়োগ পরীক্ষা, পদ: ডাটা এন্ট্রি অপারেটর, ২০২২]*

A. পৃথ্বী B. নীর
C. ক্ষিতি D. অবনী **উ: B**

**32. 'শশাঙ্ক' - এর সমার্থক শব্দ কোনটি?** *[বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক ২০২১, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) সহকারী নিরাপত্তা কর্মকর্তা ২০২১]*

A. সমুদ্র B. সূর্য
C. সৈকত D. চাঁদ **উ: D**

**33. 'তিটিনী' এর সমার্থক শব্দ কোনটি?** *[উত্তরা ব্যাংক লি. অ্যাসিস্ট্যান্ট অফিসার ও ক্যাশ ২০২২]*

A. জলধি B. নদী
C. সলিল D. আকাশ **উ: B**

**34. 'বিহগ' এর সমার্থক শব্দ নয় কোনটি?** *[প্রিমিয়ার ব্যাংক TJO – General / Cash, ২০২২]*

A. প্রসূন B. খগ
C. পাখি D. খেচর **উ: A**

**35. প্রতিশব্দ নয় নিচের কোনটি?** *[প্রবাসী কল্যাণ ব্যাংক ক্যাশ অফিসার ২০২১]*

A. বলাহক B. জীমূত
C. বারিদ D. উদক **উ: D**

> ব্যাখ্যা: বলাহক, জীমূত ও বারিদ শব্দের অর্থ 'মেঘ'। আর উদক শব্দের অর্থ 'পানি'।

**36. 'পদ্ম' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** *[Pubali Bank Ltd. Junior Officer 2019]*

A. রঙ্গন B. উৎপল
C. পঙ্কজ D. কমল **উ: A**

**37. 'প্রত্যুষ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** *[Pubali Bank Ltd. Junior Officer 2019]*

A. অবক্র B. উষা
C. সলিল D. অম্বর **উ: B**

**38. 'ইতিকথা' শব্দের অর্থ কী?** *[BSC Senior Officer 2018 (Cancelled)]*

A. শেষকথা B. ইতিহাস
C. কাহিনি D. অর্থশূন্য কথা **উ: A**

**39. 'আপণ' শব্দের অর্থ কী?** *[Probashi kallyan Bank Senior Executive Officer 2018]*

A. একান্ত B. নিজস্ব
C. দোকান D. অহং **উ: C**

**40. 'সওগাত' শব্দের অর্থ -** *[Probashi kallyan Bank Senior Executive Officer 2018]*

A. উপহার B. তিরস্কার
C. শেষচাঁদ D. মেঘ **উ: A**

**41. 'নদী' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** *[Bangladesh Bank Assistant Director 2018]*

A. গাঙ B. তরঙ্গিণী
C. শৈবলিনী D. পাটনি **উ: D**

**42. 'দেবতা' শব্দের সমার্থক শব্দ কোনটি?** *[Joint Recruitment Test for 2 Bank Officer 2019, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]*

A. বিভূতি B. সুর
C. দেউল D. ভূত **উ: B**

> ব্যাখ্যা: অনেক বইতে এই প্রশ্নের উত্তর দেখলাম অপশন C এর 'দেউল' দেওয়া। 'দেউল' শব্দের অর্থ দেবালয়; দেবতা নয়। অপশন B এর 'সুর' শব্দের অনেকগুলো অর্থ রয়েছে। কণ্ঠস্বর, সংগীতের তাল, দেবতা, সূর্য, পণ্ডিত – এগুলো সবই 'সুর' শব্দের সমার্থক শব্দ। সুতরাং সঠিক উত্তর অপশন B.

**43. 'সম্পৃক্ত' শব্দটির সঠিক অর্থ কোনটি?** *[Probashi kallyan Bank Senior Executive Officer 2018]*

A. সংযুক্ত B. আঁটবাঁধা
C. অন্তর্ভুক্ত D. সংক্ষিপ্ত **উ: A**

**44. 'সমুদ্র' শব্দটির সঠিক অর্থ কোনটি?** *[Basic Bank Ltd. Asst. Manager 2018]*

A. কলত্র B. অর্ণব
C. রোদসী D. আপ্লব **উ: B**

**45. কোনটি 'আকাশ' শব্দের সমার্থক শব্দ নয়?** *[Basic Bank Ltd. Asst. Manager 2018, Bangladesh Bank Assistant Director 2011]*

A. হিমাংশু B. গগন
C. অম্বর D. ব্যোম **উ: A**

**46. 'বায়স' শব্দের অর্থ -** *[Basic Bank Ltd. Asst. Manager 2018]*

A. কোকিল B. বায়বীয়
C. কাক D. কোনোটিই নয় **উ: C**

**47. 'কোকিল' শব্দের সমার্থক শব্দ কোনটি?** *[BSC Senior Officer 2018 (Cancelled)]*

A. পিক B. পাখি
C. অর্ণব D. অহি **উ: A**

**48. 'জল' শব্দের সমার্থক শব্দ -** *[Janata Bank Limited Executive Officer 2017 (Morning)]*

A. সর্বশুচি B. ওদন
C. উদক D. বারিদ **উ: C**

**49. 'অর্ণব' ও 'হিল্লোল' শব্দের সমার্থক শব্দ -** *[Bangladesh Development Bank Ltd. Senior Officer 2017]*

A. অম্বু ও বরুণ B. কল্লোল ও সলিল
C. সরোবর ও হিন্দোল D. পয়োধি ও তরঙ্গ **উ: D**

**50. কোনটি 'চাঁদ' এর সমার্থক শব্দ নয়?** *[Uttara Bank Ltd. Assistant Officer (Cash) 2017, ইসলামী ব্যাংক অফিসার, আরডিএস ২০১৩, Bangladesh Bank Asst. Director 2012, ঢা.বি. A ২০১৫-১৬]*

A. ইন্দু B. তুরগ
C. রাকেশ D. বিধু **উ: B**

51. 'মনীষা' শব্দের সাথে বেমানান কোনটি? *[Bangladesh Development Bank Ltd. Senior Officer 2017]*
A. প্রতিভা B. বিচক্ষণ
C. এষণা D. প্রজ্ঞা **উ: C**

52. 'বৈদগ্ধ্য' শব্দটির অর্থ হলো - *[Probashi kallyan Bank Executive Officer (General) 2017)]*
A. জ্ঞান B. দার্শনিক
C. পাণ্ডিত্য D. বৈয়াকরণিক **উ: C**

53. 'সর্বভুক' শব্দটির অর্থ হলো - *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer 2017)]*
A. রাক্ষস B. আগুন
C. বন্যা D. সাইক্লোন **উ: B**

54. নিচের কোনটির অর্থ 'চুরি করা'র সঙ্গে সংশ্লিষ্ট নয়? *[Pubali Bank Ltd. Trainee Assistant Teller 2017]*
A. চক্ষুদান B. হাতটান
C. কুম্ভীলক D. বদান্যতা **উ: D**

55. নিচের কোনটি 'শৃঙ্গী' শব্দের সমার্থক? *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer 2017)]*
A. বিহঙ্গম B. গিরি
C. নির্ঝরিনী D. লহরী **উ: B**

56. নিচের কোনটি 'কন্যা' শব্দের সমারƒথক? *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer 2017)]*
A. ললনা B. আত্মজা
C. জায়া D. অবলা **উ: B**

57. 'রোজনামচা' শব্দের অর্থ কী? *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer 2017)]*
A. দিনের কৃত্যসূচি B. দিনলিপি
C. দিনযাপন প্রণালী D. দিবসনামা **উ: B**

58. 'নৃপতি' শব্দের অর্থ কী? *[Bankhrabad Gas Distribution Co. Ltd. Asst. Manager (General) 2017]*
A. রাজা B. স্বামী
C. নাপিত D. মাতবর **উ: A**

59. 'প্রসূন' শব্দের অর্থ কী? *[Bankhrabad Gas Distribution Co. Ltd. Asst. Manager (General) 2017]*
A. বন B. বৃক্ষ
C. পুষ্প D. ফল **উ: C**

60. 'শকট' শব্দের অর্থ কী? *[Bankhrabad Gas Distribution Co. Ltd. Asst. Manager (General) 2017]*
A. গাড়ি B. মাছ
C. ময়ূর D. গোরু **উ: A**

61. 'সিত' শব্দের অর্থ কী? *[Bankhrabad Gas Distribution Co. Ltd. Asst. Manager (Accounts / Revenue / Audit) 2017]*
A. আসক্ত B. সাত
C. ধবল D. স্বাক্ষর **উ: C**

62. 'চয়ন' শব্দের অর্থ কী? *[Bankhrabad Gas Distribution Co. Ltd. Asst. Manager (General) 2017, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়ের অডিটর ২০১৭]*
A. কঠিন B. স্বপ্ন
C. সুন্দর D. সম্ভার **উ: D**

63. নিচের কোনটিতে আভিধানিক অর্থ প্রযোজ্য নয়? *[Uttara Bank Ltd. Assistant Officer (Cash) 2017]*
A. মোটা শরীর B. মোটা কাপড়
C. মোটা টাকা D. মোটা বুদ্ধি **উ: C**

ব্যাখ্যা: প্রথম কথা বাজারের প্রচলিত অনেক বইতে এই প্রশ্নটাই ভুল টাইপ করা আছে। প্রশ্নে হবে আভিধানিক অর্থ প্রযোজ্য নয়। কিন্তু বাজারের বেশিরভাগ বইতে টাইপ করা আছে আভিধানিক অর্থে প্রযোজ্য; যেটা ভুল। এখন আসি এই প্রশ্নের উত্তরে। বাংলা একাডেমির আধুনিক বাংলা অভিধানে 'মোটা' শব্দের অর্থ বিশ্লেষণে মেদবহুল বোঝাতে মোটা শরীর, সূক্ষ্ম নয় এমন বোঝাতে মোটা কাপড় ও চালাক নয় এমন বোঝাতে মোটা বুদ্ধি তিনটিরই উল্লেখ আছে।

> দুই চাকার যানবিশেষ।
> মোটা /মোটা/ [বা.] বিণ. ১ মেদবহুল (মোটা শরীর)। ২ পুরু (মোটা কম্বল)। ৩ সূক্ষ্ম নয় এমন (মোটা কাপড়)। ৪ কর্কশ (মোটা গলা)। ৫ তীক্ষ্ণ নয় এমন, স্থূল (মোটা বুদ্ধি)। ৬ অধিক (মোটা খরচ)। ৭ সরু বা মিহি নয় এমন (মোটা চাল)।
> মোটানো /মোটানো/ [বা.] ক্রিব. মোটা হওয়া,

কিন্তু মোটা টাকার উল্লেখ নেই। তাছাড়া লক্ষ করে দেখুন আমরা মোটা টাকা কখনোই বলি না; বলি মোটা অঙ্কের টাকা। টাকা কখনো মোটা হয় না; টাকার অঙ্কটা বা পরিমাণটা বেশি বোঝাতে মোটা আর কম বোঝাতে চিকন হয়। তাই সঠিক উত্তর হবে অপশন C.

64. 'পয়জার' শব্দের অর্থ কী? *[রাবি আইন বিভাগ ২০১২-১৩, Pubali Bank Ltd. Trainee Assistant Teller 2017]*
A. পায়জামা B. ঝাড়
C. জুতো D. প্রয়োজন **উ: C**

65. 'অম্বু' শব্দের সমার্থক শব্দ - *[Agrani Bank Ltd. Senior Officer 2017, বাংলাদেশ বেতারের সহসম্পাদক ২০১৯]*
A. নদী B. আগুন
C. চাঁদ D. পানি **উ: D**

66. 'নবিশ' শব্দের অর্থ কী? *[Rajshahi Krishi Unnayan Bank Supervisor 2017]*
A. লিপিকার B. চালাক
C. নবাব D. নতুন **উ: A**

67. 'নধর' শব্দের সমার্থক কোনটি? *[Rajshahi Krishi Unnayan Bank Supervisor 2017]*
A. শক্তিধর B. তাজা
C. অলস D. নফর **উ: B**

68. নদীর সমার্থক নয় কোনটি? *[Pubali Bank Ltd. Trainee Assistant Teller 2017, Pubali Bank Ltd. junior Officer (Cash) 2013]*
A. তটিনী B. স্রোতস্বিনী
C. জলধি D. তরঙ্গিনী **উ: C**

69. 'পবন' শব্দের সমার্থক শব্দ – *[Rajshahi Krishi Unnayan Bank Supervisor 2017]*
A. পাবক B. সমীরণ
C. কিরণ D. প্রভা **উ: B**

70. 'নিকুঞ্জ' শব্দের অর্থ কোনটি? *[ইসলামী ব্যাংক অফিসার আরডিএস ২০১৩]*
A. কেলার মাঠ B. পাখির বাসা
C. খড়ের ঘর D. বাগান **উ: D**

71. 'সালতি' শব্দের অর্থ কী? *[Bangladesh Krishi Bank Officer 2017]*
A. বড় আকারের বালতি
B. সাল বা বছর গণনার পঞ্জি
C. শাল গাছের সারি
D. তাল গাছের সরু ডোঙ্গা **উ: D**

72. 'কপর্দকহীন' শব্দের অর্থ কোনটি? *[ইসলামী ব্যাংক অফিসার, আরডিএস ২০১৩]*
A. বোকা B. নিঃস্ব
C. সহায়হীন D. মলিন **উ: B**

73. 'সুপ্ত' শব্দের অর্থ - *[ইসলামী ব্যাংক অফিসার, আরডিএস ২০১৩]*
A. সুহৃদ B. সুন্দর
C. নিদ্রিত D. গরমিল **উ: C**

74. 'সমুদ্র' শব্দের সমার্থক নয় কোনটি? *[Pubali Bank Ltd. junior Officer (Cash) 2013, Janata Bank Limited Executive Officer 12, Bangla desh Bank Asst. Director 2012, Sonali Bank Ltd. Officer 2010]*
A. রত্নাকর B. প্রবাহিণী
C. জলধি D. অর্ণব **উ: B**

75. নিচের কোনটি 'পৃথিবী' শব্দের সমার্থক নয়? *[Pubali Bank Ltd. junior Officer (Cash) 2013]*
A. মহি B. বসুধা
C. মহিধর D. উর্বী **উ: C**

76. 'বায়ু' শব্দের সমার্থক কোনটি? *[Pubali Bank Ltd. junior Officer (Cash) 2013]*
A. বাত B. অলি
C. বলাহক D. বারি **উ: A**

77. 'চাঁদ' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Bangladesh Bank Asst. Director 2012]*
A. চন্দ্রিকা B. কৌমুদী
C. চাঁদনি D. নিশাপতি **উ: D**

78. 'জল' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Bangladesh Bank Asst. Director 2012]*
A. অম্বু B. সরিৎ
C. তড়িৎ D. নিম্ব **উ: A**

79. কোনটি প্রতিশব্দ নয়? *[Bangladesh Bank Asst. Director 12]*
A. কৌমুদী B. শতদল
C. উৎপল D. নলিনী **উ: A**

80. 'রাজা' শব্দের সমার্থক কোনটি? *[Bangladesh Bank Asst. Director 12]*
A. নরেন্দ্র B. জমিদার
C. মহেন্দ্র D. সফেদ **উ: A**

81. 'দ্বিপ' শব্দের অর্থ কী? *[Bangladesh Rural Development Board (BRDB) Officer 2012]*
A. আলো B. হাতি
C. বাতি D. জলবেষ্টিত স্থান **উ: B**

82. কোনটি প্রতিশব্দ নয়? *[Bangladesh Bank Asst. Director 12]*
A. মিহির B. বিজলি
C. অরুণ D. দিনেশ **উ: B**

83. কোনটি প্রতিশব্দ নয়? *[Bangladesh Bank Asst. Director 2012]*
A. তপন B. অর্ক
C. সৌর D. অনিল **উ: D**

84. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Janata Bank Limited Executive Officer 2012, Bangladesh Bank Assistant Director 2012, Sonali Bank Ltd. Officer 2010]*
A. অনিল B. জলধর
C. পাথার D. মাতঙ্গ **উ: C**

85. 'খগ' শব্দের অর্থ কোনটি? [Bangladesh Gas Field Co Asst. Manager 2011]
A. ঘোড়া B. বাঘ
C. পাখি D. মানুষ **উ: C**

86. 'শ্রীঘর' শব্দের বৈশিষ্ট্যপূর্ণ অর্থ কী? *[Bangladesh Rural Development Board (BRDB) Officer 2012]*
A. সুদৃশ্য ঘর B. বৈঠকখানা
C. জেলখানা D. সরাইখানা **উ: C**

87. 'বসুমতী' শব্দটির সমার্থক শব্দ কোনটি? *[Bangladesh Bank Assistant Director 2011]*
A. বাগান B. ধরিত্রী
C. পাকা বাড়ি D. ফসলের ক্ষেত **উ: B**

88. 'পরার্থ' শব্দের অর্থ কী? *[Bangladesh Bank Asst. Director 2011, রাবি I ২০১৭-১৮]*
A. পরাধীন B. পরোপকার
C. পরান D. পড়ে যাওয়া **উ: B**

89. কোনটি প্রতিশব্দ নয়? *[Bangladesh Bank Asst. Director 12]*
A. বামা B. রামা
C. সুত D. কান্তা **উ: C**

90. 'মনোরম' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Janata Bank Ltd. Executive Officer 2011]*
A. কোমল B. নির্মল
C. অকল্পনীয় D. রমণীয় **উ: D**

91. কোনটি সূর্যের সমার্থক শব্দ? *[Janata Bank Ltd. Executive Officer 2012]*
A. মাতঙ্গ B. অবনী
C. কলানিধি D. বিভাবসু **উ: D**

92. 'কিরীট' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. ২০২১, Agrani Bank ltd. Senior Officer 2011]*
A. সাপ B. বৃক্ষ
C. পতঙ্গ D. মুকুট **উ: D**

93. 'খড়্গ' শব্দের সমার্থক নয় কোনটি? *[Probashi kallyan Bank Senior Executive Officer 2018]*
A. অসি B. ভল্ল
C. কৃপাণ D. তরবারি **উ: B**

94. 'পরশ্ব' শব্দের অর্থ কোনটি? *[৩৫তম BCS]*
A. পরশু B. কোকিল
C. পরের ধন D. পার্শ্ববর্তী **উ: A**

95. সূর্যের সমার্থক শব্দ কোনগুলো? *[Agrani Bank Ltd Senior Officer 2017 (cancelled)]*
A. তপন, পূষণ B. দিবাকর, নিশাকর
C. অরুণ, বরুণ D. আদিত্য, প্রচেভ **উ: A**

96. 'কাদম্বিনী' শব্দের অর্থ কী? *[Agrani Bank Ltd Senior Officer 2017 (cancelled) রাবি E ২০১৭-১৮, ববি D ২০১২-১৩]*
A. অসহায় B. নদী
C. মেঘমালা D. সূর্য **উ: C**

97. 'মৃগাঙ্ক' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Bangladesh Krishi Bank (BKB) Supervisor 2012]*
A. হরিণ শিশু B. চন্দ্র
C. চিত্রা হরিণ D. হরিণ শিকার **উ: B**

98. 'অছি' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Agrani Bank ltd. Senior Officer 2011]*
A. মশা B. নিরাপত্তা
C. অভিভাবক D. মনোনয়ন **উ: C**

99. 'ঋজু' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Janata Bank ltd. Senior Officer 2011]*
A. সোজা B. ঋক্ষ
C. বঙ্কিম D. নক্ষত্র **উ: A**

100. 'অত্যহিত' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Agrani Bank ltd. Senior Officer 2011]*
A. অতি উপকার B. অতি অনিষ্ট
C. ঘনিষ্ঠ D. সন্নিকট **উ: B**

101. 'কুহক' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Janata Bank ltd. Senior Officer 2011, রা.বি. E ইউনিট (জোড়) ২০১২-১৩]*
A. মায়া B. কুহেলি
C. ভ্রম D. সবগুলো **উ: A**

102. 'মঙ্গা' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Janata Bank ltd. Senior Officer 2011]*
A. দুর্মূল্য B. মারামারি
C. মঙ্গল D. অভাব **উ: A**

103. 'উপাধান' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Investment Corpo ration of Bangladesh (ICB Officer 2011)]*
A. বালিশ B. দূত
C. পোশাক D. পরিচ্ছদ **উ: A**

104. 'নেত্র' শব্দের অর্থ কী? *[Janata Bank Ltd. Executive Officer 2012]*
A. চোখ B. চন্দ্র
C. সূর্য D. ক্ষেত্র **উ: A**

105. 'শুক্তি' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Rupali Bank ltd. Officer 2011]*
A. মাছ B. ঝিনুক
C. স্বচ্ছ D. বিশুদ্ধ **উ: B**

106. 'অম্বর' শব্দের অর্থ কী? *[Bangladesh Bank Cash Officer 2011, চ.বি. C ২০১৫-১৬]*
A. আকাশ B. কৃত্রিম
C. মেঘ D. রাত্রি **উ: A**

107. 'অধমর্ণ' শব্দের সমার্থ – *[Agrani Bank Ltd. Officer 2011]*
A. মরা B. আধমরা
C. বিনয়ী D. ঋণী **উ: D**

108. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[Investment Corpora- tion of Bangladesh (ICB Officer 2011)]*
A. শৈল B. মহিধর
C. তামর D. নগ **উ: C**

109. 'অভিনিবেশ' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Bangladesh Krishi Bank (BKB) Supervisor 2012]*
A. অভিরুচি B. নিস্পৃহ
C. মনোযোগ D. বিশেষভাবে **উ: C**

110. 'কারকিত' শব্দের অর্থ কোনটি? *[Bangladesh Bank Assistant Director 2018]*
A. কৃষিজমি B. কৃষিকর্ম
C. ভূমিজীবী D. নিষ্কর জমি **উ: A**

111. 'তুবড়ি' শব্দের অর্থ কী? *[Sonali Bank Ltd. Senior Officer 2018]*
A. বাজি B. জোরালো
C. তাড়াতাড়ি D. তেড়ে আসা **উ: A**

112. 'নরেন্দ্র' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer 2012]*
A. রাজা B. ভূপাল
C. কিরণমালী D. নৃপ **উ: C**

113. 'নিকেতন' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer 2012]*
A. গৃহ B. আগার
C. নিবিড় D. বাটি **উ: C**

114. 'কামিনী' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer 2012]*
A. ভামিনী B. সীমন্তিনী
C. নারী D. আত্মজ **উ: D**

115. 'লক্ষ্য' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer 2012]*
A. গন্তব্য B. মনজিল
C. অভীষ্ট D. জটিল পথ **উ: D**

116. 'হস্তী' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer 2012]*
A. মাতঙ্গ B. বিহঙ্গ
C. কুঞ্জর D. দ্বিপ **উ: B**

117. 'নদী' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer 2011]*
A. তটিনী B. ভামিনী
C. প্রবাহিনী D. শৈবলিনী **উ: B**

118. 'হাতি' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer (Cash) 2011]*
A. কুঞ্জর B. বারণ
C. পয়োধি D. দ্বিপ **উ: C**

119. 'নীর' শব্দের অর্থ কী? *[Uttara Bank Limited Asst. Officer (Cash) 2011; Bangladesh Development Bank Limited, Senior Officer (IT) 2011, ই.বি. H (সেট-২) ২০১৪-১৫]*
A. নদী B. বাড়ি
C. পানি D. বাসা **উ: C**

120. 'তটিনী' শব্দের প্রতিশব্দ কোনটি? *[Uttara Bank Limited Asst. Officer (Cash) 2011]*
A. কূল B. সলিল
C. নদী D. জলধি **উ: C**

121. 'সূর্য' শব্দের প্রতিশব্দ কোনটি? *[Dutch-Bangla Bank Limited Management Trainee Officer 2011]*
A. অবনী B. নিশানাথ
C. সবিতা D. উদক **উ: C**

122. 'পানি' শব্দের প্রতিশব্দ কোনটি? *[City Bank Ltd. Probationary Officer (Cash) 2011]*
A. উদক B. পত্রগ
C. অরুণ D. বহ্নি **উ: A**

123. 'অশ্ব' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Standard Bank Limited, Asst. Officer 2012]*
A. ঘোড়া B. ঘোটক
C. তুরঙ্গ D. বিভা **উ: D**

124. 'নন্দিনী' শব্দের প্রতিশব্দ কোনটি? *[Exim Bank Limited, Officer (Cash) 2011]*
A. নারী B. সুন্দরী
C. তনয়া D. ননদিনী **উ: C**

125. 'সমীর' শব্দের অর্থ কোনটি? *[Karmasangstan Bank Entry Operator 2011]*
A. কুয়াশা B. বাতাস
C. উত্তরী D. সমুদ্র **উ: B**

126. 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Rajshahi Krishi Unnayan Bank Cashier 2010]*
A. তটিনী B. অখিল
C. স্থির D. অতিকায় **উ: B**

127. 'অভিরাম' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Bangladesh Krishi Bank Data Entry Control Operator 2012]*
A. অভিভূত B. রমনীয়
C. সাদৃশ্য D. অভিরুচি **উ: B**

128. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[Bangladesh Krishi Bank (BKB) Supervisor 2012]*
A. সাগর B. স্রোতস্বিনী
C. পারাবার D. অর্ণব **উ: B**

129. কোনটি 'ভানু' শব্দের প্রতিশব্দ নয়? *[Bangladesh Krishi Bank (BKB) Supervisor 2012]*
A. রবি B. সূর্য
C. শশী D. প্রভাকর **উ: C**

130. 'একই সময়ে' এর সমার্থক কোনটি? *[Bangladesh Krishi Bank (BKB) Officer (Cash) 2011]*
A. সামসময়িক B. যুগপৎ
C. যুগৎপত D. বর্তমান **উ: B**

131. 'উদ্যত' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[Investment Corporation of Bangladesh (ICB) Senior Officer 2011]*
A. অবিনীত B. দুর্বিনীত
C. সংকল্পবদ্ধ D. বলিষ্ঠ **উ: D**

132. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[Investment Corporation of Bangladesh (ICB) Senior Officer 2011]*
A. শৈল B. মহিধর
C. মেদিনীধর D. তামর **উ: D**

133. 'কোকিল' শব্দের প্রতিশব্দ কোনটি? *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer 2011]*
A. করী B. কুণ্ডল
C. কলকণ্ঠ D. কুঞ্জর উ: C

134. 'পর্বত' শব্দের প্রতিশব্দ কোনটি? *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Officer 2011]*
A. অদ্রি B. অশ্ম
C. অংশু D. ক্ষিতি উ: A

135. 'আকাশ' শব্দের প্রতিশব্দ কোনগুলো? *[Bangladesh Oil Gas & Mineral corporation (Petrobangla) Ass. manager (Admin) 2011]*
A. অলক, কুন্তল, চিকুর
B. অনল, পাবক, বহ্নি
C. ব্যোম, অন্তরিক্ষ, শূন্য
D. ধরিত্রী, মহি, মেদেনী উ: C

136. 'সূর্য' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[Pubali Bank Limited Junior Officer 2012]*
A. দিবাকর B. বিভাবসু
C. হিমকর D. দিনকর উ: C

137. 'সায়ন্তন' শব্দের প্রকৃত অর্থ কোনটি? *[Rupali Bank Limited Senior Officer 2010]*
A. রাত্রির শেষ প্রহর B. সন্ধ্যা
C. দুপুর D. সকাল উ: B

138. 'অংশু' শব্দের প্রতিশব্দ কোনটি? *[Agrani Bank Limited Officer 2011]*
A. চন্দ্রা B. লজ্জা
C. লোহিত D. প্রভা উ: D

139. 'অগ্নি-সহ' শব্দের অর্থ কোনটি? *[Agrani Bank Limited Officer 2011]*
A. যা আগুনে পোড়ে না
B. যাতে আগুন লাগে
C. ধূমপানের উপকরণ
D. দেয়াশলাই উ: A

140. 'পুণ্ড্র' শব্দের অর্থ কোনটি? *[Agrani Bank Limited Officer 2011]*
A. প্রাচীন B. ইক্ষু
C. বৃদ্ধ D. জরা উ: B

141. 'প্রবীণ' শব্দটির ব্যাবহারিক অর্থ কোনটি? *[Bangladesh House Building Finance Corporation (BHBFC) Senior Officer 2011]*
A. অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি
B. অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি
C. বৃদ্ধ ব্যক্তি
D. প্রকৃষ্টরূপে বীণা বাজাতে পারেন যিনি উ: B

142. 'জাফরি' শব্দের অর্থ কোনটি? *[Agrani Bank Limited Officer 2011]*
A. মসলা বিশেষ B. বাহারি দেওয়াল
C. চৌকা ছিদ্রের বেড়া
D. গোলাকার ছিদ্রের বেড়া উ: C

143. 'অনীক' শব্দের সমার্থ কোনটি? *[Agrani Bank Limited Officer 2011]*
A. কাল্পনিক B. সৈন্যদল
C. নিরাবয়ব D. রূপকল্প উ: B

144. নিচের শব্দমালায় খাপ না এমন শব্দ কোনটি? *[Bangla desh Deveopment Bank Limited Senior Officer (IT) 2011]*
A. সম্রাজ্ঞী B. রাণী
C. রমণী D. সুলতানা উ: C

145. 'দারুণ' শব্দটির আদি শব্দ – *[Bangladesh House Bilding Finance Corporation (BHBFC) Senior Officer 2011]*
A. দারু নির্মিত B. বাক্যহীন
C. দমন D. অত্যন্ত উ: D

146. 'নির্বন্ধ' শব্দটির অর্থ কোনটি? *[Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst. Engineer 2011]*
A. বিধান B. নিগূঢ়
C. নিশ্চিত D. আগ্রহ উ: A

147. 'জঙ্গম' শব্দটির অর্থ কোনটি? *[Titas Gas Transmission & Distribution Co. Ltd. Deputy Asst. Engineer 2011]*
A. জঙ্গলাবৃত B. জলজ উদ্ভিদ
C. গতিশীল D. হাঁটু পর্যন্ত উ: C

148. 'সেতারা' শব্দটির অর্থ কোনটি? *[Rajshahi Krishi Unnayan Bank Senior Officer 2010]*
A. তারকা B. বাদ্যযন্ত্র
C. সূর্যোদয় D. দ্বাদশীর চাঁদ উ: A

149. 'ঊর্মি' শব্দটির সমার্থক শব্দ কোনটি? *[Social Development Foundation Cluster IT Asst. Officer / Data Entry Operator 2012]*
A. ঋজু B. অসংহত
C. সোজা D. ঢেউ উ: D

## PSC নিয়ন্ত্রিত বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর

150. নিচের কোনটি 'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয়? *[NSI ফিল্ড অফিসার ২০২৩]*
A. মহিধর B. নগ
C. অচল D. অখিল উ: D

151. 'রাতুল' শব্দের অর্থ কী? *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) মন্ত্রণালয়ের কমিউনিটি অর্গানাইজার, ২০২৩]*
A. লাল পদ্ম B. লাল মোরগ
C. লাল শালুক D. লাল উ: D

152. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি? *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) মন্ত্রণালয়ের কমিউনিটি অর্গানাইজার ২০২৩]*
A. সলিল B. উদক
C. জলধি D. নীর **উ: C**

153. 'হেলাল' শব্দের সমার্থক – *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) মন্ত্রণালয়ের কমিউনিটি অর্গানাইজার, ২০২৩]*
A. আদিত্য B. রাকা
C. অংশুমান D. ফাল্গুনী **উ: B**

154. কোনটি 'পাহাড়' শব্দের সমার্থক শব্দ নয়? *[স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) মন্ত্রণালয়ের সার্ভেয়ার ২০২৩]*
A. পর্বত B. শৈল
C. গিরি D. ধরণি **উ: D**

155. 'মজলুম' শব্দের অর্থ কী? *[বাংলাদেশ রেলওয়ের ওয়েম্যান, ২০২৩]*
A. অসহায়জন B. প্রিয়
C. অত্যাচারিত D. বিপদাপন্ন **উ: C**

156. 'উর্ণনাভ' শব্দটি দিয়ে বুঝায় – *[বাংলাদেশ নৌবাহিনীর শিক্ষক / কম্পিউটার অপারেটর / ক্যাশিয়ার / সহকারী পরীক্ষক ২০২৩]*
A. টিকটিকি B. উইপোকা
C. তেলাপোকা D. মাকড়শা **উ: D**

157. 'নিঝুম' শব্দের অর্থ কী? *[পরিবেশ অধিদপ্তরের অফিস সহায়ক নিয়োগ পরীক্ষা ২০২৩]*
A. জঙ্গল B. অন্ধকার
C. নীরব D. গাছ **উ: C**

158. 'কল্লোল' শব্দটির অর্থ কী? *[মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ২০২৩]*
A. পাল B. চিবুক
C. ঢেউ D. কোনোটিই নয় **উ: C**

159. 'পায়রা'-র সমার্থক শব্দ কোনটি? *[বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)র ইনস্ট্রাক্টর (টেক) ২০২৩]*
A. কুড়া B. কদলী
C. কপোত D. কোকিল **উ: C**

160. 'উষ্ণীষ' শব্দের অর্থ – *[বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)র ইনস্ট্রাক্টর (টেক) ২০২৩]*
A. অত্যন্ত উষ্ম B. শীতের আমেজ
C. কুসুম কুসুম উষ্ম D. পাগড়ি **উ: D**

161. 'বহুব্রীহি' শব্দের অর্থ কী? *[স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক ২০২৩]*
A. বহু চাল B. বহু গম
C. বহু পাট D. বহু ধান **উ: D**

162. 'পঞ্চমুখ' কথাটির অর্থ কোনটি? *[বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের এক্সটেনশন অফিসার / প্রমোশন অফিসার ২০২৩]*
A. নিন্দা বাক্য B. পঞ্চমুখের সমাহার
C. বহুমুখী প্রতিভা D. প্রশংসামুখর হওয়া **উ: D**

163. 'কুহক' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[সমবায় অধিদপ্তরের সহকারী পরিদর্শক ২০২৩]*
A. যাদু B. মায়া
C. ময়ূখ D. রজনী **উ: B**

164. 'বিজুরি' শব্দের প্রতিশব্দ কী? *[পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রামের পোস্টাল অপারেটর ২০২৩]*
A. চপলা B. মেঘ
C. গগন D. ছায়া **উ: A**

165. 'ধীমান' শব্দের অর্থ কী? *[পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রামের পোস্টাল অপারেটর ২০২৩]*
A. বুদ্ধিমান B. শান্ত
C. প্রজ্ঞাবান D. নিরীহ **উ: A**

166. 'দামিনী' শব্দের অর্থ কী? *[ডাক বিভাগের খুলনা অঞ্চল, মেইল অপারেটর অপারেটর ২০২৩, ঢা.বি. B ইউনিট, কলা ও মানববিদ্যা অনুষদ (১ম শিফট) ২০২০-২১]*
A. রাত্রি B. বিদ্যুৎ
C. জলধি D. ধরিত্রী **উ: B**

167. কোনটি 'অন্ধকার' শব্দের সমার্থক শব্দ? *[বাংলাদেশের ডাক বিভাগের মেইল অপারেটর ২০২৩]*
A. পাবক B. মনোজ
C. ধারাপাত D. তমসা **উ: D**

168. 'অশ্রু' শব্দটির সমার্থক শব্দ কোনটি? *[হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (CGA), পদ: অডিটর ২০২২]*
A. জল B. কান্না
C. নেত্রবারি D. জ্যোতি **উ: C**

169. 'পৃথিবী'র সমার্থক শব্দ কোনটি? *[১৭তম নিবন্ধন – স্কুল / সমপর্যায়, ২০২২]*
A. অচল B. ভূধর
C. অদ্রি D. অবনী **উ: D**

170. 'পরভৃত' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৭তম নিবন্ধন – স্কুল পর্যায়-২, ২০২২]*
A. পিক B. বিভব
C. ধেনু D. অম্বু **উ: A**

171. 'জায়া' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৭তম নিবন্ধন – কলেজ পর্যায়, ২০২২]*
A. অর্ধাঙ্গিনী B. নন্দিনী
C. কন্যা D. ভাগনী **উ: A**

172. নিচের কোন শব্দযুগল সমার্থক? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স এর কার্যালয়, পদ: অডিটর, ২০২২]
A. মহি, বারুণ B. পর্ণী, বহী
C. সুকান্ডী, যুঝ D. রাত্রিহাস, কঞ্জ উ: D

173. নিম্নের কোনটি 'ঋক্ষ' শব্দের সমার্থক শব্দ? [১৫শ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, পদ: সহকারী জজ, ২০২২]
A. ঋদ্ধ B. শাস্ত্রজ্ঞ
C. নক্ষত্র D. কর্জ উ: C

174. 'শিষ্টাচার' শব্দের সমার্থক কোনটি? [বিভিন্ন মন্ত্রণালয়ের বাছাই পরীক্ষা, পদ: সহকারী প্রোগ্রামার, ২০২২]
A. সদাচার B. সততা
C. সংযম D. মমতা উ: D

175. 'বাতাস' শব্দের সমার্থক কোনটি? [বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(BRDB), পদ: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ২০২২]
A. ভূধর B. গন্ধবহ
C. মহোদর D. শিখা উ: B

176. নিচের কোনটি 'মেঘ' শব্দের সমার্থক শব্দ? [তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সহকারী তথ্য কর্মকর্তা, ২০২২]
A. জলজ B. ক্ষণপ্রভা
C. কুরচি D. জলদ উ: D

177. কোনটি সমার্থক শব্দ নয়? [বাংলাদেশ রেলওয়ে ৩য় / ৪র্থ শ্রেণির নিয়োগ পরীক্ষা, পদ: খালাসী, ২০২২]
A. সন্দেশ B. সংবাদ
C. বার্তা D. গুজব উ: D

178. 'পাথার' এর সমার্থক শব্দ – [বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, পদ: ওয়্যারহাউস সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার পদ, ২০২২]
A. তটিনী B. শৈল
C. অর্ণব D. বন্দর উ: C

179. 'অগ্নি' শব্দের সমার্থক নয় কোনটি? [জাতীয় গোয়েন্দা সংস্থা (NSI) এর জুনিয়র ফিল্ড অফিসার ২০২১]
A. অনল B. বহ্নি
C. পাবক D. মিহির উ: D

180. 'অটবি' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জাতীয় গোয়েন্দা সংস্থা (NSI) এর (ওয়াচার কনস্টেবল) ফিল্ড স্টাফ ২০২১]
A. তরু B. অরুণ
C. নীরদ D. কুঞ্জ উ: A

181. 'বলাহক' শব্দের সমার্থ কোনটি? [বাংলাদেশ ক্যামিকেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের Assistant Administrative Officer ২১]
A. রত্নাকর B. দ্বিরদ
C. মৃগেন্দ্র D. জীমূত উ: D

182. 'ঝিনুক' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জীবন বীমা কর্পোরেশন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০২১]
A. উপল B. শুক্তি C. শৈল D. সলিল উ: B

183. কোনটি 'উচাটন' শব্দের সমার্থক শব্দ? [দুর্নীতি দমন কমিশন (দুদক), লিখিত পরীক্ষা (MCQ), পদ: কনস্টেবল, ২০২২, রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক (হাসনাহেনা) ২০১১]
A. উৎপাটিত B. বন্ধনহীন
C. উদ্দীপন D. উৎকণ্ঠা উ: D

184. 'গৃহ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা ২০২১ (সকাল)]
A. নিবাস B. ঘরোয়া
C. ভবন D. ঘর উ: B

185. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [দুদকের উপসহকারী পরিচালক ২০২০]
A. অর্ণব B. পারাবার
C. শোণিত D. বারিধি উ: C

186. 'শত্রু' শব্দের সমার্থক শব্দ কোনটি? [দুদকের উপসহকারী পরিচালক ২০২০]
A. রিপু B. পারীন্দ্র
C. ফণী D. ত্রিযামা উ: A

187. 'নদী' শব্দের প্রতিশব্দ কোনটি? [উপজেলা / আরবান প্রোগ্রাম কো-অর্ডিনেটর ২০২০]
A. নলিনী B. নীলিমা
C. তনিমা D. তটিনী উ: D

188. 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [প্রাণীসম্পদ অধিদপ্তরের ভিএফ / এফএ / কম্পাউন্ডার ২০২০]
A. শর্বরী B. রজনি
C. যামিনী D. বারিদ উ: D

189. 'কিরণ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর পরিসংখ্যান সহকারী ২০২০]
A. ময়ূখ B. ব্যোম
C. জীমূত D. আকিঞ্চন উ: A

190. নিচের কোনটি 'পৃথিবী'র সমার্থক শব্দ নয়? [দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অডিটর নিয়োগ পরীক্ষা ২০১৯, ঢা.বি. A ২০১৪-১৫]
A. অবনী B. বসুধা
C. অচলা D. নবনী উ: D

191. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা ২০১৯]
A. পাহাড় B. অচল
C. শিলা D. শৈল উ: C

192. কোনটি 'ঊর্মি' শব্দের সমার্থক শব্দ? [প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসহকারী পরিচালক ২০১৭]
A. তরঙ্গ, তুঙ্গ B. ঢেউ, পৃথ্বীশ
C. কল্লোল, মনোজ
D. বীচি, হিল্লোল উ: D

193. 'গন্ধবহ' শব্দের সমার্থক কোনটি? [বাংলাদেশ বেতারের সহসম্পাদক ২০১৯]
A. ভূধর B. সহোদর
C. শিষ্য D. বাতাস উ: D

194. 'নির্নিমেষ' শব্দটির অর্থ কী? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়ের অধীন অডিটর ২০১৭]
A. আমিষ B. কঠিন
C. অপলক D. হৃদয়হীন উ: C

195. 'প্রমাদ' শব্দের অর্থ কোনটি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্সের কার্যালয়ের অধীন অডিটর ২০১৭]
A. বিপদ B. আরাম
C. অতিরিক্ত D. উজ্জ্বল উ: A

196. 'লেফাফা' শব্দের অর্থ কোনটি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্সের কার্যালয়ের অধীন অডিটর ২০১৭]
A. বালতি B. মোড়ক
C. শাবল D. চিঠি উ: B

197. 'মূঢ়তা' শব্দের অর্থ কোনটি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্সের কার্যালয়ের অধীন অডিটর ২০১৭]
A. দৃঢ়তা B. অনভিজ্ঞতা
C. গোপনীয়তা D. বাস্তবতা উ: B

198. 'কুঞ্জর' শব্দের সমার্থক শব্দ কোনটি? [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রশাসনিক কর্মকর্তা ২০১৭]
A. গজ B. সাপ C. ভুজ D. চাঁদ উ: A

199. 'জঙ্গম' শব্দের অর্থ কোনটি? [তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭]
A. স্থবির B. জঙ্গলময়
C. দ্রুত ধাবমান D. চলন্ত উ: C

200. বিভা : কিরণ :: সুবলিত : ? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব / সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৭]
A. সুবিদিত B. সুগঠিত
C. সুবিনীত D. বিধিত উ: B

ব্যাখ্যা: এই ধরনের প্রশ্নের ক্ষেত্রে অনেকে প্রশ্নের প্যাটার্ন মানে প্রশ্নে কী চেয়েছে সেটাই ধরতে পারে না। এটা অনেকটা ইংরেজির Analogy এর মতো। অর্থাৎ একটা সম্পর্ক দেওয়া থাকবে, আরেকটা সম্পর্ক নির্ণয় করতে বলবে। বিভা এবং কিরণ দুটিই আলো শব্দের সমার্থক শব্দ। তার মানে সম্পর্কটা হচ্ছে সমার্থক। তাহলে 'সুবলিত' এর সমার্থক কিছু বের করতে হবে। সুবলিত শব্দের অর্থ শক্তিমান / বলশালী যা অপশন B এর সুগঠিত শব্দের সমার্থক। সুতরাং সঠিক উত্তর B.

201. 'অম্বর' শব্দের অর্থ কোনটি? [১৪তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল / সমপর্যায় - ২) ২০১৭]
A. চন্দ্র B. সূর্য C. নভ D. মেঘ উ: C

202. প্রাণদ : জল :: মহিজ : ? [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব / সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৭]
A. শম্বর B. গ্রহ
C. নিঃসর্গ D. অশ্ব উ: B

203. 'খদ্যোত' শব্দের অর্থ কোনটি? [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী ২০১৭]
A. পাখি B. জোনাকি
C. ক্রেতা D. চতুর উ: B

204. কোনটি প্রতীক্ষা শব্দের প্রতিশব্দ? [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী ২০১৭]
A. নিবর্তক B. এন্তেজার
C. বিলম্বন D. সমাপন্ন উ: B

205. কোনটি 'সূর্য' শব্দের সমার্থক শব্দ নয়? [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী ২০১৭]
A. আফতাব B. বারীন্দ্র
C. আদিত্য D. অর্ক উ: B

206. 'অমরা' শব্দের অর্থ কোনটি? [বাংলাদেশ জুট মিল কর্পোরেশন অফিসার ২০১৭]
A. স্বর্গ B. জীবন্মৃত
C. নরক D. বনবাস উ: A

207. 'তিমির' শব্দের অর্থ কী? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী ২০১৬]
A. অপলাপ B. দহন
C. গগন D. অন্ধকার উ: D

208. 'সর্বভুক' শব্দের অর্থ কোনটি? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা ২০১৭]
A. বাতাস B. আগুন
C. সমুদ্র D. পৃথিবী উ: B

209. 'অনিন্দ্য' শব্দের অর্থ কোনটি? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়ের অডিটর ২০১৭]
A. নিন্দনীয় B. আনন্দ
C. নিখুঁত D. দুঃখ উ: C

210. 'অগ্নি' এর সমার্থক শব্দ নয় কোনটি? [১৪তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল / সমপর্যায় - ২) ২০১৭]
A. হুতাশন B. কৃশানু
C. বায়ুসখা D. দ্যুতি উ: D

211. 'দেহ' শব্দের প্রতিশব্দ কী? [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক ২০২১]
A. অহ B. মর্দ C. তনু D. বিভব উ: C

212. 'সনাতন' শব্দের অর্থ কোনটি? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী ২০১৬]
A. নতুন B. চিরন্তন
C. গ্রাম্য D. কোনোটিই নয় উ: B

213. 'আকাশ' শব্দের প্রতিশব্দ কী? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী ২০১৬, ১২তম প্রভাষক নিবন্ধন ২০১৫, খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক / অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২০১২]*
A. প্রভা B. জলদ
C. অন্তরিক্ষ D. সমীর **উ: C**

214. 'কুটুম্ব' শব্দের অর্থ কী? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী ২০১৬]*
A. কালো B. আত্মীয়
C. প্রতিবিম্ব D. কলরব **উ: B**

215. 'বিহঙ্গ' শব্দের অর্থ কী? *[পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী ২০১৬]*
A. পর্বত B. নদী
C. পাখি D. সমুদ্র **উ: C**

216. 'স্রবণ' শব্দের অর্থ হলো – *[সমন্বিত ৭ ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠান ২০২১]*
A. অনুধ্যান B. ক্ষরণ
C. ক্ষুরধার D. অভিনিবেশন **উ: B**

217. নিচের যে প্রতিশব্দটি বেমানান? *[সমন্বিত ৭ ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠান ২০২১]*
A. বিবস্বান B. বিটপী
C. দ্রুম D. পাদপ **উ: A**

218. 'পীত' শব্দের অর্থ নির্ণয় করুন – *[তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. ২০২১]*
A. সবুজ B. গোলাপি
C. হলুদ D. শুভ্র **উ: C**

219. 'অগ্নি' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন বাংলাদেশ লিমি. সহকারী ব্যবস্থাপক (জেনারেল) ২০২১]*
A. কৃশানু B. ভানু
C. সবিতা D. প্রভা **উ: A**

220. 'ইনকিলাব' শব্দের অর্থ – *[জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০১৬, পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক ২০১১]*
A. আন্দোলন B. সন্ত্রাস
C. বিপ্লব D. চিরন্তন **উ: A**

221. 'সারমেয়' শব্দের অর্থ – *[জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে পিএসসির সহকারী পরিচালক ২০১৬]*
A. হরিণ B. খরগোশ
C. কুকুর D. সারস **উ: C**

222. 'পর্বত' শব্দের প্রতিশব্দ কোনটি? *[খাদ্য প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর ২০২১]*
A. শৈল B. খগ
C. ধরা D. অটবি **উ: A**

223. 'বিভাবরী' শব্দের অর্থ কী? *[রা.বি. বিজনেস স্টাডিজ ও আইবিএ ইউনিট (শিফট - ৩) ২০২০-২১]*
A. রাত্রি B. দিবা
C. সন্ধ্যা D. প্রভাত **উ: A**

224. 'পর্বত' শব্দেরে সমার্থক শব্দ নয় কোনটি? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক ২০২১]*
A. অচল B. ভূধর
C. অবনী D. অদ্রি **উ: C**

225. 'অমিত' শব্দের অর্থ নির্ণয় করুন – *[তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. ২০২১]*
A. বন্ধুর B. পঙ্কিল
C. অসীম D. শত্রু **উ: C**

226. 'কুহেলি' শব্দের অর্থ নির্ণয় করুন – *[তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি. ২০২১]*
A. রাত্রি B. কুয়াশা
C. ঢেউ D. চাদর **উ: B**

227. কোন শব্দটি 'পুত্র' শব্দের সমার্থক নয়? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা কোটা) ২০১৬]*
A. আত্মজ B. নন্দন
C. তনয় D. শৈলজ **উ: D**

228. 'ষোলকলা' অর্থ – *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা কোটা) ২০১৬]*
A. সম্পূর্ণ B. সুন্দর কলা
C. ষোলটি কলা D. একটানা **উ: A**

229. 'জায়া' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[১৩ তম শিক্ষক নিবন্ধন (স্কুল / সমপর্যায়) ২০১৬]*
A. অর্ধাঙ্গী B. কন্যা
C. নন্দিনী D. ভগিনী **উ: A**

230. 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[১৩তম শিক্ষক নিবন্ধন (স্কুল / সমপর্যায়) ২০১৬]*
A. ত্রিযামা B. শর্বরী
C. ক্ষণদা D. ভানু **উ: D**

231. চন্দ্রের প্রতিশব্দ নয় – *[১৩তম শিক্ষক নিবন্ধন (কলেজ / সমপর্যায়) ২০১৬]*
A. সোম B. হিমাংশু
C. সবিতা D. দ্বিজরাজ **উ: C**

232. 'খেচর' শব্দের অর্থ কোনটি? *[বন অধিদপ্তরের বন প্রহরী ১৫]*
A. জলচারী B. আকাশচারী
C. স্থলচারী D. জলধি **উ: B**

233. 'যবন' শব্দের সমার্থ কোনটি? *[বন অধিদপ্তরের বন প্রহরী ১৫]*
A. হিন্দু B. মুসলিম
C. বৌদ্ধ D. খ্রিষ্টান **উ: B**

234. 'পতাকা' এর সমার্থক শব্দ কোনটি? [১৩তম শিক্ষক নিবন্ধন (কলেজ / সমপর্যায়) ২০১৬]
A. কেতন B. মার্গ
C. নলিন D. ভাজন উ: A

235. 'নদী' শব্দের সমার্থক শব্দ কোনটি? [১৩তম শিক্ষক নিবন্ধন (কলেজ / সমপর্যায়) ২০১৬]
A. সরিৎ B. নগ
C. গিরি D. বিহগ উ: A

236. 'নাদ' শব্দের অর্থ কী? [১৩তম শিক্ষক নিবন্ধন (কলেজ / সমপর্যায়) ২০১৬]
A. মেঘের ডাক B. বাঘের ডাক
C. সিংহের ডাক D. ময়ূরের ডাক উ: C

237. 'নীপ' শব্দের অর্থ কী? [সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১৬]
A. কেয়া B. টগর
C. শিউলি D. কদম উ: D

238. 'পৃথিবী' শব্দের প্রতিশব্দ কোনটি? [শিক্ষা, ডাক, স্বাস্থ্য ও অর্থ মন্ত্রণালয় প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৫]
A. অভিধা B. বনিতা
C. সমতা D. বসুধা উ: D

239. 'উপক্রম' শব্দের যথার্থ সমার্থক শব্দ কোনটি? [শিক্ষা, ডাক, স্বাস্থ্য ও অর্থ মন্ত্রণালয় প্রশাসনিক ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৫]
A. সূত্রপাত B. চেষ্টা
C. প্রয়াস D. আরম্ভ উ: A/D

240. 'গুবাক' শব্দের অর্থ কী? [থানা শিক্ষা অফিসার (মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী) ২০১৫]
A. নারিকেল B. আতাগাছ
C. কদমগাছ D. সুপারীগাছ উ: D

241. 'ইত্তেফাক' শব্দের অর্থ কী? [বন অধিদপ্তরের বন প্রহরী ১৫]
A. সম্প্রীতি B. সংবর্ধনা
C. সংলাপ D. আহার উ: A

242. 'অভিলাষ' শব্দের অর্থ কোনটি? [মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অডিটর ২০১৫]
A. ইচ্ছা B. অভিশাপ
C. গলিত লাশ D. অভিনয় উ: A

243. 'পাথার' শব্দের অর্থ কী? [মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে অডিটর ২০১৫]
A. সৈকত B. শৈল
C. আকাশ D. সমুদ্র উ: D

244. 'তাম্বুল' শব্দের অর্থ কী? [সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১৫]
A. পান B. ঠোঁট
C. অর্বাচীন D. গাল উ: A

245. 'রাজা' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী ২০১৫]
A. নৃপতি B. অম্বুপতি
C. মহিপতি D. নৃপ উ: B

246. 'জঙ্গম' শব্দের অর্থ কী? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৬]
A. যুদ্ধের ময়দান B. ঘন অরণ্য
C. গতিশীল D. গুপ্ত উ: C

247. 'কল্লোল' শব্দের অর্থ কী? [সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬]
A. কলকল B. শব্দময় ঢেউ
C. কোলাহল D. তরঙ্গ উ: B

248. 'মার্জার' শব্দের অর্থ কী? [সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার, উপসহকারী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা ২০১৬]
A. মার্জনাকারী B. বেড়াল
C. কাক D. কুকুর উ: B

249. 'অর্বাচীন' শব্দের অর্থ কী? [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২০১৬]
A. বোকা B. মূর্খ
C. নির্বোধ D. সরল উ: C

250. কোনটি 'বিবাহ' শব্দের প্রতিশব্দ নয়? [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা ২০১৬]
A. পরিণয় B. পাণি গ্রহণ
C. পাণি পীড়ন D. পাণি প্রার্থী উ: D

251. 'নীর' শব্দের সমার্থক শব্দ কোনটি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার এবং সহকারী পরিচালক ২০১৬]
A. অগ্নি B. চন্দ্র
C. বারি D. ভূধর উ: C

252. 'জাহাকুল আবদ' শব্দের অর্থ – [উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা ২০১৬]
A. বন্দির হাসি B. গোলামের হাসি
C. প্রেমিকার হাসি D. সন্তানের হাসি উ: B

253. 'হর্ষ' শব্দের অর্থ কী? [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৬]
A. হলুদ B. সাধ
C. দুষ্ট D. আনন্দ উ: D

254. 'অপলাপ' শব্দের অর্থ কী? [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৬]
A. অস্বীকার B. মিথ্যা
C. প্রলাপ D. অপবাদ উ: A

255. 'প্রস্রবণ' শব্দের অর্থ – [উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা ১৬]
A. নদী B. হ্রদ
C. ঝরনা D. আনন্দ উ: C

256. 'কাদম্বিনী' শব্দের অর্থ কী? [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৬]
A. নদী B. রাত
C. অমাবস্যা D. মেঘমালা উ: D

257. 'অবলা' শব্দের অর্থ কী? [পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৬]
A. অনুক্ত B. নিন্দনীয়
C. নারী D. নিরীহ উ: C

258. 'অলীক' শব্দের অর্থ কী? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা ২০১৬]
A. কপাল B. স্বপ্ন
C. হাতি D. মিথ্যা উ: D

259. 'সদন' শব্দের অর্থ কী? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা ২০১৬]
A. সাদা B. নিবাস
C. প্রথা D. আদি উ: B

260. 'বিজিত' শব্দের অর্থ কী? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী ২০১৫]
A. পরাজিত B. পুরস্কৃত
C. জয়লাভ করা D. জয়ী উ: A

261. কোন শব্দের অর্থ বায়ু? [SESIP উপজেলা / থানা একাডেমিক সুপারভাইজার ২০১৫]
A. ব্যোম B. তরু
C. বারিদ D. সমীরণ উ: D

262. 'পানি' শব্দের সমার্থক শব্দ কোনটি? [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক - ২০১৫]
A. জল B. পত্রগ
C. অরুণ D. বহ্নি উ: A

263. 'ইচ্ছা' শব্দের সমার্থক শব্দ কোনটি? [SESIP উপজেলা / থানা একাডেমিক সুপারভাইজার ২০১৫]
A. অভিলাষ B. স্বেচ্ছা
C. সৃজনী D. আগ্রহী উ: A

264. 'আকাশ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [SESDP থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫]
A. গগন B. কিরণ
C. কানন D. অসীম উ: A

265. 'অম্বর' এর প্রতিশব্দ কোনটি? [৯ম শিক্ষক নিবন্ধন ২০১৩]
A. পৃথিবী B. জল
C. সমুদ্র D. আকাশ উ: D

266. 'কূজন' শব্দের অর্থ কী? [SESDP থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫]
A. খারাপ লোক B. পাখির ডাক
C. যুদ্ধ D. কুহু কুহু উ: B

267. 'আগুন' শব্দের প্রতিশব্দ কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্যাশ সহায়ক ২০১৪]
A. অনল B. আসল
C. আকাশ D. আনন্দ উ: A

268. 'হাতি' শব্দের সমার্থক শব্দ কোনটি? [১২তম শিক্ষক নিবন্ধন ২০১৫]
A. কুন্তল B. তনু
C. বজ্র D. করী উ: D

269. 'মাতঙ্গ' কার সমার্থক শব্দ? [১২তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২) ২০১৫]
A. হরিণ B. ভুজঙ্গ
C. হাতি D. অশ্ব উ: C

270. কোনটি 'পানি' শব্দের সমার্থক শব্দ? [১২তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২) ২০১৫]
A. সবিতা B. সলিল
C. সাগর D. সৈকত উ: B

271. 'আকাশ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [১২তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২) ২০১৫]
A. অন্তরিক্ষ B. বিভু
C. প্রভাকর D. সুধাকর উ: A

272. 'জলাশয়' শব্দের সমার্থক শব্দ কোনটি? [১২তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২) ২০১৫]
A. সরোবর B. জলধর
C. সলিল D. অম্বু উ: A

273. 'কর্বুর' শব্দের অর্থ কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (১৭ জেলা) ৩০ অক্টোবর ২০১৫, ঢা.বি. A ২০১২-১৩]
A. রাক্ষস B. গন্ধদ্রব্যবিশেষ
C. রাসায়নিক পদার্থ D. করণীয় উ: A

274. 'পাখি' শব্দের সমার্থক নয় কোনটি? [১০তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল / সমপর্যায়) ২০১৪]
A. বিহগ B. বিহঙ্গ
C. গরুড় D. নৃপ উ: D

275. কোন শব্দটি ঘোড়ার সমার্থক? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্দন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল / সমপর্যায়) ২০১৪]
A. তুরঙ্গ B. ভুজঙ্গ
C. কুরঙ্গ D. বিহঙ্গ উ: A

276. পদ্মের সমার্থক শব্দ কোনটি? [কারা তত্ত্বাবধায়ক ২০১৩]
A. মনসিজ B. জলধর
C. অরবিন্দ D. অঞ্জন উ: C

277. 'আধেক' কথাটির শিষ্টরূপ কী? [নৌপরিবহণ মন্ত্রণালয় ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০১৩]
A. অর্ধেক B. আধখানা
C. অধুনা D. অর্ধ উ: A

278. নিচের কোন শব্দটি 'কপাল' এর সমার্থক? [নৌপরিবহণ মন্ত্রণালয় ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০১৩]
A. কপোল B. ললাট
C. মস্তক D. কাপালিক উ: B

279. চোখের প্রতিশব্দ নয় কোনটি? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩]
A. নয়ন B. লোচন
C. সলিল D. অক্ষি উ: C

280. 'হিল্লোল' এর প্রতিশব্দ কী? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩]
A. সাহস B. হাসি ঠাট্টা
C. তরঙ্গ D. কম্পন উ: C

281. 'পর্বত' এর সমার্থক শব্দ নয়– [সমাজসেবা অফিসার ২০১৩]
A. গিরি B. শিলা
C. শৈল D. পাহাড় উ: B

282. 'কিরণ' এর সমার্থক শব্দ কোনটি? [প্রাক. প্রাথমিক সহকারী শিক্ষক (সুরমা) ২০১৩]
A. পরভৃত B. তনয়া
C. অক্ষমা D. অংশু উ: D

283. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ কোনটি? [প্রাক. প্রাথমিক সহকারী শিক্ষক (শীতলক্ষ্যা) ২০১৩]
A. সরোজ B. বৈভব
C. মহীধর D. উদক উ: C

284. 'শশাঙ্ক' শব্দের সমার্থক শব্দ কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (১৭ জেলা) ২০১৫, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক ২০১৩]
A. খরগোশ B. সমুদ্র
C. চন্দ্র D. কপাল উ: C

285. 'সূর্য' – এর সমার্থক প্রতিশব্দ – [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক অক্টোবর ২০১৫]
A. হিরণ B. দ্যুলোক
C. মিহির D. ধরিত্রী উ: C

286. 'পঞ্চম স্বর' – এর অর্থ কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (১৭ জেলা) ২০১৫]
A. কোকিলের সুরলহরী
B. দেবতার আরাধনা
C. পায়ের পাতা D. পল্লব উ: A

287. 'আশীবিষ' – এর অর্থ কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (১৭ জেলা) ২০১৫]
A. ভুজঙ্গ B. হুতাশন
C. মাতঙ্গ D. মার্তণ্ড উ: A

288. 'পুষ্প' এর সমার্থক শব্দ নয় – [পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪]
A. অবনী B. প্রসূন
C. ফুল D. কুসুম উ: A

289. 'গৃহ' এর সমর্থক শব্দ নয় – [পরিবার পরিকল্পনা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০১৪]
A. নিবাস B. ঘরোয়া
C. ভবন D. ঘর উ: B

290. 'রাত্রি'র সমার্থ শব্দ কোনটি? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন অডিটর ২০১৪]
A. নিশীথ B. অমানিশা
C. আঁধার D. A + B উ: A

291. কোনটি 'জল' শব্দের সমার্থক নয়? [মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন অডিটর ২০১৪]
A. বারি B. উদক
C. পাণি D. নীর উ: C

292. 'প্রকৃত' – এর সমার্থক পদ কোনটি? [পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী ২০১৪]
A. প্রকৃত B. স্বাভাবিক
C. যথার্থ D. বেমানান উ: C

293. 'অগ্নি' এর সমার্থক শব্দ নয় কোনটি? [পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী ২০১৪]
A. বহ্নি B. হুতাশন
C. পাবক D. অলক উ: D

294. কোন শব্দটি 'রাত্রি' এর সমার্থক নয়? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স - এর কার্যালয়ের অধীনে অডিটর ২০১৪]
A. যামিনী B. শর্বরী
C. নীলাম্বু D. রজনি উ: C

295. 'বিদ্যুৎ' শব্দের সমার্থক শব্দ – [পল্লীকর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার ২০১৪]
A. প্রভাকর B. সুধাকর
C. ক্ষণপ্রভা D. দ্রুম উ: C

296. "সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন।" এখানে 'আপে' অর্থ কী? [পল্লীকর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার ২০১৪]
A. আগে B. সম্পূর্ণ
C. স্বয়ং D. পুরোপুরি উ: C

297. কোনটি 'জিজ্ঞাসা'র সমার্থক শব্দ নয়? *[পল্লী উন্নয়ন বোর্ড এর মাঠকর্মী ২০১৪]*
A. জেরা B. শুধানো
C. পুছা D. জবাব **উ: D**

298. 'সপ্তসুর' – এর প্রতিশব্দ কোনটি? *[পল্লী উন্নয়ন বোর্ড এর মাঠকর্মী ২০১৪]*
A. সাতটি সুর B. চরম সুর
C. চড়া সুর D. নরম সুর **উ: C**

299. 'তণ্ডুল' শব্দের অর্থ – *[জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১২]*
A. রুটি B. চাল
C. আটা D. চুলা **উ: B**

300. 'স্বর্গ' – এর সমার্থক শব্দ কোনটি? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যামেলিয়া) ২০১২]*
A. সবিতা B. উদধি
C. ভৃঙ্গ D. ত্রিদিব **উ: D**

301. কোনটি 'বিটপী' শব্দের সমার্থক নয়? *[জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা ২০১২]*
A. পাদপ B. দ্রুম
C. তৃণ D. তরু **উ: C**

302. 'নারী' এর সমার্থক শব্দ – *[আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সব রেজিস্টার ২০১২]*
A. মহিলা B. জননী
C. গর্ভধারিণী D. মাতা **উ: A**

303. 'কুঞ্জর' শব্দের সমার্থক শব্দ – *[পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা ২০১২]*
A. হরিণ B. খরগোশ
C. বাঘ D. হাতি **উ: D**

304. 'বাতুল' শব্দের সমার্থক কী? *[খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক ২০১২, ঢা.বি. B ২০১১-১২]*
A. নির্বোধ B. উন্মাদ
C. বেকুব D. বাতিল **উ: B**

305. 'চাঁদ' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক / অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২০১২]*
A. শশী B. পত্রগ
C. অরুণ D. বহ্নি **উ: A**

306. সমার্থক শব্দ ব্যবহার করলে বাক্যের – *[৮ম বেসরকারি প্রভাষক নিবন্ধ ও প্রত্যয়ন পরীক্ষ ২০১২]*
A. অর্থ পরিবর্তিত হয়
B. অর্থের অবনতি ঘটে
C. সৌন্দর্য বৃদ্ধি পায়
D. সৌন্দর্য হ্রাস পায় **উ: C**

307. 'আকাশ' – এর সমার্থক শব্দ কোনটি? *[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক / অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ২০১২]*
A. পাথার B. গগন
C. বারি D. খেচর **উ: B**

308. কোনটি 'প্রসূন' এর প্রতিশব্দ? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর ২০১১]*
A. ভ্রমর B. পুষ্প
C. ফল D. পক্ষী **উ: B**

309. 'নন্দিনী' – এর প্রতিশব্দ কোনটি? *[খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক / উপ-খাদ্য পরিদর্শক ২০১১]*
A. ননদিনী B. মিনাক্ষী
C. তনয়া D. সুন্দরী **উ: C**

310. 'সর্প' শব্দের সমার্থক নয় কোনটি? *[শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইস'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন) ২০১১]*
A. সাপ B. বায়ুভুক
C. হরি D. এহি **উ: D**

311. কোনটি সমার্থক নয়? *[গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১১]*
A. বারিধি B. বারীশ
C. সুধাকর D. রত্নাকর **উ: C**

312. 'মার্তণ্ড' শব্দের অর্থ কী? *[গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১১]*
A. সূর্য B. মরুভূমি
C. চন্দ্র D. আকাশ **উ: A**

## বিশ্ববিদ্যালয় পরীক্ষার প্রশ্নোত্তর

313. নিচের কোন সমার্থক শব্দ শুদ্ধ? *[জা.বি. C ইউনিট (কলা ও মানবিক অনুষদ) শিফট – ৫, ২০২২-২৩]*
A. অদ্রি – অসুর B. অদ্রি – পর্বত
C. অদ্রি – সমুদ্র D. অদ্রি – জাহাজ **উ: B**

314. 'গণ্ডূষ' দ্বারা কী বোঝায়? *[জা.বি. C ইউনিট (কলা ও মানবিক অনুষদ) শিফট – ৬ ২০২২-২৩]*
A. এক মুখ পানি B. এক গ্লাস পানি
C. এক কলসি পানি D. এক জগ পানি **উ: A**

315. 'সূর্য' শব্দের সমার্থক হলো – *[ঢা.বি. অধিভুক্ত সরকারি সাত কলেজের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০২১-২২]*
A. অর্ণব B. অর্ক
C. প্রদোষ D. প্রসূন **উ: B**

316. 'অমরাবতী' শব্দের প্রতিশব্দ কোনটি? *[ঢা.বি. অধিভুক্ত সরকারি সাত কলেজের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২২-২৩]*
A. নদী B. পর্বত
C. স্বর্গ D. আকাশ **উ: C**

317. 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি? [ঢা.বি. অধিভুক্ত সরকারি সাত কলেজের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২২-২৩, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় B ইউনিট (মানবিক শাখা) ২০-২১]

A. অচল B. অদ্রি

C. শৈল D. মেদিনী উ: D

318. নিচের কোনটি 'মনীষা' শব্দের সমার্থক? [ঢা.বি. অধিভুক্ত সরকারি সাত কলেজের কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২২-২৩]

A. প্রজ্ঞা B. সুন্দর

C. দয়ালু D. আশা উ: A

319. 'বেওয়া' শব্দের অর্থ কী? [ঢা.বি. অধিভুক্ত সরকারি সাত কলেজের বিজ্ঞান ইউনিট ২০২২-২৩]

A. সধবা B. বিধবা

C. মোটা D. প্রশস্ত উ: B

320. নিচের কোনটি 'পাথার' শব্দের সমার্থক শব্দ নয়? [ঢা.বি. A ইউনিট ২০২২-২৩]

A. অর্ণব B. সমুদ্র

C. জলধি D. তটিনী উ: D

321. 'নিদাঘ' অর্থ কী? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের B ইউনিট (মানবিক) ২০২২-২৩]

A. গ্রীষ্ম B. দাগ নেই

C. শরৎ D. মেঘ উ: A

322. 'সালতি' কী? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের B ইউনিট (মানবিক) ২০২২-২৩]

A. মাছ বিশেষ B. গাছ বিশেষ

C. ফসল বিশেষ D. নৌকা বিশেষ উ: D

323. 'সহসা' কোন শব্দের বিকল্প হিসেবে ব্যবহার করা হয়? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের B ইউনিট (মানবিক) ২২-২৩]

A. হঠাৎ B. তাড়াতাড়ি

C. শীঘ্র D. সত্বর উ: A

324. ভিন্নার্থক শব্দযুগল নয় কোনটি? [চ. বি. মানবিক ইউনিট (শিফট – ১) ২০২৩]

A. কপাল – কপোল B. বর্ষা – বর্শা

C. কুল – কূল D. বিভাবসু – বিভাকর উ: D

325. 'মৃত্যু' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [চ. বি. D ইউনিট (শিফট – ১) ২০২৩]

A. মহাপ্রয়াণ B. মানসলোক

C. ইন্তেকাল D. দেহত্যাগ উ: B

> ব্যাখ্যা: 'মানসলোক' শব্দের অর্থ চিত্ত বা মন। সুতরাং সঠিক উত্তর অপশন B.

326. কোনটি 'অন্ধকার' অর্থে ব্যবহার করা যাবে না? [চ. বি. D ইউনিট (শিফট – ১) ২০২৩]

A. তিমির B. তমসা

C. তপন D. তমিস্রা উ: C

327. 'মার্জার' শব্দের অর্থ কী? [চ. বি. D ইউনিট (শিফট – ২) ২০২৩]

A. মার্জনা করা B. মাজার

C. মাঝি D. বিড়াল উ: D

328. 'সহসা' শব্দের অর্থ কী? [চ. বি. D ইউনিট (শিফট – ২) ২০২৩]

A. শীঘ্র B. হঠাৎ

C. শিগগিরই D. ভবিতব্য উ: B

329. 'তাত' শব্দের অর্থ কী? [চ. বি. D ইউনিট (শিফট – ২) ২০২৩]

A. চাচা B. ভাতিজা

C. কাপড় বুনিবার যন্ত্র D. তিক্ত উ: A

330. 'কন্দর' শব্দের অর্থ কী? [চ. বি. D ইউনিট (শিফট – ৩) ২০২৩]

A. পর্বতের চূড়া B. পর্বতের গুহা

C. উপত্যকা D. মরুভূমি উ: B

331. 'শশাঙ্ক' শব্দের অর্থ কী? [চ. বি. D ইউনিট (শিফট – ৩) ২০২৩]

A. সমুদ্র B. খরগোশ

C. চন্দ্র D. কপাল উ: C

332. 'মালঞ্চ' শব্দের অর্থ কী? [চ. বি. D ইউনিট (শিফট – ৩) ২০২৩]

A. বেড়া B. ফুল

C. মঞ্চ D. ফুলের বাগান উ: D

333. 'নিদাঘ' শব্দের অর্থ কী? [চ. বি. D1 ইউনিট ২০২৩]

A. গ্রীষ্ম B. প্রখর রোদ

C. মেঘমুক্ত আকাশ D. গরম উ: A

334. 'জুলমাত' শব্দের অর্থ কী? [চ. বি. D1 ইউনিট ২০২৩]

A. অন্ধকার B. বর্বরতা

C. অত্যাচার D. হাহাকার উ: A

335. 'রক্ত' শব্দের সমার্থক নয় – [রা. বি. A ইউনিট (গ্রুপ – ১), ২০২২-২৩]

A. শোণিত B. রাগ

C. অনুরক্ত D. রুধির উ: C

336. কোনটি 'ভ্রমর' শব্দের সমার্থক নয়? [রা. বি. A ইউনিট (গ্রুপ – ২), ২০২২-২৩]

A. অলি B. অমিত

C. ভৃঙ্গ D. মধুকর উ: B

337. 'উপযোগ' শব্দের সঠিক প্রতিশব্দ – [রা. বি. A ইউনিট (গ্রুপ – ২), ২০২২-২৩]

A. উন্নতি B. সক্ষম

C. উচিত D. প্রয়োগ উ: D

338. 'কৃপাণ' শব্দের অর্থ – [রা. বি. A ইউনিট (গ্রুপ – ২), ২২-২৩]
A. তলোয়ার B. অধিক কৃপণ
C. উদাসী মন D. করুণা উ: A

339. 'সূর্য' শব্দের সমার্থক নয় – [রা. বি. A ইউনিট (গ্রুপ – ৩), ২০২২-২৩]
A. হিরণ B. মিহির
C. সবিতা D. আদিত্য উ: A

340. কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক নয়? [রা. বি. A ইউনিট (গ্রুপ – ৪), ২০২২-২৩]
A. নীলাম্বু B. তরঙ্গিণী
C. পয়োধি D. পাথার উ: B

341. 'নিদাঘ' শব্দের অর্থ – [রা. বি. C ইউনিট, অবিজ্ঞান (গ্রুপ – ৫) ২০২২-২৩]
A. বর্ষা B. হেমন্ত
C. গ্রীষ্ম D. শরৎ উ: C

342. 'সূর্য' এর সমার্থক শব্দ? [রা. বি. C ইউনিট, অবিজ্ঞান (গ্রুপ – ৫) ২০২২-২৩]
A. অনিল B. অদ্রি
C. পুণ্ডরীক D. প্রভাকর উ: D

343. 'সালতি' শব্দের অর্থ কী? [রা. বি. B ইউনিট (গ্রুপ – ১), ২০২২-২৩]
A. সরু শলাকা B. সরু কাপড়ের দড়ি
C. বনের সরু রাস্তা D. সরু নৌকা উ: D

344. 'সমুদ্র' শব্দের প্রতিশব্দ কোনটি? [রা. বি. B ইউনিট (গ্রুপ – ২), ২০২২-২৩, ঢা.বি. A ২০১৯-২০]
A. জলদ B. রত্নাকর
C. অম্বুজ D. বরুণ উ: B

345. 'কাঞ্চন' শব্দের সমার্থক শব্দ – [রা. বি. B ইউনিট (গ্রুপ – ২), ২০২২-২৩]
A. পাথর B. পাহাড়
C. স্বর্ণ D. মুক্তা উ: C

346. নিচের কোনটি 'চুল' শব্দের সমার্থক নয়? [রা. বি. B ইউনিট (গ্রুপ – ২), ২০২২-২৩]
A. অলক B. চিকুর
C. সবিতা D. কুন্তল উ: C

347. 'সূর্য' এর সমার্থক শব্দ নয় কোনটি? [ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা ২০২২-২৩]
A. সবিতা B. মিহির
C. আদিত্য D. অবনী উ: D

348. 'অগ্নি' শব্দের সমার্থক শব্দ কোনটি? [ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা ২০২২-২৩]
A. পূর্ণ B. রজঃ
C. নাশহীন D. অনল উ: D

349. 'সর্বভুক' শব্দের সমার্থক শব্দ কোনটি? [ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা ২০২২-২৩]
A. আগুন B. মাংসাশী
C. ক্ষুধার্ত D. রাক্ষস উ: A

350. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী? [ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা ২০২২-২৩]
A. ঐতিহ্য B. জনশ্রুতি
C. গুরুত্বপূর্ণ D. সুনাম উ: B

351. নিচের কোনটি ভিন্নার্থক? [জা.বি. B ইউনিট (সমাজবিজ্ঞান ও আইন অনুষদ) শিফট – ৪, ২০২২-২৩]
A. গোরু B. মূর্খ
C. গো D. খগ উ: D

ব্যাখ্যা: প্রশ্নটা একটু দ্বিধান্বিত। অপশন A ও C এর 'গোরু' ও 'গো' দ্বারা একই প্রাণীকে বোঝায়। কিন্তু অপশন B ও D নিয়ে হচ্ছে ঝামেলা। অপশন B এর 'মূর্খ' শব্দ দ্বারা বোঝায় বোকা। অপশন D এর 'খগ' দ্বারা বোঝায় খ তে (আকাশে) গমন করে যে অর্থাৎ পাখি। দুটিই ভিন্ন অর্থ তবে দুটির মধ্যে এই প্রশ্নের অপশন অনুযায়ী সর্বোত্তম সঠিক উত্তর অপশন D এর খগ। কারণ 'মূর্খ' বোঝাতে আমরা অনেক সময় 'গোরু' শব্দটি ব্যবহার করে থাকি। একারণে বাগধারাতেও বলা হয় গো-মূর্খ। সুতরাং সঠিক উত্তর অপশন D.

352. 'প্রচেতা' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জা.বি. B ইউনিট (সমাজবিজ্ঞান ও আইন অনুষদ) শিফট – ৩, ২০২২-২৩]
A. খাঁটি B. অতিথি
C. সাগর D. অশ্ব উ: C

353. 'কিরণ' – শব্দের সমার্থক শব্দ নয় – [ঢা.বি. চ ইউনিট ২০২১-২২, প্রাক. প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৩]
A. রবি B. কর
C. রশ্মি D. প্রভা উ: A

354. 'দুর্নিবার' শব্দের সমার্থক শব্দ কোনটি? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় A ইউনিট - ২০২১-২২]
A. বারবার B. অনুসার
C. তুরঙ্গ D. অনিবার্য উ: D

ব্যাখ্যা: এই প্রশ্নের অপশন অনুযায়ী সর্বোত্তম সঠিক উত্তর D দাগাতে হবে। কিন্তু 'দুর্নিবার' আর 'অনিবার্য' শব্দদুটো পুরোপুরি সমার্থক নয়।
✓ দুর্নিবার – যা কষ্টে নিবারণ করা যায়
✓ অনিবার্য – কোনো ভাবেই যা নিবারণ করা যায় না

355. 'সিংহ' শব্দের সমার্থক নয় – [ঢা.বি. চ ইউনিট ২০২১-২২]
A. পশুরাজ B. মৃগরাজ
C. মৃগেন্দ্র D. মাতঙ্গ উ: D

**356.** 'তদন্ত' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় B ইউনিট - ২০২১-২২]*
A. অনুশীলন B. আরজি
C. নিরবশেষ D. প্রতিরূপীকরণ **উ: A**

**357.** কোনটি 'কন্যা'র সমার্থক শব্দ নয়? *[চ.বি. D ইউনিট - ২০২১-২২, চ.বি. ইউনিট (বি-২, বি-৩, বি-৪, বি-৫, বি-৭) ১২-১৩]*
A. নন্দিনী B. দুহিতা
C. দারিকা D. আত্মজ **উ: D**

**358.** 'আলো' শব্দের সমার্থক – *[রা.বি. A ইউনিট - ২০২১-২২]*
A. হুতাশন B. শিখা
C. অগ্নি D. রওশন **উ: D**

**359.** 'উত্তম' শব্দের সমার্থক নয় – *[রা.বি. A ইউনিট - ২০২১-২২, ঢা.বি. B ২০১৯-২০]*
A. বরেণ্য B. উৎকৃষ্ট
C. অভিরুচি D. উপাদেয় **উ: C**

**360.** কোনটি 'কবুতর' এর সমার্থক শব্দ নয়? *[রা.বি. A ইউনিট - ২০২১-২২]*
A. নোটন B. পুলিন
C. কপোত D. লোটন **উ: B**

**361.** 'পুত্র' এর সমার্থক শব্দ – *[রা.বি. A ইউনিট - ২০২১-২২, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় B ইউনিট ২০১৯-২০]*
A. আত্মজ B. অদ্রি
C. বামা D. প্রসূন **উ: A**

**362.** 'সুস্মিতা' এর সমার্থক শব্দ কোনটি? *[রা.বি. B ইউনিট - ২০২১-২২]*
A. দেহ B. সিংহী
C. নারী D. দন্তী **উ: C**

> ব্যাখ্যা: 'সুস্মিতা' শব্দের অর্থ যে নারীর হাসি সুন্দর। সে হিসেবে প্রদত্ত প্রশ্নের অপশন অনুযায়ী সর্বোত্তম সঠিক উত্তর অপশন C.

**363.** 'জল' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[BUP FASS ইউনিট - ২০২১-২২]*
A. ওদন B. উদক
C. তুণ্ডুল D. বারিদ **উ: B**

**364.** নিচের কোনটি 'নদী' শব্দের সমার্থক নয়? *[সাত কলেজ বাণিজ্য ইউনিট - ২০২১-২২]*
A. তটিনী B. তরঙ্গিণী
C. শৈবলিনী D. মৃণালিনী **উ: D**

**365.** 'ভ্রমর' এর সমার্থক শব্দ নয় – *[বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় - ২০২২]*
A. মধুপ B. মধুকর
C. মঞ্জরী D. অলি **উ: D**

**366.** নিচের কোন শব্দজোড়টি বিসদৃশ? *[ঢা.বি. C ২০২০-২১]*
A. অলক : চিকুর B. চিবুক : ঠোঁট
C. লোচন : নেত্র D. পাণি : ভুজ **উ: B**

> ব্যাখ্যা: এই ধরনের প্রশ্নের ক্ষেত্রে অনেকে প্রশ্নের প্যাটার্ন মানে প্রশ্নে কী চেয়েছে সেটাই ধরতে পারে না। এটা ইংরেজির Analogy এর মতো। অপশন A এর অলক ও চিকুর শব্দের অর্থ চুল। অপশন C এর লোচন ও নেত্র শব্দের অর্থ চোখ। অপশন D এর পাণি ও ভুজ শব্দের অর্থ হাত। কিন্তু অপশন B এর চিবুক শব্দের অর্থ থুতনি যা ঐ অপশনের অপর শব্দ ঠোঁট এর সমার্থক নয়। অর্থাৎ অপশন B এর সম্পর্কটা হচ্ছে বিসদৃশ। সুতরাং সঠিক উত্তর B.

**367.** চুলের সমার্থক শব্দ নয় কোনটি? *[ঢা.বি. চ ইউনিট ২০-২১]*
A. কেশ B. চিকুর
C. কুন্তল D. ললিত **উ: D**

**368.** নিচের যে সম্পর্কটি বিসদৃশ – *[ঢা.বি. B ২০২০-২১]*
A. ঠাট্টা : শ্লেষ B. হর্ষ : পরিতোষ
C. অভিলাষ : বাঞ্ছা D. নিরন্ধ্র : নিবিড় **উ: D**

> ব্যাখ্যা: আধুনিক বাংলা অভিধান অনুসারে অপশন A এর ঠাট্টা ও শ্লেষ শব্দের অর্থ বিদ্রুপ করা। অপশন B এর হর্ষ ও পরিতোষ শব্দের অর্থ আনন্দ। অপশন C এর অভিলাষ ও বাঞ্ছা শব্দের অর্থ ইচ্ছা। অপশন D এর নিবিড় শব্দের অর্থ ঘন, গভীর, প্রগাঢ়। আর নীরন্ধ্র শব্দের অর্থও নিবিড়, ফাঁকহীন। কিন্তু প্রশ্নের অপশনে 'নিরন্ধ্র' বানান ই-কার দিয়ে ছিল এবং বাংলা একাডেমির অভিধানে এমন কোনো শব্দই নেই। সুতরাং সঠিক উত্তর অপশন D.

**369.** 'ইন্দ্রজাল' শব্দের সমার্থক শব্দ-জোড় কোনটি? *[GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় B ইউনিট (মানবিক শাখা) ২০২০-২১]*
A. ইন্দ্রিয়, জাদু B. কুহক, মায়া
C. জাদু, দ্যুতি D. ভেলকি, ক্ষোভ **উ: B**

**370.** কোন শব্দযুগল ভিন্নার্থক নয়? *[চ.বি. B ইউনিট, কলা ও মানববিদ্যা অনুষদ (২য় শিফট) ২০২০-২১]*
A. নবনী, ননি B. স্বাক্ষর, সাক্ষর
C. পানি, পাণি D. শিকড়, শীকর **উ: A**

> ব্যাখ্যা: অপশন A এর নবনী ও ননি শব্দের অর্থ মাখন। সুতরাং সঠিক উত্তর অপশন A.

**371.** 'অরুণ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? *[রা.বি. B ইউনিট, বিজনেস স্টাডিস ও আইবিএ (শিফট - ২) ২০২০-২১]*
A. সুন্দর B. লাল
C. প্রভাত রবি D. রক্তিম **উ: A**

**372.** 'কুয়াশা' শব্দের প্রতিশব্দ হলো – *[রা.বি. A ইউনিট (গ্রুপ - ১) ২০২০-২১]*
A. কুহক B. কুহেলি
C. শিশির D. অস্পষ্ট **উ: B**

373. "আমি উত্তর-বায়ু, মলয়-অনিল, উদাস পূরবী হাওয়া" – এই পংক্তিতে 'বাতাস' শব্দের কয়টি প্রতিশব্দ আছে? *[গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় C ইউনিট (বাণিজ্য শাখা) ২০২০-২১]*

A. ২টি B. ৩টি C. ৪টি D. ৫টি **উ: B**

ব্যাখ্যা: বায়ু, অনিল ও হাওয়া এই ৩টি যে 'বাতাস' শব্দের সমার্থক তা নিয়ে কোনো সংশয় নেই। ঝামেলা হচ্ছে 'মলয়' শব্দটি নিয়ে। বাজারের প্রচলিত অনেক বইয়ে 'মলয়' শব্দকে 'বাতাস' শব্দের সমার্থক ধরে এই প্রশ্নের সঠিক উত্তর অপশন C অর্থাৎ ৪টি দেওয়া হয়েছে যা আসলে সঠিক নয়।

বাংলা একাডেমির আধুনিক বাংলা অভিধানে 'মলয়' শব্দের যে অর্থগুলো দেওয়া আছে তা হচ্ছে – দক্ষিণ ভারতের পশ্চিমঘাট পর্বতশ্রেণি / পশ্চিমঘাট পর্বতশ্রেণি থেকে আগত বাতাস / মালয় উপদ্বীপ। মূলত দ্বিতীয় অর্থ 'পশ্চিমঘাট পর্বতশ্রেণি থেকে আগত বাতাস' – এর কারণে 'মলয়' শব্দটিকে বাতাস শব্দের সমার্থক হিসেবে ধরা হয়েছে অনেক বইতে।

এখানে প্রশ্নের মারপ্যাঁচটাই মুখ্য। প্রশ্নে একটি কবিতার চরণ উল্লেখ করে বলা হয়েছে – এখানে কয়টি 'বাতাস' শব্দের কয়টি সমার্থক শব্দ রয়েছে। প্রশ্নোল্লিখিত চরণে 'মলয়' শব্দটি বাতাস অর্থে ব্যবহৃত হয়নি। লক্ষ করে দেখুন, কবিতার সব শব্দবন্ধগুলো সমাসবদ্ধ পদ। 'উত্তর-বায়ু' দ্বারা বোঝানো হয়েছে উত্তর দিকের বায়ু, 'পূরবী হাওয়া' দ্বারা বোঝানো হয়েছে সন্ধ্যায় গেয় সংগীতের রাগিনীবিশেষ বয়ে বেড়ানো হাওয়া। এবার তাহলে ভাবুন 'মলয়-হাওয়া' দ্বারা কী বোঝানো হয়েছে? 'মলয়' শব্দের অর্থ যদি বাতাস ধরা হয় তাহলে 'মলয় হাওয়া' শব্দের অর্থ বাতাস বাতাস যা অর্থহীন।

কেবল 'মলয়' শব্দের একটি অর্থ 'পশ্চিমঘাট পর্বতশ্রেণি থেকে আগত বাতাস' হলেও এই পংক্তিতে শব্দটি বাতাস অর্থে ব্যবহৃত হয়নি। এই পংক্তিতে 'মলয়-হাওয়া' পুরোটার অর্থ হচ্ছে – পশ্চিমঘাট পর্বতশ্রেণি থেকে আগত বাতাস। আর কেবল 'মলয়' শব্দের অর্থ – দক্ষিণ ভারতের পশ্চিমঘাট পর্বতশ্রেণি বা মালয় উপদ্বীপ। সুতরাং সঠিক উত্তর B.

374. নিচের কোনটি চাপরাশি শব্দের সমার্থক নয়? *[রা.বি. C ইউনিট, অ-বিজ্ঞান বিভাগ (গ্রুপ - ১) ২০২০-২১]*

A. পেয়াদা B. আরদালি
C. পিয়ন D. উকিল **উ: D**

375. 'ক্ষতি' অর্থে নিচের কোন শব্দটি প্রযোজ্য? *[জা.বি. C ইউনিট ২০২০-২১]*

A. অন্বিষ্ট B. অনিষ্ঠ
C. অন্বিষ্ঠ D. অনিষ্ট **উ: D**

376. 'কোকিল' এর প্রতিশব্দ কোনটি? *[জা.বি. C ২০২০-২১]*

A. পরভৃত B. পক্ষী
C. বিহগ D. চিকুর **উ: A**

377. কোনটি সমার্থক শব্দ নয়? *[ঢা.বি. অধিভুক্ত সরকারি ৭ কলেজ বাণিজ্য ইউনিট ২০২০-২১]*

A. ছেলে B. তনয়
C. তনু D. নন্দন **উ: C**

378. নিচের কোন শব্দগুচ্ছ সমার্থক? *[ঢা.বি. C ২০১৯-২০]*

A. নিলয়, নিকেতন, গৃহ, খগ
B. ছবি, আলেখ্য, তসবির, নকশা
C. সুধাকর, রাকেশ, অভ্র, সোম
D. বহ্নি, পাবক, শর্বর, তমিস্রা **উ: B**

379. 'পরভৃত' কোন শব্দের সমার্থক? *[ঢা.বি. চ ইউনিট ১৯-২০]*

A. পায়রা B. অন্যের ভৃত্য
C. কোকিল D. পর্বত **উ: C**

380. নিচের কোনটি 'বিদ্যুৎ' শব্দের সমার্থক? *[জা.বি. E ইউনিট ২০১৯-২০]*

A. অটবি B. মহি
C. সৌদামিনী D. উদক **উ: C**

381. 'কাজল' শব্দটির সামর্থক হলো – *[জা.বি. E ২০১৯-২০]*

A. নেত্র B. অলক
C. কুসুম D. অঞ্জন **উ: D**

382. 'কুহক' এর সমার্থক শব্দগুচ্ছ কোনটি? *[জা.বি. B ১৯-২০]*

A. রোষ, বিরাগ, উষ্মা, ক্রোধ
B. গোত্র, গণ, সমূহ, যূথ
C. ছলনা, আলেয়া, ভেলকি, ভ্রম
D. বাক, বোল, কথন, বচন **উ: C**

383. 'অন্তর' এর সমার্থক শব্দগুচ্ছ নয় কোনটি? *[জা.বি. B ইউনিট ২০১৯-২০]*

A. মন, অপর, তফাত, আভা
B. অন্তর, ধারা, ব্যবধান, সূচনা
C. ছিদ্র, অপর, মধ্য, ভিন্ন
D. ব্যাকুল, ব্যগ্র, রূপ, বাসনা **উ: D**

384. 'বায়ুভুক' শব্দের সমার্থক কোনটি? *[জা.বি. F ২০১৯-২০]*

A. চারু B. উরগ
C. শিখী D. বর্হি **উ: B**

385. নিচের কোনটি 'বিস' শব্দের সমার্থক? *[জা.বি. H ইউনিট ২০১৭-১৮]*

A. দীপ্তি B. বিস্মৃত
C. মৃণাল D. বিসর্জন **উ: C**

386. 'পক্ষ' এর সমার্থক শব্দগুচ্ছ কোনটি? [জা.বি. B ইউনিট ২০১৯-২০]
A. দল, দিক, তরফ, ডানা
B. অসার, খোলা, বাদ, নাগ
C. হিম্মত, পাজি, মিতা, দাব
D. অসূয়া, বান, কওয়া, শাখী
উ: A

387. 'পয়স্বিনী' শব্দটি সমার্থক হলো – [জা.বি. F ২০১৯-২০]
A. নদী B. নারী
C. কুহক D. গরু
উ: A

ব্যাখ্যা: 'পয়স্বিনী' শব্দের অর্থ নদী ও গোরু দুটোই হয়। কিন্তু এখানে অপশন D এর 'গোরু' বানানটা ভুল লেখা সুতরাং সঠিক উত্তর অপশন A.

388. 'মেঘ' এর সমার্থক শব্দ কোনটি? [কাজী নজরুল ই.বি. A ইউনিট ২০১৯-২০]
A. বারিদ B. পাথার
C. অটবি D. সলিল
উ: A

389. 'অলংকার' এর সমার্থক শব্দ কোনটি? [বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় B ইউনিট ২০১৯-২০]
A. আবরণ B. আচ্ছাদন
C. আকিঞ্চন D. আভরণ
উ: D

390. 'দিন' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জা.বি. B ২০১৭-১৮]
A. দোলা B. বপু
C. প্রখ্যা D. সাবন
উ: D

391. 'ঝড়' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জা.বি. C1 ১৭-১৮]
A. ঝনৎকার B. প্রভঞ্জন
C. টংকার D. ঝনঝনানি
উ: B

392. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় – [জা.বি. C1 ২০১৭-১৮]
A. পৃথ্বি B. ক্ষিতি
C. নীর D. অবনী
উ: C

393. 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জা.বি. D ইউনিট ২০১৭-১৮]
A. বারণ B. মহি
C. ভুজঙ্গ D. অর্ণব
উ: B

394. 'প্রসূন' শব্দের সমার্থক শব্দ কোনটি? [জা.বি. F ইউনিট ২০১৭-১৮]
A. তরু B. কুসুম
C. মিহির D. পুষ্কর
উ: B

395. 'চিতা' শব্দটির সমার্থক শব্দ কোনটি? [কু.বি. C ইউনিট ২০১৭-১৮]
A. আগুন B. প্রাণ
C. মন D. হৃদয়
উ: A

396. 'উন্মনা' শব্দের অর্থ কী? [জা.বি. D ২০১৭-১৮]
A. বারণ B. মহি
C. ভুজঙ্গ D. অর্ণব
উ: B

397. 'দিন' শব্দের সমার্থক শব্দ – [রা.বি. A ইউনিট ২০১৭-১৮]
A. অহন B. হীন
C. তিমির D. তমিস্র
উ: C

398. 'সূর্য' শব্দটির সমার্থক শব্দ কোনটি? [বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় F ইউনিট ২০১৯-২০]
A. শশাঙ্ক B. বিধু
C. অর্ণব D. অর্ক
উ: D

399. যে সম্পর্কটি বিসদৃশ – [ঢা.বি. B ২০১৮-১৯]
A. বারিধি : বারিদ B. কাঞ্চন : সুবর্ণ
C. মৃগেন্দ্র : কেশরী D. সবিতা : তপন
উ: A

ব্যাখ্যা: এটা ইংরেজির Analogy এর মতো। অপশন B এর কাঞ্চন ও সুবর্ণ শব্দের অর্থ স্বর্ণ। অপশন C এর মৃগেন্দ্র ও কেশরী শব্দের অর্থ সিংহ। অপশন D এর সবিতা ও তপন শব্দের অর্থ সূর্য। কিন্তু অপশন A এর বারিধি শব্দের অর্থ সমুদ্র আর বারিদ শব্দের অর্থ মেঘ। অর্থাৎ অপশন A এর সম্পর্কটা হচ্ছে বিসদৃশ। সুতরাং সঠিক উত্তর A.

400. শ্বাপদ = শ্বন + পদ। এখানে 'শ্বন' শব্দের অর্থ – [ঢা.বি. B ২০১৮-১৯]
A. সারমেয় B. ধারালো
C. তীক্ষ্ণ নখযুক্ত D. হিংস্র
উ: A

401. 'উদক' শব্দের সমার্থক শব্দ কোনটি? [ঢা.বি. C ২০১৮-১৯]
A. অন্ন B. তণ্ডুল
C. জল D. ফলাহার
উ: C

402. কোন শব্দগুচ্ছ সমার্থক? [ঢা.বি. D ২০১৮-১৯]
A. ছায়া, আভাস, প্রতিকায়, আদল
B. সরলতা, ঋজুতা, বঙ্কিম, সোজা
C. ফারাক, সমপদ, তফাত, ব্যত্যয়
D. যামিনী, শর্বরী, শশাঙ্ক, নিশাকর
উ: A

403. "অলখের পাথার বাহিয়া" – এ চরণে 'পাথার' এর সমার্থক কোনটি? [ঢা.বি. D ২০১৮-১৯]
A. প্রস্তর B. পবন
C. সমুদ্রকান্তা D. অর্ণব
উ: D

404. 'দেউল' শব্দের প্রতিশব্দ কোনটি? [ঢা.বি. D ২০১৮-১৯]
A. দেওয়ালি B. দেয়াল
C. দোয়েল D. দেবালয়
উ: D

405. 'বিধু' শব্দের অর্থ কী? [ঢা. বি. ৭ কলেজ (বিজ্ঞান) ২০১৮-১৯]
A. বিধান B. বিধাতা
C. পৃথিবী D. চাঁদ
উ: D

406. 'বস্ত্রাবাসমধ্যে' শব্দের অর্থ – [জা.বি. D ২০১৮-১৯]
A. কাপড় পরিধান করে
B. তাঁবুর মধ্যে
C. আচ্ছাদিত D. কোনোটিই নয় উ: B

407. 'শিখণ্ডী' শব্দের অর্থ কী? [ঢা.বি. চ ইউনিট ২০১৭-১৮]
A. জলহস্তী B. ময়ূর
C. কাক D. পেঁচা উ: B

408. সূর্য এর প্রতিশব্দ – [রা.বি. ক ইউনিট ২০১৭-১৮, চ.বি. D ২০১৪-১৫]
A. সুধাংশু B. শশাঙ্ক
C. আদিত্য D. বিধু উ: C

409. 'অম্বু' এর সমার্থক শব্দ কোনটি? [জ.বি. C ২০১৫-১৬]
A. চিকুর B. নন্দন
C. সলিল D. লোচন উ: C

410. 'বিদ্যুৎ' এর সমার্থক শব্দ কোনটি? [রা.বি. A ২০১৫-১৬]
A. যামিনী B. দামিনী
C. ভামিনী D. কাদম্বিনী উ: B

411. 'মরুৎ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [রা.বি. A ২০১৫-১৬]
A. জল B. মৃত্তিকা
C. মরূদ্যান D. বাতাস উ: D

412. কোন শব্দটি 'বাতাস' শব্দের সমার্থক নয়? [চ.বি. C ২০১৫-১৬]
A. অনিল B. সমীর
C. পবন D. পাবক উ: D

413. 'অম্ভোজ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [ইস.বি. B ১৫-১৬]
A. ভূভৃৎ B. কুবলয়
C. বায়স D. পবন উ: B

414. 'মার্জার' এর সমার্থক শব্দ – [ইস.বি. B ২০১৫-১৬]
A. কবর B. মজাদার
C. বিড়াল D. মার্জনাকারী উ: C

415. 'মেয়ে' শব্দের সমার্থক শব্দ কোনগুলো? [বে.রো.বি. A ২০১৫-১৬]
A. নারী, মহিলা B. কন্যা, প্রভা
C. তনয়া, কন্যা D. দুহিতা, রমণী উ: C

416. 'আকাশ' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? [নো.বি.প্র.বি. D ২০১৫-১৬, জাতীয় বি. বিজ্ঞান বিভাগ ২০১৪-২০১৫]
A. নভ B. অচল
C. অন্তরিক্ষ D. ব্যোম উ: B

417. 'অপ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [কু.বি. C ২০১৫-১৬]
A. দরিয়া B. লোচন
C. পবন D. নীর উ: D

418. কোনটি ভিন্নধর্মী? [ব.বি. C ২০১৫-১৬]
A. আফতাব B. খদ্যোত
C. অরুণ D. সবিতা উ: B

419. ভ্রমণকারীর সঠিক সমার্থক শব্দ নয় কোনটি? [জ.বি. A ২০১৪-১৫]
A. ভ্রামক B. পরিব্রাজক
C. পর্যটক D. ভ্রমিক উ: A

420. 'মহীলতা' র সমার্থক শব্দ – [জ.বি. B ২০১৪-১৫]
A. কেঁচো B. শাক
C. স্বর্ণলতা D. সাপ উ: C

421. 'প্রসূন' শব্দের অর্থ কী? [জা.বি. B6 ২০১৪-১৫]
A. পবিত্র B. প্রভাত
C. সূর্য D. পুষ্প উ: D

422. 'নীর' শব্দের প্রতিশব্দ – [রা.বি. D ২০১৪-১৫]
A. পানি B. পাখির বাসা
C. আকাশ D. চুল উ: A

423. 'অগ্নি'র সমার্থক শব্দ – [রা.বি. E ২০১৪-১৫]
A. ভানু B. কিরণ
C. প্রভা D. পাবক উ: D

424. 'সূর্য' এর সমার্থক শব্দ কোনটি? [রা.বি. I ২০১৪-১৫]
A. বারিধি B. মিহির
C. তেজস্ক্রিয়া D. বারিধী উ: B

425. 'পর্বত' শব্দের সমার্থক শব্দ কোনটি? [খু.বি. S ২০১৪-১৫]
A. বহী B. খগ
C. নগ D. নিখিল উ: C

426. 'সূর্য' এর প্রতিশব্দ কোনটি? [ই.বি. B ২০১৪-১৫]
A. মিহির B. হর্যক্ষ
C. সুরলোক D. অম্বধি উ: A

427. নিচের কোনটি নারীর প্রতিশব্দ? [ই.বি. H ২০১৪-১৫]
A. চপল B. মেদিনী
C. বামা D. নগ উ: C

428. কোনটি সমার্থক শব্দ নয়? [ব.বি. C ২০১৪-১৫]
A. ব্যোম B. গগন
C. দ্যুলোক D. অর্ণব উ: D

429. নিচের কোনটি 'পৃথিবী'র সমার্থক শব্দ? [জাতীয় বি. ব্যবসায় শিক্ষা বিভাগ ২০১৪-২০১৫]
A. লাবণী B. ভবানী
C. নবনী D. অবনী উ: D

430. কোনটি 'নিশা'র সমার্থক শব্দ নয়? [ঢা.বি. C ২০১২-১৩]
A. বিভাবরী B. যামিনী
C. অরাতি D. শর্বরী উ: C

431. 'কৌমুদী' শব্দের সমার্থ শব্দ কোনটি? [জাতীয় বি. বিজ্ঞান বিভাগ ২০১৪-২০১৫]
A. শাপলা B. জ্যোৎস্না
C. সরোবর D. পর্বত উ: B

432. নিম্নের কোন গুচ্ছটি সমার্থক নয়? [জ.বি. B ২০১৪-১৫]
A. আত্মজা, দুহিতা, সুতা
B. শশধর, শশাঙ্ক, বিধু
C. সমাচার, সন্দেশ, বচন
D. অভিলাষ, অভিপ্রায়, সাধ উ: C

433. 'বিবর' শব্দটির অর্থ কী? [ঢা.বি. C ২০১২-১৩]
A. বিরাট B. ছোটো
C. গর্ত D. পুকুর উ: C

434. 'দফতরি' শব্দের অর্থ – [ঢা.বি. D ২০১২-১৩]
A. ভ্রাম্যমাণ লাইব্রেরি
B. অফিসের রীতিনীতি
C. অফিসের প্রহরী D. বাঁধাইকর উ: D

435. 'ভূয়িষ্ঠ' শব্দের অর্থ – [ঢা.বি. C ২০১১-১২]
A. ভূমিজাত B. ভূমিলগ্ন
C. ভূয়া D. প্রচুর উ: D

436. 'উচ্ছুগ্য' শব্দের অর্থ – [ঢা.বি. C ২০১১-১২]
A. উচ্ছন্ন B. উৎসর্গ
C. উৎসব D. উচ্ছৃঙ্খল উ: B

437. 'কোষ্ঠী' কী? [ঢা.বি. C ২০১১-১২]
A. কোঠা B. ব্যাধি
C. জন্মপত্রিকা D. বংশলতিকা উ: C

438. 'মাধবী' শব্দের অর্থ কী? [ঢা.বি. D ২০১১-১২]
A. মধুকর B. মধুমালতী
C. বাসন্তী ফুল D. মধুময় উ: C

439. 'অপাঙ্গ' শব্দের অর্থ – [ঢা.বি. D ২০১১-১২]
A. প্রতি অঙ্গ B. আপাদমস্তক
C. ভিন্নাঙ্গ D. দৃষ্টিকোণ উ: D

440. 'বিদ্যুৎ' এর সমার্থক শব্দ – [ঢা.বি. B ২০১২-১৩]
A. মরুৎ B. শম্পা
C. ময়ূখ D. ছটা উ: B

441. 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি? [জা.বি. A ২০১২-১৩]
A. অনুভা B. অনুপ্রভা
C. সিতাংশু D. দোলা উ: C

442. নীরদ, তোয়াদ, পয়োদ – কোনটির প্রতিশব্দ? [জা.বি. C ২০১২-১৩]
A. মেঘ B. বৃষ্টি
C. সমুদ্র D. নদী উ: A

443. 'গলাধঃকরণ' শব্দটির সহজ অর্থ কোনটি? [জা.বি. C9 চারুকলা ২০১২-১৩]
A. গলা ধৌতকরণ B. গলদেশে পানি ঢালা
C. গিলে ফেলা D. গলা ভেজানো উ: C

444. 'ঈপ্সা' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি? [জা.বি. G চারুকলা ২০১২-১৩]
A. লিপ্সা B. অভিপ্রায়
C. আগ্রহ D. বাঞ্ছা উ: A

445. 'দামিনী' অর্থ কী? [জা.বি. মানবিক ২০১২-১৩, রা.বি. E (বিজোড়) ২০১২-১৩]
A. চণ্ডীমূর্তি B. স্রোতস্বিনী
C. বিদ্যুৎ D. নাগিনী উ: C

446. 'উৎকুণ' শব্দের অর্থ – [জ.বি. D ২০১২-১৩]
A. উন্নাসিক B. উন্মাদ
C. উকুন D. উলুক উ: C

447. কোনটি ভিন্নার্থক? [জ.বি. D ২০১২-১৩]
A. নৃপতি B. ভূপতি
C. নগেন্দ্র D. নরেন্দ্র উ: C

448. কোনটি সমার্থক শব্দ নয়? [জা.বি. মানবিক বিভাগ ২০১১-১২]
A. মাতঙ্গ B. কুরঙ্গ
C. কুঞ্জর D. করী উ: B

449. সমার্থক শব্দজোড় কোনটি? [জা.বি. মানবিক বিভাগ ১১-১২]
A. আহব, যুদ্ধ B. আহুত, আহৃত
C. শমন, সমন D. শ্বশ্রু, শ্মশ্রু উ: A

450. 'উদীচী' শব্দের অর্থ কোনটি? [রা.বি. A7 (নাট্যকলা ও সঙ্গীত) ২০১২-১৩]
A. পশ্চিম দিক B. পূর্ব দিক
C. উত্তর দিক D. দক্ষিণ দিক উ: C

451. 'পয়জার' শব্দটির মানে কী? [রা.বি. আইন বিভাগ (সেট কোড-১) ২০১২-১৩]
A. পাদুকা B. পরাজয়
C. পরিণয় D. পর্যাপ্ত উ: A

452. 'কন্যা'র সমার্থক শব্দ কোনটি? [রা.বি. আইন বিভাগ (সেট কোড-১) ২০১২-১৩]
A. পন্নগ B. পরভৃৎ
C. জায়া D. আত্মজা উ: D

453. 'বিবর' শব্দের অর্থ কী? [চ.বি. G ২০১২-১৩]
A. স্বয়ংবর B. যাযাবর
C. গহ্বর D. অম্বর উ: C

454. 'রাসভ' শব্দের অর্থ কী? [ব.বি. D ইউনিট ২০১২-১৩]
A. হাতি B. ব্যাঘ্র
C. গাধা D. ঘোড়া উ: C

455. 'অনুশাসন' শব্দের সমার্থক শব্দ কোনটি? [চ.বি. G ২০১২-১৩]
A. অনুশীলন B. অনুসরণ
C. আবাহন D. আদেশ উ: D

456. কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নয়? [ব.বি. D ইউনিট ২০১২-১৩]
A. জীমূত B. নীলাম্বু
C. প্রচেতা D. রত্নাকর উ: A

457. 'কাদম্বিনী' শব্দের অর্থ কী? [ব.বি. D ইউনিট ২০১৭-১৮]
A. নদী B. রমনী
C. মেঘমালা D. রাত্রি উ: C

458. 'পানি'র সমার্থক শব্দ কোনটি? [জাতীয় কবি কাজ নজরুল ইসলাম বি. A ইউনিট ২০১২-১৩]
A. উদর B. উপল
C. উদক D. উগর উ: C

459. কোনটি 'অন্ধকার' অর্থে ব্যবহার করা যাবে না? [শা.বি. প্র.বি. A ২০১২-১৩]
A. তিমির B. তমিস্রা
C. শর্বরী D. তপন উ: D

460. সমুদ্রের সমার্থক শব্দ নয় কোনটি? [শা.বি.প্র.বি. A ১২-১৩]
A. পয়োধি B. অম্বুধি
C. অর্ণব D. অর্যমা উ: D

461. 'দ্বিপ' এর সমার্থক শব্দ নয় – [জাতীয় বি. বিজ্ঞান বিভাগ ২০১১-১২]
A. বারণ B. দ্বীপ
C. হস্তী D. ঐরাবত উ: B

462. 'নিরবকাশ' শব্দের অর্থ – [জাতীয় বি. বিজ্ঞান বিভাগ ১২-১৩]
A. শুভ্র আকাশ B. নীরব প্রকৃতি
C. অবসরহীন D. কাশবন উ: C

463. নিচের কোনটি 'ময়ূখ' শব্দের সমার্থক শব্দ? [জাতীয় বি. ২০১২-১৩]
A. অংশু B. অখিল
C. ত্রিদিব D. কল্লোল উ: A

464. নিচের কোনটি সমার্থক শব্দ নয়? [জাতীয় বি. ২০১২-১৩]
A. ঋণ B. ধার
C. হাওলাত D. রেহান উ: D

465. 'প্রদোষ' শব্দের অর্থ কী? [ঢা.বি. অধিভুক্ত সরকারি সাত কলেজ (বিজ্ঞান ইউনিট) ২০২০-২১]
A. সকাল B. বিকাল
C. সন্ধ্যা D. রাত্রি উ: C

466. 'শ্রীঘর' এর অর্থ – [জাতীয় বি. ২০১১-১২]
A. বাসরঘর B. কারাগার
C. সুসজ্জিত গৃহ D. শ্বশুর বাড়ি উ: B

467. ভিন্নার্থক নয় – [জাতীয় বি. ২০১১-১২]
A. বিজন, বীজন B. সীবন, সেবন
C. জলদ, বারিদ D. সলিল, সলীল উ: C

468. 'সার্ধ' শব্দের অর্থ – [জাতীয় বি. ২০১১-১২]
A. অর্ধেক B. অর্ধসহ
C. আড়াই D. দেড় উ: D

469. 'তাম্রশাসন' মানে – [ঢা.বি. A ২০১২-১৩]
A. কালো আইন B. স্বৈরশাসন
C. একজন রাজার নাম
D. তামার পাতে খোদাই করা আদেশ উ: D

470. 'সাঁকো' শব্দের মূল – [ঢা.বি. B ২০১২-১৩]
A. সাংখ্য B. সংক্রম
C. সেতু D. সাঙ্কো উ: B

471. 'সঁপা' শব্দটির ব্যুৎপত্তি নির্দেশ – [ঢা.বি. B ২০১২-১৩]
A. স্বপন B. স্বপ্না
C. সমর্পণ D. সর্প উ: C

472. 'কোন্দা' শব্দের অর্থ কোনটি? [জ.বি. A ২০১২-১৩]
A. বিবাদ B. কোদাল
C. তালগাছের নৌকা D. বৈঠা উ: C

473. 'অমরাবতী' শব্দের অর্থ কোনটি? [কু.বি. B ২০১২-১৩]
A. স্বর্গ B. স্বর্ণ
C. আকাশ D. সাগর উ: A

474. 'শরণ' শব্দের অর্থ কী? [ব.বি. A ২০১২-১৩]
A. রাস্তা B. মনে করা
C. বিপদ D. আশ্রয় উ: D

475. 'চারকোল' শব্দের অর্থ কী? [রা.বি. I ২০১৭-১৮]
A. কাঠকয়লা B. চারপাশ
C. চারদিক D. কঠিন কয়লা উ: A

476. 'উজবুক' শব্দের অর্থ কী? [রা.বি. I ২০১৭-১৮]
A. বুদ্ধিমান
B. উজবেকিস্তানের লোক
C. আহম্মক D. চতুর উ: C

477. 'কৌমুদী' শব্দের প্রতিশব্দ কোনটি? [ঢা.বি. A ২০১৬-১৭, ববি B ২০১৪-১৫, জাতীয় বি বিজ্ঞান বিভাগ ২০১৪-১৫]
A. চাঁদ B. জ্যোৎস্না
C. পদ্মফুল D. মুকুল উ: B

478. 'অনিকেত' শব্দের প্রতিশব্দ কোনটি? *[রা.বি. A ২০১৭-১৮]*
A. অল্পভাষী B. গায়ক
C. গৃহহীন D. অসুন্দর **উ: C**

479. কোন শব্দের অর্থ 'বায়ু'? *[রা.বি. B ২০১৭-১৮]*
A. বারিদ B. সমীর
C. ব্যোম D. বিধু **উ: B**

480. 'সলিল' শব্দের প্রতিশব্দ কোনটি? *[ঢা.বি. C ২০১৬-১৭]*
A. দরিয়া B. অবধি
C. উদক D. পাবক **উ: C**

481. 'উর্মি' শব্দের প্রতিশব্দ নয় কোনটি? *[রা.বি. D ২০১৬-১৭]*
A. হিল্লোল B. কল্লোল
C. লহরী D. অলক **উ: D**

482. 'পদ্মফুল' এর প্রতিশব্দ নয় কোনটি? *[রা.বি. A7 (নাট্যকলা ও সঙ্গীত) ২০১২-১৩]*
A. সরিৎ B. সরোজ
C. সরোরুহ D. সরসিজ **উ: A**

483. কোনটি সমার্থ শব্দ নয়? *[ঢা.বি. A ২০১৭-১৮]*
A. ইন্দু B. বিধু
C. সুধাংশু D. বীচি **উ: D**

484. নিচের কোনটি সমার্থ শব্দ নয়? *[ঢা.বি. C ২০১৭-১৮]*
A. উষা B. প্রদোষ
C. প্রত্যুষ D. সুবহ **উ: B**

485. 'সংসর্প' শব্দের অর্থ - *[ঢা.বি. D ২০১৭-১৮]*
A. হিংস্র B. উদার
C. আঁকাবাঁকা D. উন্মুক্ত **উ: C**

486. কোন গুচ্ছ 'চন্দ্র' শব্দের সমার্থক - *[জা.বি. E ২০১৭-১৮]*
A. রাতুল, কৌমুদী B. সিন্ধু, অর্ণব
C. শশধর, নিশাকর D. তুরঙ্গ, বাজী **উ: C**

487. 'রোয়াক' শব্দের অর্থ কোনটি? *[ঢা.বি. অধিভুক্ত ৭ কলেজ (কলা ও সামাজিক বিজ্ঞান) ২০১৭-১৮]*
A. চৌকাঠ B. দাওয়া
C. দরজা D. জানালা **উ: B**

488. 'নিশীথে অম্বরে মন্দ্রে জীমূতেন্দ্র কোপি' এই চরণে 'কোপি' শব্দের সমার্থক কোনটি - *[ঢা.বি. D ২০১৭-১৮]*
A. বজ্র B. বিদ্যুৎ
C. আঘাত D. ক্রুদ্ধ **উ: D**

489. 'ঝড়' শব্দের সমার্থক কোনটি? *[জা.বি C1 ২০১৭-১৮]*
A. ঝনৎকার B. প্রভঞ্জন
C. টংকার D. ঝনঝনি **উ: B**

490. 'আকাশ' শব্দের সমার্থক শব্দগুচ্ছ - *[জা.বি. D ২০১৭-১৮, নো.বি.প্র.বি. D ২০১৫-১৬]*
A. আভা, বিভা B. ময়ূখ, ভাতি
C. অভ্র, খগোল D. লহরি, মহোর্মি **উ: C**

491. 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[জা.বি. D ১৭-১৮]*
A. বারণ B. মহি
C. ভুজঙ্গ D. অর্ণব **উ: B**

492. 'আকাশ' শব্দের সমার্থ শব্দজোড় কোনটি? *[জ.বি. A ২০১৬-১৭, জাতীয় বি বিজ্ঞান বিভাগ ২০১৪-১৫]*
A. পাবক, সর্বভুক B. বাজী, তুরগ
C. বিমান, ব্যোম D. রশ্মি, কর **উ: C**

493. 'উন্মনা' শব্দের অর্থ কোনটি? *[জা.বি. E ২০১৭-১৮]*
A. কুয়াশা B. অনুৎসুক
C. রচনা করে D. নিবেদন **উ: B**

494. 'অম্বু' শব্দের অর্থ কী? *[জা.বি. G ২০১৭-১৮, জা.বি C ১৫-১৬]*
A. পান B. নাক
C. জল D. হাত **উ: C**

495. 'দামিনী' শব্দের সঠিক অর্থ কোনটি? *[জা.বি. H ২০১৭-১৮, রা.বি A ১৫-১৬, জা.বি. মানবিক বিভাগ ১২-১৩, রাবি E ১২-১৩]*
A. অভাব B. বিদ্যুৎ
C. স্বামী D. বোন **উ: B**

496. 'নরসুন্দর' শব্দের সঠিক অর্থ কোনটি? *[চ.বি. D ১৭-১৮]*
A. ছুতোর B. সুন্দর পুরুষ
C. নাপিত D. সুন্দর মানুষ **উ: C**

497. 'অস্থি' শব্দের সঠিক অর্থ কোনটি? *[চ.বি. D ২০১৭-১৮]*
A. হাড় B. মজ্জা
C. মাংস D. রক্ত **উ: A**

498. 'সতত' শব্দের সঠিক অর্থ কোনটি? *[চ.বি. D ২০১৭-১৮]*
A. সকাল B. মাঝে মাঝে
C. সবসময় D. সন্ধ্যাবেলা **উ: C**

499. 'উর্ণাজাল' শব্দের অর্থ কোনটি? *[ঢা.বি. A ২০১২-১৩]*
A. দোপাট্টা B. কুজ্বটিকা
C. মাকড়সার তৈরি জাল
D. মাছ ধরার নিক্ষেপযোগ্য জাল **উ: C**

500. 'দিন' শব্দের সমার্থক শব্দ কোনটি? *[রা.বি. A ২০১৭-১৮]*
A. অহ B. তমিস্রা
C. তিমির D. হীন **উ: A**

501. 'অলখ' শব্দের অর্থ কী? *[রা.বি. A ২০১৭-১৮]*
A. অলক্ষ্য B. দৃষ্টিসীমায়
C. অজানায় D. লক্ষ্যবস্তু **উ: A**

502. 'মহি' শব্দের সমার্থক কী? [রা.বি. B ২০১৭-১৮]
A. চাঁদ B. সূর্য
C. আকাশ D. পৃথিবী **উ: D**

503. 'প্রগলভে' শব্দের অর্থ কী? [রা.বি. B ২০১৭-১৮]
A. প্রাগ্রসর হয়ে B. গোপনে
C. নির্ভীক চিত্তে D. নিরপেক্ষভাবে **উ: C**

504. 'ভার্যা' শব্দের অর্থ কী? [রা.বি. D ২০১৭-১৮]
A. ভাবি B. স্ত্রী
C. সতীন D. মা **উ: B**

505. কোনটি 'আগুন' এর সমার্থক শব্দ? [রা.বি. E ২০১৭-১৮]
A. হেম B. তপন
C. সৌদামিনী D. হুতাশন **উ: D**

506. 'মরুৎ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [রা.বি. E ২০১৬-১৭, রা.বি. A ২০১৫-১৬]
A. বাতাস B. পানি
C. মরূদ্যান D. মাটি **উ: A**

507. 'মণ্ডুক' শব্দের অর্থ কী? [ঢা.বি. A ২০১২-১৩]
A. মুণ্ডধারী B. ভেক
C. কুয়ো D. মিষ্টিজাতীয় দ্রব্য **উ: B**

508. 'চুল' শব্দের সমার্থক শব্দ কোনটি? [ঢা.বি. A ২০১৫-১৬]
A. লোচন B. শৈল
C. শম্ভু D. চিকুর **উ: D**

509. 'আদিত্য' শব্দের সমার্থক শব্দ কোনটি? [ঢা.বি. C ২০১৫-১৬, ব.বি. C ২০১৫-১৬]
A. অবনী B. বসুন্ধরা
C. অর্ক D. জলধি **উ: C**

510. 'সাগর' শব্দের কোন প্রতিশব্দজোড় সঠিক? [জ.বি. C ২০১৫-১৬]
A. সমুদ্র, স্রোতস্বিনী B. পাথার, অম্বু
C. সমুদ্র, বারীধি D. জলধি, পাথার **উ: D**

ব্যাখ্যা: অপশন A ও B প্রথমেই বাদ। কারণ অপশন A এর 'স্রোতস্বিনী' শব্দের অর্থ নদী আর অপশন B এর 'অম্বু' শব্দের অর্থ পানি। এই প্রশ্নের উত্তর নির্বাচনে শিক্ষার্থীদের মূলত সমস্যা হবে অপশন C ও D তে। কারণ অপশন C ও D এর সবগুলো শব্দই সাগর শব্দের সমার্থক হয়। তবে ভালো করে লক্ষ করলে দেখা যাবে অপশন C এর 'বারীধি' বানানটা ভুল আছে। সঠিক বানান হবে 'বারিধি'। সুতরাং সর্বোত্তম সঠিক উত্তর অপশন D.

511. 'দ্রুম' শব্দের অর্থ কী? [জা.বি. D ২০১৪-১৫]
A. উদ্ভিদ B. পুষ্প
C. অরণ্য D. ধরণি **উ: A**

512. 'চিকুর' শব্দের সমার্থক কোনটি? [জ.বি. D ২০১৫-১৬, ব.বি. D ২০১৪-১৫, ব.বি. B ২০১২-১৩]
A. কেশ B. চামচিকে
C. চিৎকার D. টিকটিকি **উ: A**

513. 'অগ্নি' শব্দের সমার্থক কোনটি? [রা.বি. E ২০১৪-১৫, বেগম রোকেয়া B ২০১২-১৩]
A. অনল B. তিমির
C. কর D. বিজলি **উ: A**

514. 'কোকিল' এর সমার্থক শব্দ কোনটি? [রা.বি. F1 ১২-১৩]
A. ধেনু B. ভূ
C. গজ D. পিক **উ: D**

515. নিচের কোনটি 'মেদিনী' শব্দের সমার্থক? [খু.বি. S ১৬-১৭]
A. পদ্ম B. পর্বত
C. পৃথিবী D. নারী **উ: C**

516. কোনটি 'পুত্র' শব্দের সমার্থক? [শা.বি.প্র.বি. A ২০১৫-১৬]
A. আত্মজা B. দুলাল
C. জনক D. সুহৃদ **উ: B**

517. কোন দুটি 'সলিল' শব্দের সমার্থক? [জা.বি. C ২০১৪-১৫]
A. বারি, অহী B. নীর, প্রাণদ
C. নীর, সরোজ D. বারি, মধুপ **উ: B**

518. 'বেসাতী' শব্দের অর্থ কী? [জা.বি C3 ইতিহাস বিভাগ ১২-১৩]
A. পোশাক B. সাজসজ্জা
C. উপকরণ D. কেনাবেচা **উ: D**

519. 'কোকনদ' শব্দের অর্থ কী? [ঢা.বি. A ২০১১-১২]
A. গোলাপ B. টগর
C. পদ্ম D. শাপলা **উ: C**

520. 'গড্ডল' শব্দের সমার্থক কোনটি? [জ.বি. B ২০১৬-১৭]
A. গোরু B. ভেড়া
C. ছাগল D. মহিষ **উ: B**

521. 'অখণ্ড' শব্দের সমার্থ শব্দ বা প্রতিশব্দ নয় কোনটি? [চ.বি. B2 ইউনিট ২০১৬-১৭]
A. সম্পূর্ণ B. অবিভক্ত
C. পরিপূর্ণ D. বিভক্ত **উ: D**

ব্যাকরণের জন্য পড়ুন সর্বশ্রেষ্ঠ বাংলা সমাধান 'অন্বেষণ'

